কুইন্সা ইন্ডিয়ান ...	১৯,৯৯,৯৯০৲ (৯৯,৯৯,১৯৫ বি	১১,৯৯,৯৯০৲	১৯৲	১৯০(স)	৯।৬৯	...	...	...	...	...
কুইন্সা ব্যাঙ্কি ...	৯৯,১১,১৯৲	৯৯,৯৯,৯৯০৲	১০৲৯ (স)	১৯৲	...	...	...	...	...	...
পাকার ব্রাদার্স ...	৯১,৯৯,৫১১৲	১,০৯,৯৯,০০০৲	১০০৲	৯৲	১১।৬৯	...	...		...	...
বিজার্ভ ব্যাঙ্ক ...	২,৯৯,৯৯,০০০৲	২,৯৯,৯৯,০০০৲	১০৲	১১ (স)	৯৯৩	১১৲	১৯৲	১১৩	১৯৯৲	১৯৯৲-১৯৭৲
জেমস মেকুলাস ব্যাঙ্ক	১৯,৯৯,১৯৲	১৯,৯৯৯৲	১০৲	১০৲(স)	১১।৬৯	...	১১৯৲-১১৯৫	১১৯৲-১১৯৫	...	১১৫৲-১১৫০
ব্যাঙ্ক অব ইন্ডিয়া ...	১,৯৯,৯৯,০০০	১,৯৯৯,৯৯৩৲	১০৲ (স)	৯৫	১১।৬৯	১৯৲	১৯৯৲	১৯১৲	১৯৯৲	১৯৯৲
ব্যাঙ্ক অব বরোদা ...	১,৯৯,৯৯,০০০	১,১৯,৯৯,১৯০৲	১০৲ (স)	৯৲ (স)	১১।৬৯	...	...	...	...	...
ব্রিটিশ ব্যাঙ্ক ...	৫৯,৯৯,০০০	১১,৯৯,০০০	১০৲ (স)	...	১১।৬৯	১১৲	...	৪৯৲	...	...
ব্রিস্টল কর্পোরেশন ...	১,১৯,৯৯,০০০	৫,৯৯,৯৯৯৲	১৯৲	১৲ (স)	১১।৬৯	...	...	...	...	...
মেট্রোপল ব্যাঙ্ক অব ইন্ডিয়া ...	৯,১৯,১৯,০০০৲	১,৯৯,১৯,০০০৲	১০৲	৯৲	১১।৬৯	৯১৲	৯৯৲	৯১৯৲	৯৯৲	৯১৯৲

যোগ প্রতিষ্ঠান

ক্র নং	আলোচ্য মূল্যের (হাজার ৳)	সম্পদ ও পরিমাণ ভিত্তিক	প্রতি ইউনিট আলোচ্য মূল্য	বর্ষ অবস্থান	সময়কাল	২১/১/১৯	২১/১/১৯	২১/১/১৯	২১/১/১৯	২১/১/১৯	শেষ আয় বছর
[illegible]											
	...	১৮,৯১,৭৮০	৯,২৩,১৮০৲	১০	৪ (খ)	৩৭৭	১৩৮০	...	...	...	...
	...	১৯,৯৫,৯৫০	৯,৩৯,৯১৬৲	৯০	৯০	১১/৯০	১১৯০	...	...	...	...
	...	৯,৩৭,৩৭০	৯,৫১,০০০৲	১০	৮	১১/৯০	১৩৮০	...	৯৯৯	...	...
	...	৯,১১,৩১১	৯,৭৭,৯৮০৲	৯	৯/০	৯/৯৯	৭৫/০	৭৫/৯-৭৯/০	...	৭৫/০	...
পুঁজিবাজার		১,৯০,০০,০০০	১,৯১,০০০৲	১০০	...	...	...	১০০৲	...	...	...
[illegible]	...	৯,৫১,১৯০ পা	৯,৭১,৯৭৯ পা	১৯ পা	১৯ দি	১১/৯১	...	১৯৫/৩	১৯৫/৩	...	...
[illegible]	...	৩০,৩৯,০০০	১১,১৯,০০০৲	১০০	৯৯	৩/৯১	...	...	...	১৯৯-১৯৯৲	...
[illegible]	...	১,১৫,৩৭,৯১০	...	১০	...	...	৯৫/৯-১৯,৯০	১৯৯,৯-১৫/০	১৫,৯-১১৲	১৫৮-১৯৯০	১৯৫/৯-১১৲
[illegible]	...	৯,৯০,০০০ পা	৯,৯১,৯৯০ পা	১ দি	১ ৯৯ (খ)	৩/৯১	৩/০	৯,৩-৯,৩০	...	৫/৩-৯,৩০	৩,৯-১৯,৩০
[illegible]	...	১৯,১১,৩৯১	৩৯,১৯,১৩১৲	১০	১৯৩০ (খ)	৩/৯১	...	...	৩১/৯-৩১৯০	...	...
[illegible]	...	৩৯,৫৫,৭১০	১৯,৩১,১৭১৲	১০	৫০	৩৯৯	১১/৯-১৯৫০	১১৫-১৯৫০	১৯,৯০	১৯৫০	১৯-৯-১১/০
[illegible]	...	৯৯,৯৯,৯৯০	১১,৯৯,৫১৯৲	১০	১৯৯	৩৯৯	৯৯৩০	১৯/৯-১৯,৯০	...	৯৯৲-১১/০	১৯৯০
[illegible]	...	১১,৯৯,৯৯০	১,৯৯,৩১৯৲	১০	৫৯৭	৩৯৯৯	১৯৲-১৯৯০	১১৯০-১১৯০	১১৯০-১৯,	১৯/৯-১৯৯০	১১৯০-১৯৯০
	...	৯৫,৯৯,৯৯০	৯,৯৯,৯৯০৲	১০	৫৯৯০	৩৯৯৯	...	১৯৯০-১০,৯০	...	১৯৯-৯০,৯০	...
[illegible]	...	৯০,১১,১৯৯	১৯,৯৯,৯৯৲	১০	৯০	৩৯৯৯	...	...	...	৯৯৲	...
[illegible]	...	১,১০,১৯১	৩,৯১,৩১১৲	১	৯৯ (খ)	১১/৯৯	৩১/০-৩১/৯	৩১/০	...	৯৲	৩১/০
[illegible]		১৫,৯৯,৯৯০	১,৯৫,৩৯৲	১০	৫৯০	৩৯১	...	...	...	৩৯,৯০	...
[illegible]	...	৯৯,৯৯,৯৯০	...	১৯০	...	...	...	...	...	...	...
[illegible]	...	১৯০,৯৯,৯৯০	৯৯০,১১৯ পা	১ পা	১ দি (খ)	১১/৯৯	...	...	...	...	১৯৫/৯
[illegible]		৯,৯৯,৯৯০	১১,১৯,১১৯৲	১৯০	১৯৯	৩৯৯৯	...	...	...	...	...
[illegible]	...	৯৯,৯৯,৯৯০	১৯,৯৯,৯৯৲	১০	৯৯ (খ)	১১/৯৯	...	৯৯৯০	১৯৲	...	...
[illegible]	...	৯৯,৯৯,৯৯০	...	১৯০	...	...	...	...	...	...	...
[illegible]	...	৯৯,৯১,৯৯০	৯,৯৯,৯৯৯৲	১০	১১ (খ)	১১/৯১	...	...	...	...	...
[illegible]	...	৯,৯৯,৯৯০	৯,৯৯,৯৯৯৲	১০০	৯৯

অগ্নি, নৌ, দুর্ঘটনা, মোটরগাড়ী ও
ভীমা সম্পর্কিত
শ্রেষ্ঠ জাতীয় বীমা প্রতিষ্ঠান
হাওড়া ইন্‌সিওরেন্স
কোং লিমিটেড
৩০নং ষ্ট্রাণ্ড রোড, কলিকাতা

আর্থিক ভারত

যে কোন প্রকার বীমার জন্য—
"জীবন", "অগ্নি", "সামুদ্রিক"
"দুর্ঘটনা" "মোটরগাড়ী" ইত্যাদি
হাওড়া ইন্‌সিওরেন্স
কোং লিমিটেড
৩০নং ষ্ট্রাণ্ড রোড, কলিকাতা।
ফোন—কলিঃ ৭৪৭

১ম বর্ষ ১১ সংখ্যা] কলিকাতা, বুধবার, ১৭ই ভাদ্র, ১৩৫৪ ১লা সেপ্টেম্বর, ১৯৪৭ [মূল্য ।৷০

সূচীপত্র

বিষয়	পৃষ্ঠা	বিষয়	পৃষ্ঠা
ভূস্বর্গের শ্বেতহস্তী	৩০৩	সম্পাদক	৩১৪
ভারত-বিভাগের সম্পত্তিগত ফল	৩০৫	বাজারের কথা	৩১৫
প্রসঙ্গিক	৩০৭	কলিকাতার বাজার	৩১৭
ষ্টার্লিং পেমেন্ট সম্পর্কে	৩০৯	ব্যবসাক্ষেত্র	৩১৯
বিবিধ	৩১০	ব্যাঙ্কিং	৩২০
ভারত-সম্মিলনের মূল কথা	৩১১	কোম্পানী	৩২১
কলিকাতা	৩১৩		

ভূস্বর্গের শ্বেতহস্তী

ভূস্বর্গ কাশ্মীরের সমস্যা আজ প্রায় ছয় মাস যাবৎ ভারতের রাজনৈতিক আকাশকে মেঘাচ্ছন্ন করিয়া রাখিয়াছে।

ক্ষমতা হস্তান্তরের অব্যবহিত পরেই পাঠানদের উপজাতীয় হানাদারদের আক্রমণ আরম্ভ হয়। অনভিবিলম্বে এই হানাদারী আক্রমণ কাশ্মীর রাজ্যের বাহিনীকে ছিন্নভিন্ন করিয়াছিলনয় তথা সমগ্র কাশ্মীর রাজ্যকেই বিপন্ন করিয়া তোলে। এই অবস্থায় নিরুপায় হইয়া কাশ্মীরের মহারাজা ভারতের সক্রিয় সাহায্য প্রার্থনা করেন এবং এতদুদ্দেশ্যে বিলম্বে ভারতীয় যুক্তরাষ্ট্রে যোগদান করেন। এই সময় হইতেই কাশ্মীরের পক্ষ হইয়া ভারতকে যে সকল ব্যবস্থাদি অবলম্বন করিতে হইতেছে, তবে যে তাহার বিরাম হইবে তাহা জানি না। অথচ কাশ্মীরে ভারতীয় সৈন্য প্রেরণের এবং কাশ্মীরের নিরাপত্তা সম্পর্কে ভারত সরকারের প্রত্যক্ষভাবে দায়িত্ব গ্রহণের ফলে ভারতীয় জনসাধারণ মানসিক উদ্বেগ এবং আর্থিক দুরবস্থার পীড়িত হইতেছে। ইতিমধ্যেই কাশ্মীরকে উপলক্ষ করিয়া ভারত ও পাকিস্তানের মধ্যে যে সংঘর্ষের সম্ভাবনা দেখা দিয়াছিল এবং শেষ পর্যন্ত আন্তর্জাতিক নিরাপত্তা পরিষদে যে জনধ্যাদাকর প্রহসন অনুষ্ঠিত হইয়াছিল ও হইতেছে এই প্রসঙ্গে তাহার পুনরুল্লেখ নিষ্প্রয়োজন। শেষ বারের জন্য মহাত্মা গান্ধী যে অনশন করিয়াছিলেন তাহার পশ্চাতেও কাশ্মীর সমস্যার অনিশ্চিত ভবিষ্যৎ সম্পর্কে একটি আশঙ্কার ভাব নিহিত ছিল। উপরন্তু আন্তর্জাতিক নিরাপত্তা পরিষদের সিদ্ধান্ত প্রকাশিত হওয়ার সঙ্গে সঙ্গেই গান্ধীজী নিহত হওয়াতে এমনও মনে হইতে পারে যে, মহাত্মা গান্ধীর উপবাসের কারণ উল্লেখ করিয়া নিরাপত্তা পরিষদে পাকিস্তানের প্রতিনিধি স্যার মহম্মদ জাফরুল্লা খান যে বক্তৃতা করেন তাহাও অনেকটা মহাত্মাজীর নিকট অসত্য উপাখ্যানের অনুরূপ শ্রবণ হইয়াছে। মার্কিন চিত্র হইতে কাশ্মীরের সমস্যা যেন এইরূপে ভারতীয় জনসাধারণকে বিস্মৃত করিয়া ফেলিয়াছে—আর্থিক দিক দিয়াও যেমনি মানসিক দিক হইতে অধিকতর ব্যয় বরাদ্দ অপরিহার্য করিয়া কেন্দ্রীয় বাজেটে ঘাটতির সৃষ্টি করিয়াছে।

রাজ্যবিশেষের উপলক্ষে কোন-বিশেষ দিনে, মাসে, বর্ষে ভারতের এই স্বেচ্ছাকৃত ক্ষতিস্বীকারের যৌক্তিকতাকে লক্ষ্যে না করিয়া পারা যায় না। এ উক্তির দ্বারা অবশ্য আমরা কাশ্মীর সমস্যার গুরুত্ব লাঘব করিতে প্রয়াস পাইতেছি না। কাশ্মীরের বর্তমান দুর্বিপাকে মহারাজা ভয় অপসৃত হওয়া রাজনীতির দিক হইতে তো বটেই—মানবতার দিক হইতেও নিতান্ত আবশ্যক। কিন্তু আমাদের প্রশ্ন হইল কাশ্মীরের ব্যাপারে ভারতীয় হস্তক্ষেপের প্রকৃতি সম্বন্ধে। কাশ্মীরের সীমান্তে উপজাতীয় আক্রমণের তীব্রতা সম্পর্কে ভারত সরকারের পূর্ণ হইতে অবহিত থাকা উচিত ছিল অবশ্য এই দোষ মুখ্যতঃ কাশ্মীরের মহারাজা এবং তাঁহার শাসনযন্ত্রের। কিন্তু পাকার কাশ্মীরের পথে পাকিস্তানী চর ভারত অভিযানের সম্ভাবনা সম্পর্কে ভারত সরকার যে হুঁশিয়ার হন নাই—আইনের চোখে তাহা অযৌক্তিকতা না হইলেও ইহা কোনমতেই রাজনৈতিক দূরদর্শিতার পরিচায়ক হয় নাই।

কাশ্মীর কর্তৃপক্ষ এবং ভারত সরকার উভয়েই যে যথাসময়ে সতর্ক সন্ধান না করিবার দায়ে কতটা দোষী কাশ্মীর পরিস্থিতি সম্পর্কে ভারতসরকার কর্তৃক প্রকাশিত শ্বেতপত্রই সেপায় হইতে নিষ্প্রয়োজন অংশগুলিই তাহার প্রমাণ দিবে। হানাদারী আক্রমণের ইতিহাস

প্রসঙ্গে যোগাইট লেখায় বলা হইয়াছে, "১৪ই আগস্টের পরই ঈদ ও জম্মু আক্রমণের প্রাথমিক কার্যকলাপ আরম্ভ হয় এবং তাহার মহারাজা ও কাশ্মীরবাসী অনেকেই ভারতীয় যুক্তরাষ্ট্রে যোগদানের দাবি গ্রহণে বাধ্য হন। ১৯৪৭ সালের ২৯এ আগস্ট হাজারা জেলার বালাদের তরফ হইতে রাজা ট্রিলোকুন খাঁর নামক জনৈক ব্যক্তি ঈদের মহারাজার নিকট একখানি তারবার্তা প্রেরণ করেন। উক্ত তারবার্তায় এই অভিযোগ জানান হয়, পুঞ্চের মুসলমানদের উপর দমন চলিতেছে। হাজারার মুসলমান সমাজ ইহাতে অত্যন্ত বিচলিত পড়িয়াছেন। আপনার সৈন্যবাহিনীর সহিত সংগ্রামে অবতীর্ণ ন জন্য আমরা সম্পূর্ণভাবে প্রস্তুত। আপনাকে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ জন্য অনুরোধ জানান হইতেছে—অন্যথায় ইহার ফলাফল সকেই ভোগ করিতে হইবে। তারা সেপ্টেম্বর নাগ করিয়া ছানী জেলাগুলি হইতে বহুলোক খোপনে কাশ্মীর রাজ্যে ঢুকিয়া ছে বলিয়া সংবাদ পাওয়া যায়। পাকিস্থান কর্তৃপক্ষকে এই ' জানান করা হইলে তাঁহারা উহা সম্পূর্ণভাবে অস্বীকার করে।"

খোনে আমাদের জিজ্ঞাস্য হইল কাশ্মীর সীমান্তের উল্লিখিত । ভারত সরকার কবে সময়ে পাইয়াছিলেন কিনা। আমাদের এই জানা করিবার কারণ কাশ্মীরে সৈন্যপ্রেরণের পরিকল্পনা প্রস্তুতের রেত সরকার ১৪এ অক্টোবরে নিম্নোক্ত প্রশ্ন করেন। এই সম্পর্কে টন লেখায় বলা হইয়াছে, "ডিফেন্স কমিটি অব্ দ্য ক্যাবিনেট কর্তৃক রত এক বৈঠকে জানিতে পারা যায় যে, গত ১৪এ অক্টোবর চর সেনাপতি সংবাদ পাইয়াছেন যে নিরাপত্তারক্ষার অধিকৃত ন্য। সেই সময় পর্যন্ত কাশ্মীরে সৈন্যপ্রেরণের কোন পরিকল্পনা না।" অথচ জম্মু ও কাশ্মীরের জেনারেল অফিসার কমান্ডিং ৎশের ৫ই প্রকাশ যে গত ৬ষ্ঠ সেপ্টেম্বর শ্রীনগর মন্ত্রণাকক্ষে পুঞ্চ অঞ্চলে দস্যু ও ইংরি পরিহিত এবং চানড়া ও জলের বর্শে সজ্জিত ৫০০ তীয় লোকের সন্ধান পাওয়া যায়। নৌশেরাতেও অনুরূপ সন্ধানের উল্লেখ করিয়া রিপোর্টে বলা হইয়াছে "প্রয়োজনীয় করার পর রাজ্যের সৈন্যবাহিনী ১৫ই অক্টোবর উহা তাদের সমূহ ইউনিফরম্ পরিহিত ৪।৫ হাজার হানাদারকে এই বেলা যায়। ১৮ই অক্টোবর কোটলিপুক রাস্তা ভাঙ্গিয়া বেলা ভীষণ যুদ্ধ হয় এবং চাম্বার হইতে পাকিস্থান সীমান্ত পর্যন্ত আক্রমণাত্মক প্রস্তুতি বেলা যায়।" এত সব ঘটিবার পরেও । রাজা যে ভারতীয় যুক্তরাষ্ট্রে যোগদান করিতে ২৬এ অক্টোবর কেন বিলম্ব করিয়াছে তাহা ভাবিয়া আমরা বিস্ময় বোধ রি।

ঃশের ভারতীয় সৈন্য প্রেরণের পরেও ভারতসরকার কাশ্মীরের র যেরূপ মানসিক অনিশ্চয়তার পরিচয় দিয়াছেন তাহারও কোন ন্তা আমরা খুঁজিয়া পাই না। উপজাতীয় বর্বরতার বিরুদ্ধে ার রক্ষায় কাশ্মীরে সৈন্যপ্রেরণ করার পরে পাকিস্থানের সহিত রকার আলাপ আলোচনার পথে যে আপোষ নিষ্পত্তির চেষ্টা ছেন, তাহা নিতান্তই অসঙ্গত। ইহাতে একদিকে যেমন কাশ্মীরের ধানারে ভারতীয় হস্তক্ষেপের নীতিগত ভিত্তি দুর্বল হইয়াছে, অন্যদিকে তেমনি উপজাতীয় আক্রমণকারীগণ ভারত সরকারের মনোভাবে দুর্বলতা লক্ষ্য করিয়া উৎসাহিত বোধ করিয়াছে। ঠিক এই সময়েই আবার শেখ আবদুল্লা এবং ভারত সরকারের পক্ষ হইতে কাশ্মীরের আভ্যন্তরীণ শাসনব্যবস্থা সংস্কারের উপর বিশেষভাবে গুরুত্ব আরোপ করার ফলে সুদূরপ্রসারী প্রতিক্রিয়ার সৃষ্টি করিবার পথে প্রতিবন্ধক সৃষ্টি হইয়াছে।

কাশ্মীরের ভারতীয় যুক্তরাষ্ট্রে যোগদানের সিদ্ধান্তকে ভারত সরকার কাশ্মীরের সংগ্রামের সমর্থনলাভের অন্যতম করেন। স্থির হয় রাজা হইতে হানাদারগণ বিতাড়িত হইলেই গণভোট গৃহীত হইবে এবং অন্তর্বর্তীকালে একটি জরুরী শাসন ব্যবস্থার অধীনে সংগ্রাম চলিতে থাকিবে। ইতিমধ্যে কাশ্মীরের ভূতপূর্ব দেওয়ান পণ্ডিত রামচন্দ্র কাককে গ্রেপ্তার করা হয় এবং কাশ্মীর ভারতীয় সম্মেলনের সভাপতি শেখ আবদুল্লার অধিনায়কত্বে জরুরী শাসন পরিষদ স্থাপন করা হয়।

সীমান্ত হইতে হানাদার বিতাড়নের পক্ষে অত্যাবশ্যকভাবে উপরিউক্ত ব্যবস্থাই যথেষ্ট বলিয়া বিবেচিত হওয়াই উচিত ছিল। কিন্তু শেখ আবদুল্লা পুনঃ পুনঃ ঘোষণা করিতে থাকেন যে অবিলম্বে মহারাজার হস্ত হইতে পূর্ণ ক্ষমতা জরুরী শাসন পরিষদে স্থানান্তরিত হওয়া আবশ্যক। এই প্রসঙ্গে তিনি রাজ্যের নবনিযুক্ত দেওয়ান লালের হাইকোর্টের ভূতপূর্ব বিচারপতি শ্রীযুক্ত মেহেরচাঁদ মহাজনের পদত্যাগ দাবী করেন। এই সম্পর্কে দিল্লীর এক সাংবাদিক সম্মেলনে শেখ আবদুল্লা কিছুদিন আগে যে হতাশাব্যঞ্জক উক্তি করেন তাহার উল্লেখ করিলেই আমাদের বক্তব্য সহজে বুঝা যাইবে বলিয়া আশা করি। শেখ আবদুল্লা বলেন, "বর্তমান শাসন ব্যবস্থার অধীনে কাশ্মীরবাসীদের অকথিত দুঃখকষ্ট সহ্য করিতে হইয়াছে। গত সতেরো বৎসর ধরিয়া আমরা এই শাসন ব্যবস্থার বিরুদ্ধে সংগ্রাম করিয়া আসিয়াছি। যে পর্যন্ত না আমি কাশ্মীরিদের কোন কল্যাণ সাধন করিতে পারি, ততক্ষণ পর্যন্ত জনসভার সমক্ষে 'দারিদ্র আনার' বলিয়া ঘোষণা করার কোন লাভ নাই। বর্তমানে দারিদ্র আনার নয়।"

বলা বাহুল্য, শেখ আবদুল্লার এই উক্তি কাশ্মীরের জনসাধারণ এবং তথায় অবস্থানকারী ভারতীয় সৈন্যবাহিনীর মধ্যে একটা পারস্পরিক সন্দেহের ভাব সৃষ্টি করিতে প্রভূত সাহায্য করিয়াছে এবং আন্তর্জাতিক নিরাপত্তা পরিষদে কাশ্মীরে ভারতীয় কার্যকলাপের ভিত্তিকেও দুর্বল করিয়াছে। তাছাড়া হানাদারগণ, তথা মুসলিম লীগের প্রচারকার্যও, ইহাতে অযথা উৎসাহ লাভ করে। হানাদারদলের কার্যকলাপ সম্পর্কে পাকিস্থান সরকারের মনোভাব ব্যক্ত করিতে যাইয়া পাকিস্থান কর্তৃপক্ষ কাশ্মীরের সংখ্যাগরিষ্ঠ মুসলমান প্রজাকুলের উপর হিন্দু রাজার অত্যাচারকেই দায়ী করিয়াছেন। এ বিষয়ে কোন সন্দেহের নাই যে মহারাজার বিরুদ্ধে শেখ আবদুল্লার অভিযোগের উদ্দেশ্য লীগের প্রচার কার্যের উদ্দেশ্য হইতে সম্পূর্ণই পৃথক ছিল। কিন্তু প্রকাশ্যে এবং অসময়ে এইরূপ অসতর্ক উক্তি করায় যথেষ্ট ক্ষতি হইয়াছে।

কিন্তু উহার অপেক্ষাও অধিক ক্ষতির কারণ হইয়াছে কাশ্মীরের ব্যাপারকে আন্তর্জাতিক নিরাপত্তা পরিষদে প্রেরণ করা। এই সিদ্ধান্তের উদ্দেশ্য ছিল নিরাপত্তা পরিষদের পক্ষ হইতে পাকিস্তানকে নিম্নরূপ নির্দেশ প্রদান করিবার প্রস্তাব :

(১) পাকিস্তানের সামরিক ও বেসামরিক কর্মচারীদিগকে জম্মু ও কাশ্মীর রাজ্য আক্রমণ সহায়তা করা হইতে বিরত রাখা।

(২) পাকিস্তানের অন্যান্য লোকদিগকে জম্মু ও কাশ্মীর আক্রমণ হইতে বিরত রাখা।

(৩) কাশ্মীরের বিরুদ্ধে আক্রমণ চালাইবার জন্য হানাদারদিগকে পাকিস্তানের মধ্য দিয়া পথ ছাড়িয়া যাহাতে না দেওয়া হয় তাহার ব্যবস্থা করা।

এখানে উল্লেখযোগ্য যে হানাদারগণের সহিত পাকিস্তানের যড়যন্ত্র সম্পর্কে ভারতের পক্ষ হইতে পুনঃ পুনঃ অভিযোগ করা হইলেও পাকিস্তান কর্তৃপক্ষ কোনদিনই এই অভিযোগ স্বীকার করেন নাই। প্রত্যক্ষভাবে কাশ্মীরের ঘটনাবলীর জন্য দায়িত্বও তাঁহারা স্বীকার করেন নাই। এ অবস্থায় উপরিউক্ত অভিযোগ লইয়া আন্তর্জাতিক পরিষদের দ্বারস্থ হইবার যে কি সার্থকতা থাকিতে পারে, তাহা আমরা ভাবিয়া পাই না। তাছাড়া ইতিপূর্বে কাশ্মীর সম্পর্কে ভারত ও পাকিস্তানের মধ্যে সরকারীভাবে অনুষ্ঠিত এক আলোচনা প্রচেষ্টা ব্যর্থ হইবার পরে বোঝা হয় যে, কাশ্মীর সম্পর্কে স্থানীয় সামরিক সিদ্ধান্তকেই চূড়ান্ত বলিয়া মনে করা হইবে। ইহারই অব্যবহিত পরে সমস্ত প্রশ্নটিকে নিরাপত্তা পরিষদের দরবারে উপস্থিত করা হয়। ভারত সরকারের এইরূপ অদূরদর্শিতাচ্ছিন্নতা কেবলমাত্র তাঁহাদের নিজেদের দুর্বলতাই প্রকাশ করিয়াছে। সুতরাং অবিলম্বে ভারতীয় বাহিনীর অপসারণের জন্য এবং পাকিস্তান ও উপজাতীয়দের সহিতএকটি মীমাংসায় উপনীত হইবার জন্য নিরাপত্তা পরিষদ ভারতীয় প্রতিনিধিদের কাছে যে সুপারিশ জ্ঞাপন করিয়াছেন তাহাতে আমরা ক্ষুব্ধ হইলেও বিস্মিত হই নাই। আন্তর্জাতিক নিরাপত্তা পরিষদ যে লীগ অভ নেশন্‌স্‌-এরই এক নূতন অভিব্যক্তি এবং সেই কারণেই আন্তর্জাতিক শক্তিগুলির পারস্পরিক প্রতিদ্বন্দ্বিতার ক্ষেত্রবিশেষ, তৎসম্পর্কে আমাদের কোন ভ্রান্ত ধারণা কোনকালেই ছিল না। এখন দেখিয়া খুশী হইতেছি যে আন্তর্জাতিক সঙ্ঘের অধুনাতন সাধারণ সম্পাদক মঃ লাই আদর্শ অনুসরণে কাজ না হওয়াতে আন্তর্জাতিক পরিষদ সম্পর্কে তাঁহার হতাশা প্রকাশ করিয়াছেন। কিন্তু বিলম্ব হইলেও ভারতীয় প্রতিনিধিদলও দেশে প্রত্যাবর্তন করিয়া নিরাপত্তা পরিষদ সম্পর্কে তাঁহাদের অনুরূপ অভিজ্ঞতার কথাই ব্যক্ত করেন। অতএব নিরাপত্তা পরিষদে কাশ্মীর সম্পর্কিত বিতর্কে অংশ গ্রহণ করিবার জন্য ভারতীয় প্রতিনিধি দল পুনরায় লেক সাকসেসে যাইতেছেন জানিয়া আমরা খুব আনন্দিত বোধ করিতে পারিতেছি না। মন্ত্রীবিশেষের মর্য্যাদার জন্য একটা ভুল সিদ্ধান্তকে আঁকড়াইয়া থাকা কোন মতেই সুবিবেচনার কাজ নহে।

ইতিমধ্যে কাশ্মীরে যে আন্তর্বর্তীকাল শাসনব্যবস্থা সাধিত হইয়াছে তাহাতে পুনরায় নিরাপত্তা পরিষদে যাওয়ার প্রয়োজন কমিয়াছে বই বাড়ে নাই। এই নববিধান বংশপরম্পরাগত নিয়মতান্ত্রিক শাসনকর্তার অধীনে প্রাপ্তবয়স্কের ভোটাধিকারের ভিত্তিতে পূর্ণ গণতান্ত্রিক শাসন ব্যবস্থা প্রবর্তনের অভিপ্রায় জ্ঞাপন করিয়াছে। স্থির হইয়াছে বর্ণ ও সম্প্রদায় নির্বিশেষে কেবলমাত্র যোগ্যতার ভিত্তিতেই সকল কাশ্মীরবাসীকে সামরিক ও অসামরিক সর্বপ্রকার চাকুরীতে গ্রহণ করা হইবে। পূর্ণ গণতান্ত্রিক ব্যবস্থা প্রবর্তনের প্রারম্ভিক উদ্যোগ হিসাবে শেখ আবদুল্লার অধিনায়কত্বে এক মন্ত্রিসভা গঠিত হইয়াছে। মহারাজার ঘোষণান অনুযায়ী এই মন্ত্রিসভার একজন সদস্যরূপেই থাকিবেন। রাজ্য সংবিধান সভার সঙ্গে সঙ্গে শাসনতন্ত্র রচনাও পূর্বাহ্নেই আরম্ভ হইয়া গিয়াছে। এ অবস্থায় পুনরায় নিরাপত্তা পরিষদের দ্বারস্থ হওয়ার পক্ষে যে কি যুক্তি থাকিতে পারে তাহা আমরা ভাবিয়া পাইতেছি না।

ভারত-সিংহল বাণিজ্যের গতি

১৯৪৭ সালের ভারত-সিংহল বাণিজ্যের সংখ্যাতাত্ত্বিক হিসাব সম্প্রতি আমাদের হস্তগত হইয়াছে। ঘরের সহিত এই বাণিজ্যিক তুলনা পাঠ করিলে সিংহল-ভারতের বিশ্বসম্পর্কে নৈরাশ্যজনক অবস্থাটির গত যুদ্ধে জাপানের পরাজয়ের পর ভারতের পক্ষে বহির্বাণিজ্যের যে সম্ভাবনা দেখা দেয়, তাহা যে ক্রমশ দূরে সরিয়া যাইতেছে, ভারত-সিংহল বাণিজ্যের সাম্প্রতিক গতি লক্ষ্য করিলে এই মনে করিলে অন্যায় হইবে না। যুদ্ধের মধ্যে ভারতবর্ষ সিংহলের যে বহির্বাণিজ্যে যে স্থান অধিকার করিয়াছিল, সে স্থান ক্রমশই তাহার হাতের মুঠা ছাড়িয়া দিতে হইতেছে।

সরকারী বাণিজ্যিক তথ্য হইতে জানিতে পারা যায় যে, সিংহলের বহির্বাণিজ্যে বৃটেন ক্রমে ক্রমে ভারতের স্থান দখল করিতেছে। ১৯৪৪ সালে বৃটেন হইতে সিংহলে যে সমুদয় মাল রপ্তানী করা হয় তাহার মোট মূল্য ছিল ৬৮,১২৯ লক্ষ টাকা। ১৯৪৭ সালে উহা বৃদ্ধি পাইয়া ১৫৩,৯৭৩ লক্ষ টাকায় দাঁড়ায়। অষ্ট্রেলিয়া হইতে সিংহলে মাল রপ্তানীর পরিমাণও ক্রমশ বৃদ্ধি পাইতেছে। ১৯৪১ সালে সিংহল অষ্ট্রেলিয়ার রপ্তানী বাণিজ্যের মূল্য ছিল ৬৯,১২৯ হাজার টাকা। ১৯৪৭ সালে উহা ১১৭,৮০০ হাজার টাকায় বৃদ্ধি পাইয়াছে। এইভাবে একদিকে বৃটেন ও অষ্ট্রেলিয়া ক্রমশ সিংহলের বহির্বাণিজ্যের প্রধান আসন দখল করিতেছে, অন্যদিকে ভারতের সঙ্গে সিংহলের বাণিজ্য সম্পর্ক ক্রমশ শিথিল হইয়া আসিতেছে। ১৯৪৪ সালে ভারত হইতে সিংহলে রপ্তানী বাণিজ্যের মূল্য ছিল ১৬৭,৩৩১ হাজার টাকা। ১৯৪৭ সালে এই সংখ্যা হ্রাস পাইয়া ১১৬,৭০০ হাজার টাকায় আসিয়া দাঁড়াইয়াছে। গত বৎসরের প্রথমার্ধে ভারত হইতে সিংহলে রপ্তানী বাণিজ্য ২.৪ কোটি টাকা হ্রাস পায়। ১৯৪৬ সালের প্রথম ছয় মাসে সিংহলের আমদানী বাণিজ্যের শতকরা ৩৪.৩ ভাগ ভারতের করতলগত ছিল। ১৯৪৭ সালের প্রথমার্ধে উহার পরিমাণ হ্রাস পাইয়া শতকরা ১৯ ভাগে আসিয়া দাঁড়ায়। সিংহল হইতে ভারতে আমদানী দ্রব্যের পরিমাণও এই সময়ের মধ্যে যথেষ্ট হ্রাস পাইয়াছে। মোটা রকমেরই অবনতি পরিলক্ষিত হয়। বৃটেন সিংহলের আমদানী ও রপ্তানী বাণিজ্যের অধিকাংশ এইভাবে নিজের করতলগত করিয়া যে স্পষ্টই দেখা যাইতেছে যে, বৃটেন ও অষ্ট্রেলিয়ার সঙ্গে প্রতিযোগিতায় ভারতবর্ষ কোনক্রমেই আঁটিয়া উঠিতে পারিতেছে না এবং ক্রমশ যে তাহার রপ্তানী বাজার বন্ধুদের আশা বিসর্জন দিতে হইতেছে।

সিংহল মূলত একটি কৃষিপ্রধান দেশ। চা, রবার ও নারিকেল জাত দ্রব্যাদি সিংহলের প্রধান সামগ্রী। এই সকল

রপ্তানী করিয়া সিংহল বিদেশ হইতে নিম্নলিখিত পণ্য দ্রব্য আমদানী করে : খাদ্যশস্য, কয়লা, পাকসজী, তৈলবীজ, তুলাবস্ত্র, চিনি, তামাক, কফি, কয়লা, দুর্ভিক্ষাণ্ড দ্রব্যাদি, লৌহদ্রব্য, কাগজ্বব্য, পশুতন্তু, বস্ত্রপাতি ও অন্যান্য বস্তুনির্দিষ্ট দ্রব্যাদি। সিংহলের সমস্ত বাণিজ্যের পরিমাণ ক্রমশ বৃদ্ধি পাইতেছে। যুদ্ধের পরে মোট বাণিজ্যের মূল্য ২৬৭,৮১৯ হাজার টাকা হইতে ১,২৫৭,১৮৭ হাজার টাকায় উন্নীত হইয়াছে। আমদানী ও রপ্তানী বাণিজ্য পৃথকভাবেও বৃদ্ধি পাইয়াছে। যুদ্ধপূর্ব কালে সিংহলের রপ্তানী বাণিজ্যের মূল্য ছিল ৩০৪,১৬৮ হাজার টাকা। এই সংখ্যা বৃদ্ধি পাইয়া ১৯৪৫ ও ১৯৪৬ সালে যথাক্রমে ১৯৭,৯১৮ হাজার ও ৭১৭,৮৪৬ টাকায় উঠে। ১৯৩৯ সালে সিংহলের আমদানী বাণিজ্যের মূল্য ছিল ১৪৭,৯৫১ হাজার টাকা। এই সংখ্যা বাড়িয়া ১৯৪৫ ও ১৯৪৬ সালে যথাক্রমে ৭৭১,৪৯১ হাজার ও ৬০১,০৮২ টাকায় উঠে। ১৯৪৭ সালের সিংহলের রপ্তানী ও আমদানী বাণিজ্যের মূল্য ছিল যথাক্রমে ৮৫১,৩৯৮ হাজার ও ৯৯১,১৭৮ হাজার টাকা। বিগত কয়েক বৎসর ধরিয়া সিংহলের বহির্বাণিজ্যে আমদানী অপেক্ষা রপ্তানীর পরিমাণ ছিল অধিক। ১৯৪৭ সনে এই বাণিজ্যের উদ্বৃত্তের মূল্য ছিল ১১৬,৮৫০ হাজার টাকা। পরবর্তী কয়েক বৎসরে উহা যথেষ্ট হ্রাস পাইলেও ১৯৭৯ সালে উহার মূল্য ছিল ১৯১,১৮৮ হাজার টাকা। ১৯৫৭ সালে সিংহলের বহির্বাণিজ্যের রূপ অনেক পরিবর্তিত হয়, রপ্তানী অপেক্ষা আমদানীর পরিমাণ অনেক বাড়িয়া যায়। এই বৎসর বাণিজ্যের ঘাটতির মূল্য দাঁড়ায় ৮৮,২৭২ হাজার টাকা। বাণিজ্যের গতির এই পরিবর্তনের প্রধান কারণ এই যে, গত বৎসর আমদানী দ্রব্যের মূল্য বৃদ্ধি পায়। উহা ছাড়া ১৯৫০ সালে রবারের রপ্তানী যথেষ্ট পরিমাণ হ্রাস পায়। ১৯৪৯ সালে সিংহল হইতে বিদেশে যে পরিমাণ রবার রপ্তানী করা হয়, তাহার মূল্য ছিল ১১৬,৬৮২ হাজার টাকা। ১৯৫৭ সালে এই সংখ্যা ৫৭,০৮২ হাজার টাকায় হ্রাস পায়। এইভাবে রপ্তানী বাণিজ্যের যথেষ্ট পরিমাণ সঙ্কোচ সাধিত হওয়ায়, সিংহলের সম্মুখে বর্তমানে উৎপাদন বৃদ্ধি ও রপ্তানী বাণিজ্য বিস্তৃতির সমস্যাই প্রধান স্থান অধিকার করিয়াছে।

গত যুদ্ধের পূর্ব হইতেই সিংহলের বহির্বাণিজ্যে ভারতবর্ষ উল্লেখযোগ্য অংশ গ্রহণ করে। ১৯৩৮ সালে সিংহলের আমদানী বাণিজ্যের শতকরা ১১.৭৭ ভাগ ভারতের দখলে ছিল। যুদ্ধের ফলে বিভিন্ন সিংহল-ভারত বাণিজ্যিক সম্পর্ক দৃঢ়তর হয়। ১৯৪৩ সালে সিংহলের আমদানী বাণিজ্যের শতকরা ৪০.৯৭ ভাগ ভারতবর্ষ কর্তৃক নিয়ন্ত্রিত হয়। পরবর্তী কয়েক বৎসর এই শতকরা হার হ্রাস পায় এবং ১৯৪৭ সালে উহা ১২.৮-এ আসিয়া দাঁড়ায়। জাহাজে স্থানাভাব ঘটায় এবং যুদ্ধের জন্য বিভিন্ন দিক হইতে একপ্রকার বিচ্ছিন্ন হইয়া পড়ায়, সিংহলকে ভারতের পরিবর্তে অন্যত্র নির্ভর করিতে হয়। ভারতবর্ষ এই সময় অতি প্রয়োজনীয় খাদ্যদ্রব্যাদি যুদ্ধপ্রাপ্ত হওয়া সত্ত্বেও, সিংহলের অভাব পূরণের জন্য ভারত যথাসাধ্য চেষ্টা করিয়াছে। মনে রাখা প্রয়োজন যে, ১৯৪৩ সালে যখন বাংলা দেশে ৩৫ লক্ষ নরনারী খাদ্যাভাবে প্রাণত্যাগ করে, সেই বৎসরও ১,৪১৮ টনের চাউল সিংহলে রপ্তানী করা হয়। পূর্ববর্তী দুই বৎসরও সিংহলের জন্য ভারত হইতে যথাক্রমে ১৮৭৩ ও ৬,৭১৬ টন চাউল প্রেরিত হয়। অধুনা ভারতবর্ষকেই বিদেশ হইতে উচ্চমূল্যে খাদ্য ক্রয় করিতে হইতেছে, সুতরাং বর্তমানে সিংহলে খাদ্য প্রেরণ করা একপ্রকার অসম্ভব হইয়া পড়িয়াছে। কিন্তু তাহা সত্ত্বেও ১৯৪৬ সাল পর্যন্ত ডাল, মৎস্য, কলমূল ও পাকসজী সিংহলে রপ্তানী করা হয়।

সিংহলের বহির্বাণিজ্যে ভারতবর্ষ কিরূপে ক্রমে উল্লেখযোগ্য আসন অধিকার করে, পশুতন্তুর ব্যাপারেই তাহা সর্বাপেক্ষা উজ্জ্বলরূপে ফুটিয়া উঠে। ১৯৩৮ সালে সিংহল বাহির হইতে যে পশুতন্তু রপ্তানী করা হয়, তাহার মধ্যে কোরা বস্ত্রের শতকরা ১.০৭ ভাগ, রঙীন বস্ত্রের শতকরা ৬১.১৮ ভাগ ও ধোলাই বস্ত্রের শতকরা ১৭.৫৫ ভাগ ভারতবর্ষ হইতে প্রেরিত হয়। ১৯৪৭ সালে এই সংখ্যা বৃদ্ধি পাইয়া যথাক্রমে ৯৬.৭৮, ২৮.৪৫ ও ৫৭.৬১তে উঠে। কোরা বস্ত্রের রপ্তানীতেই সর্বাপেক্ষা অধিক উন্নতি পরিলক্ষিত হয়, তাহার কারণ প্রধানত এই যে যুদ্ধের পূর্বে জাপানের হাতেই কোরা বস্ত্র সরবরাহের একচেটিয়া ভার ছিল। যুদ্ধের সময় জাপানী সরবরাহ বন্ধ হওয়ায় ভারতের পক্ষে সিংহলের বস্ত্রের বাজার দখল করা সহজ হইয়া পড়ে।

সিংহলের রপ্তানী বাণিজ্যে ভারতবর্ষ কোনদিনই তেমন গুরুত্বপূর্ণ আসন অধিকার করিতে পারে নাই। যুদ্ধের পূর্বে সিংহলের রপ্তানী বাণিজ্যের শতকরা ৩.৪১ ভাগ ভারতের দখলে ছিল। ১৯৪৫ সালে উহা বৃদ্ধি পাইয়া মাত্র ৪.১৬৫ দাঁড়ায়। ইহার কারণ এখানেও এই যে, সিংহল কৃষিপ্রধান দেশ বলিয়া সিংহলের পণ্যদ্রব্যের অধিকাংশই ভারতে উৎপন্ন হয়। সিংহল হইতে ভারতবর্ষে শুধু বারিফেলজাত দ্রব্যাদি, মশলা ও রবার সরবরাহ করা হয়। সম্প্রতি ইহার পরিমাণ অনেকাংশে হ্রাস পাইয়াছে। সর্বশেষ তথ্য হইতে জানিতে পারা যায় যে, সিংহলের রপ্তানী বাণিজ্যের আট ভাগের তিন ভাগ ব্রটেনের দখলে। ব্রটেনের পর মার্কিন যুক্তরাষ্ট্র সিংহলের রপ্তানী বাণিজ্যে উল্লেখযোগ্য অংশ গ্রহণ করে।

এখন প্রশ্ন হইতেছে, সিংহল-ভারত বাণিজ্যের ভবিষ্যৎ কি? ভারতবর্ষ কি সিংহলের বহির্বাণিজ্যে উল্লেখযোগ্য অংশ গ্রহণ করিতে পারিবে না? ভারতবর্ষ ও সিংহল উভয়েই সম্প্রতি স্বাধীনতা অর্জন করিয়াছে। দুইটি রাষ্ট্রেই অদূরভবিষ্যতে ব্যাপক শিল্পোন্নয়ের সম্ভাবনা। সুতরাং ইহা আশা করা অসঙ্গত নহে যে শীঘ্রই সিংহল ও ভারতের মধ্যে ঘনিষ্ঠ বাণিজ্যিক সম্পর্ক স্থাপিত হইবে। ভারতবর্ষে বর্তমানে খাদ্যশস্যের একান্ত অভাব, সুতরাং বিদেশে খাদ্য প্রেরণ এখন সম্ভব নয়। বেশ কিছুদিনের ফলে তুলা, পাট প্রভৃতি কাঁচা মালের অভাবও ভারতবর্ষে পরিলক্ষিত হইতেছে, সুতরাং উহাও রপ্তানী করা অসম্ভব। কয়লা, লৌহ, ইস্পাত, সিমেন্ট প্রভৃতি ভারতের শিল্পোন্নয়নের জন্য অপরিহার্য বলিয়া এই সকল দ্রব্যও বর্তমানে সিংহলে রপ্তানী করা সঙ্গত নয়। তবে রেশম ও পশমজাত দ্রব্য, কাগজেট, কয়লা প্রভৃতি বর্তমানে সিংহলে প্রেরণ করা চলে। কফি, রবার, মশলা প্রভৃতি এখনও সিংহল হইতে আমদানী করা সম্ভব। বর্তমানে এইভাবে উভয় দেশের মধ্যে বাণিজ্যিক সম্পর্ক স্থাপিত হইলে, শিল্পোন্নয়নের সঙ্গে সঙ্গে তাহা সুদৃঢ়তর হইবার আশা আছে। "ভারতবর্ষকেই আজ এ বিষয়ে অগ্রণী হইতে হইবে, কারণ পার্শ্ববর্তী দেশ সিংহলের বাজারও যদি ইঙ্গ-মার্কিন রাষ্ট্রের করতলগত হয়, তবে ভারতের পক্ষে চিন্তিত হইবার কারণ আছে।

প্রাসঙ্গিক

ভারত সরকারের শিল্পনীতি

সম্প্রতি কেন্দ্রীয় পরিষদে এক প্রশ্নোত্তরপ্রসঙ্গে ভারত সরকারের শিল্পনীতি বা তাহাপ্রসঙ্গে মুখার্জি কেন্দ্রীয় সরকারের শিল্পনীতি সম্পর্কে যে বিস্তৃত বিবরণ দিয়াছেন, তাহাতেও সরকারী নীতির মূলতঃ কোন পূর্বের মতই মোটামুটি রহিয়া গেল। তিনি বলেন যে, বালিকানার ভিত্তিতে শিল্পসমূহ তিন শ্রেণীতে বিভক্ত হইবে। প্রথম শ্রেণী শিল্পের মালিক হইবে রাষ্ট্র এবং ইহা সম্পূর্ণভাবে রাষ্ট্রের পরিচালনাধীন আসিবে। দ্বিতীয় শ্রেণী শিল্পসমূহে বর্তমান ব্যবস্থা বহাল থাকিবে কিন্তু পরে রাষ্ট্র তাহাদের পরিচালনভার গ্রহণ করিবেন। তৃতীয় শ্রেণী শিল্পসমূহ কেন্দ্রীয় সরকার, প্রাদেশিক সরকার অথবা স্থানীয় সরকার কর্তৃক নিয়ন্ত্রিত হইবে। কিন্তু সরকারের এই বিভিন্ন শিল্পনীতিতে কেবলমাত্র সরকারী মালিকানার প্রকারভেদ সম্পর্কেই বলা হইয়াছে এবং একান্তভাবে ব্যক্তিগত মালিকানার অধীন অথবা আংশিকভাবে ব্যক্তিগত এবং আংশিকভাবে রাষ্ট্রের মালিকানা সম্পর্কে কিছুই বলা হয় নাই। অথচ 'মিশ্র অর্থনীতি' বা 'মিশ্রিত ক্ষেত্রীয় পন্থা' সম্পর্কে ইতিপূর্বে আমরা যাহা শুনিয়াছিলাম তাহা হইল মিশ্র ব্যক্তি ও রাষ্ট্রের যুক্ত মালিকানা। লৌক্তিক সম্মেলনে সম্প্রতিকালে ভারতের মালিকানার প্রশ্নে তাহা সরকার একান্ত ভাবে সরকারী মালিকানার নীতি ঘোষণা করেন, তাহাতে মিশ্র অর্থনীতির রূপ স্পষ্টতর হইয়া উঠে। আমরা আশা করিয়াছিলাম, ডাঃ মুখার্জিও এই মিশ্র অর্থনীতির উপর ভিত্তি করিয়াই ভারতের শিল্পনীতির বিশ্লেষণ করিবেন।

এই প্রসঙ্গে ডাঃ মুখার্জি বিনিয়োগ সম্পর্কে সরকারী নীতি এবং উৎপাদনের সমস্যা বিস্তৃত করেন। বিনিয়োগের জন্য বহুত বাস বাজারে অর্থের বিতরণ ভাগে প্রচুর হয় কিন্তু প্রকৃত সমস্যা অর্থের নয় একটি বিশেষ কাঠামো বিষয়ক হইয়াছে। এই বহুত বালের উপর প্রাদেশিক সরকারগুলির আয়কর হইলেও বৈজ্ঞানিক গবেষণার ব্যাপারে শিক্ষা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় এবং গবেষণা প্রতিষ্ঠানসমূহের আবেদন প্রবণে বিবেচনা করা হইবে স্থির হইয়াছে। উন্নত আমেরিকান যন্ত্রের ক্রয় সম্পর্কে ডাঃ মুখার্জি বলেন, পাঁচ কোটি ডলার পর্যন্ত বিদেশের অর্থ ভারতে থাকিবে। এতদ্ব্যতিত অর্থ ভারত ও আমেরিকার অথবা সরকারে বন্টিত হইলেও আমেরিকার অংশের টাকা আমেরিকায় যাইতে পারিবে না। ভারত সরকারের পরামর্শ অনুসারে ভারতেই কোন অর্থনৈতিক অনুষ্ঠানে তাহা ব্যয় করিবার ব্যবস্থা হইবে।

উৎপাদনের সমস্যা বিস্তৃত করিতে যাইয়া শিল্পমন্ত্রী মুখার্জি শিল্পে শান্তি বজায় রাখিবার উপর জোর দেন। উৎপাদন প্রচেষ্টায় শিল্পে শান্তির গুরুত্ব আমরা অস্বীকার করি না। কিন্তু কেবলমাত্র ইহার জোরেই উৎপাদন বজায় থাকিতে পারে না। দৃষ্টান্তস্বরূপ বলা যায় শ্রমিক এবং মালিকের দুষ্টুমিপূর্ণ ও মালিকদের অর্থনিয়ন্ত্রণ উল্লেখ করা যায়। বাস্তবক্ষেত্রে অভাবে লক্ষ লক্ষ টন কয়লা খনির উপরে অনেকদিন পড়িয়া থাকে এমনকি তাহার সম্ভাবনাকে কাটাইতে পারিলেই উৎপাদন পরিমাণ হয় তাহা বৃদ্ধি পাইবে। বাজেটের পরিচয় সাম্প্রতিক বাজেট অধিবেশনে এই সম্পর্কে অর্থমন্ত্রীর দৃষ্টি করিয়া আমরা আলোচিত হইয়াছি। ভারতের অর্থনৈতিক সমস্যা সম্পর্কে ডাঃ মুখার্জি যে বক্তৃতা করিয়াছেন তাহা উল্লেখযোগ্য :

তিনি বলিয়াছেন, "আমাদের প্রাকৃতিক সম্পদ অফুরন্ত নয়—সুতরাং অর্থনৈতিক ব্যবস্থায় ভারতবর্ষকে নিশ্চয়ই শিল্পের দেশে পরিণত করা চলিবে। সঙ্কটকালে ভারতের উৎপাদন যতটা ভারতের তুলনায় অনেক কম। আবার অন্যান্য দেশের তুলনায় ভারতের চাহিদাও কম। দুইকালে জনসংখ্যাই বিরাট প্রশ্নের সৃষ্টি করিয়াছে। কিন্তু দুর্ভাগ্যজনক যে বর্তমানে অবস্থা এমন দাঁড়াইয়াছে যে, শিল্পের প্রত্যেকটি ক্ষেত্রে বিশেষভাবে সজাগ না হইলে উৎপাদন হ্রাস পেতে পারে।"

পূর্ব বঙ্গের উদ্বাস্তু এবং ভারত সরকার

যে অবস্থার মধ্যে পশ্চিম পাকিস্তান হইতে উদ্বাস্তু আগমন ভারতে চলিয়া আসিয়াছে, পূর্ব বঙ্গে এখনও তাহার উদ্ভব হয় নাই। পূর্ব বঙ্গে কোনরূপ হাঙ্গামাও হয় নাই, অথবা প্রবল বিক্ষোভের আত্মপ্রকাশ ঘটে নাই। কিন্তু আর্থিক চাপ এবং মুখ্যতঃ মুসলমান রাষ্ট্রে সংখ্যালঘু মুসলমানদের প্রাধান্য স্থাপন রাষ্ট্রের উৎকট রোগ যে নূতন সামাজিক সংস্কার উদ্ভব হইয়াছে, তাহাতে সরকারী কর্মচারি হিন্দুরা অকস্মাৎ ভীতিকাঠামোর একটি উপায় হইতে বঞ্চিত হইয়াছে। এরূপ অবস্থায় নিজেদের অস্তিত্ব রক্ষার জন্যই হয় কর্মচারি হিন্দু পরিবারে পশ্চিম বঙ্গে আসিয়াছে এবং আরও বেশী সংখ্যায় আসিতে বাধ্য হইবে বলিয়া আশঙ্কা হইতেছে। সম্প্রতি এক সাংবাদিক সম্মেলনে পশ্চিমবঙ্গের প্রধানমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় পূর্ববঙ্গ হইতে আগত হিন্দুদের মোট সংখ্যা ৮ হইতে ১০ লক্ষ হইবে বলিয়া অনুমান করেন। সম্প্রতি প্রাদেশিক কংগ্রেস কমিটির সভাপতি শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র ঘোষের মতে মোট আগন্তুকদের মধ্যে কেবলমাত্র কলিকাতাতেই দুই লইয়াই আড়াই লক্ষ লোক আসিয়াছে। সম্প্রতিকের প্রায় সপ্তাহ সময়ের মধ্যে আগন্তুক অবস্থায় করিয়াছে।

পূর্ব বঙ্গ হইতে আগত উদ্বাস্তু হিন্দুদের সম্পর্কে ডাঃ রায়ের অনুমানকে আমরা চূড়ান্ত বলিয়া মনে করিতে পারিতেছিলাম। আগন্তুকদের মোট সংখ্যা এরূপেক্ষা অধিক হইবে বলিয়াই আমরা মনে করি। তাহারা যেরূপ মানসিক বৈধব্যযুক্ত আচরণ পাকিস্তান সরকার তাহাদের হিন্দুদের প্রতি প্রকাশ করিতেছেন, তাহাতে অচিরেই আরও প্রার্থীদের সংখ্যা যে বেশুমার বৃদ্ধি পাইবে সেবিষয়ে আমরা নিশ্চিন্ত। আমাদের আরও মনে হিন্দুদের নিকট হইতে বেশুমার অর্থ আদায়, যে সকল হিন্দু এখনও পূর্ব বঙ্গে শিল্প ও ব্যবসা-বাণিজ্য চালাইতেছে, তাহাদের নিকট হইতে আতঙ্কের মাধ্যমে জন করিয়া বিপুল অর্থ আদায় ও তাহাদিগকে পীড়ন, পাকিস্তান গভর্নমেন্ট কর্তৃক ব্যাপকভাবে হিন্দুদের গাড়ী দখল, ব্যাপকভাবে হিন্দুদের বন্দুক লাইসেন্স ও বন্দুকের বাজেয়াপ্ত এবং সেই সকল বন্দুক মুসলিম আনসার বাহিনী ও মুসলিম লীগ স্বেচ্ছাসেবক বাহিনীদিগকে প্রদান, বিভিন্ন প্রকারে মাতৃভূমি ত্যাগে অনুপ্রেরণা ও অর্থনৈতিক নিরাপত্তার ব্যবস্থা ব্যাপারের ফলে পূর্ব পাকিস্তানে হিন্দুদের জীবনযাত্রা নির্বাহ একরূপ অসম্ভব হইয়া পড়িয়াছে।

এই অবস্থায় পূর্ব বঙ্গ হইতে আগত হিন্দুদের জন্য কেন্দ্রীয় সরকারের উদ্বাস্তু পুনর্বসতি পরিকল্পনা সম্পূর্ণ পরিবর্তন করার আবশ্যকতা দেখা দিয়াছে। এই সম্পর্কে পূর্বঙ্গ সাধারণতন্ত্র নিউজলেটারে প্রকাশিত যে প্রস্তাব করা হইয়াছে তাহা উল্লেখযোগ্য। প্রস্তাবে নিম্নোক্ত প্রস্তাব করেন যে (১) সাধারণ পুনর্বসতির সমস্যার সমাধানকল্পে বিভাগের, এবং পাকা অধিকারে কলিকাতার প্রতিষ্ঠা করা হউক (২) কেন্দ্রীয় সরকারের সাহায্য ও পুনর্বসতি ব্যবস্থার ব্যবস্থা সুবিধা পূর্ব পাকিস্তান হইতে আগত ব্যক্তিদিগকে দেওয়া হউক, (৩) পূর্ব বঙ্গ হইতে আগত পাকিস্তানের বেআইনীদের ব্যবস্থা করা হউক। (৪) কেন্দ্রীয় সরকার যা পশ্চিম বঙ্গ সরকার বাস্তুহারা উদ্বাস্তুদের যে সকল পরিকল্পনা কার্যে পরিণত করিতে আসছে হইলেন পূর্ব পাকিস্তান হইতে আগত কতিপয়ের প্রতিনিধিদের ঐ সকল কার্যক্রমের যথাযোগ্য সঙ্গে নিয়োগের ব্যবস্থা করিয়া করা হউক।

উপরিউক্ত প্রস্তাবগুলির সঙ্গে সঙ্গে আমরা কেন্দ্রীয় পরিষদে পশ্চিমবঙ্গের প্রতিনিধি পরিলক্ষীকান্ত মৈত্রের মন্ত্রিসভা ভারতের উদ্দেশে করিতেছি। উদ্বাস্তু পুনর্বসতি প্রশ্নের যাহে যথাযথ ও বহুত আলোচনা কালে তিনি বক্তব্য করেন, তিনি মন্ত্রিসভাকে আমাদের নিকট ভারতীয় মন্ত্রিসভাকে কোনরূপ বিস্তৃত করিবার অভিপ্রায় আমার নাই পূর্ববঙ্গের হিন্দুদের জন্য আমি মন্ত্রিসভাকে পূর্ব ব্যবস্থা গ্রহণ করিতে বলিতেছি না। তবে আমি এই কথা বলিতেছি যে, অবশ্য সমস্যা সম্পূর্ণ সমাধান করা পরিষদের ক্ষমতা। মন্ত্রিসভা অথবা এই পরিষদ ব্যাপারে অন্য কর্তৃপক্ষের উপেক্ষা প্রদর্শন করিতে পারে না। বস্তুতঃ দুঃখের ইতিহাস কুরু কুরু কালে যেরূপ যাইতেছে এখনও ইহা কুরুক্ষেত্রের রূপ ধারণ করিতে কিন্তু কে বলিতে পারে—কখন ইহা প্রচণ্ড সন্তাপ করালমূর্তিতে আত্মপ্রকাশ করিবে এবং সমস্ত দেশকে গ্রাস করিয়া ফেলিবে? তখন এমন অবস্থার উদ্ভব হইতে যে, তাহা ভারতে আসা আমাদের সকলে সাধ্যাতীত হইবে। আমি মন্ত্রিসভার অর্থসচিব এ উপলক্ষ্যে এই পরিস্থিতির বিষয় আমি দেখিতে অনুরোধ করিতেছি।"

[illegible] সংখ্যালঘিষ্ঠদের প্রদেশে উচ্চতর পশ্চিম প্রথম বার তা বিধান তত্ত্ব করা সম্ভব হইয়াছে। যে পশ্চিম বঙ্গে আসন্ন সমস্যা থাকায় সমাধি এখনে কেন্দ্রীয় সরকার [illegible] করিয়াছেন। এই সম্পর্কে কথিত সবিশেষ যে তত্ত্ব পশ্চিম বঙ্গ সরকারের পক্ষ হইতেও [illegible] একটি বিবৃতি দেওয়া হইয়াছে। তাহাতে বলা হয়েছে একটি জেলাকে একটি টাকা সেক্টর বা সাব্যস্ত সংগঠন করিবার একটি পরিকল্পনার [illegible] সরকারের অনুমোদনক্রমে করা হইয়াছে। পশ্চিম বঙ্গে অবস্থান ও বিহার উৎপন্ন করার জন্যই করিবার তত্ত্ব পশ্চিম বঙ্গ সরকারের কেন্দ্রীয় সরকার করিয়া লইয়াছেন বলিয়াও [illegible]

কিন্তু আমরা তাহা বিশ্বাস করিতে পারি না। [illegible] যে এরূপ সুদূরপ্রসারী ব্যবস্থাদির কথা [illegible] আসিয়া, পশ্চিম বঙ্গ সরকারের ইহাতে পূর্ব বঙ্গ হইতে আগত বিহারাগতদের [illegible] তাহাদের সরকারের বাসিন্দা প্রকৃত [illegible] সম্প্রসারণের [illegible] করিবার তত্ত্ব [illegible] সরকারকে অনুরোধ করা। আমরা পশ্চিম [illegible] করিবার [illegible] প্রতি তাহাদের [illegible] করিতেছি।

খুলনার বিমানঘাঁটি

[illegible] হইতে সম্প্রতি যে করিবার তত্ত্ব [illegible] হইতে আরও করিয়া হইয়াছে, বিরোধের [illegible] করিবার একাধিক মেজর আলোচনা [illegible] কিন্তু [illegible] আমাদের [illegible] সরকারের [illegible] কোন [illegible] [illegible] [illegible]

বিশেষ প্রবন্ধ

বৃটেনের রপ্তানী বাণিজ্য

যুদ্ধের ফলে বৃটেনের আর্থিক ব্যবস্থায় এক গভীর সঙ্কটের সৃষ্টি হয়। আত্মরক্ষার প্রয়োজনের জন্য বৃটেনের পক্ষে বিদেশ হইতে বিপুল পরিমাণে গোলন্দাজ ও কামানের আমদানী অপরিহার্য। যুদ্ধপূর্ব যুগে বিদেশে বিনিয়োজিত মূলধনের সুদের বিনিময়ে বৃটেন প্রয়োজনীয় আমদানী করিত। তাহা ছাড়া অধিকাংশ উপনিবেশে বৃটেনের নিকট ঋণী ছিল। সুতরাং বিদেশ হইতে প্রয়োজনীয় খাদ্যদ্রব্য ও কাঁচামালের আমদানীতে তেমন কোন বিঘ্ন উপস্থিত হয় নাই। এতদ্ব্যতীত ইহাও বলা প্রয়োজন যে যুদ্ধোত্তর যুগে বৃটেনে উৎপাদনের গতি ছিল অব্যাহত। এই সকল কারণেই আর্থিক সঙ্কটের আবির্ভাব তখন এতদূর ব্যাপী রূপ লইতে পারে নাই।

কিন্তু যত যুদ্ধের মধ্যে উপনিবেশিক ব্যবস্থার মৌলিক পরিবর্তন ঘটে। যুদ্ধের ফলে বৃটেনের বিদেশস্থ ব্যালকভাবে বিক্রীত হয়, বিদেশে বিনিয়োজিত মূলধনের অধিকাংশে বিক্রীত হয় এবং উত্তর্ব হইতে ইংলণ্ডের অবস্থানে পরিবর্তন হয়। এই ভাবে বৃটেন এক গভীর সঙ্কটের সম্মুখীন হয়। যুদ্ধপূর্ব যুগের অতি প্রয়োজনীয় দ্রব্যাদির আমদানীর পরিমাণ অব্যাহত রাখিতে হইলেও বৃটেনের পক্ষে রপ্তানী বাণিজ্যের বিপুল প্রসার অত্যাবশ্যক হইয়া পড়ে। যুদ্ধাবসানের পর হইতে বৃটেনে আর্থিক নীতির মূল উদ্দেশ্য দাঁড়ায় উৎপাদন বৃদ্ধি ও রপ্তানী বাণিজ্যের বিস্তৃতি। বৃটেনের পক্ষে ইহা জীবন মরণের প্রশ্ন হিসাবেই দেখা দেয়।

১৯৪৭ সালে বৃটেনের রপ্তানী বাণিজ্যের বিপুল প্রসার ঘটিয়াছে। গত বৎসর বৃটেনের রপ্তানী বাণিজ্যের মোট মূল্য ছিল ১,১৩৭,০০০,০০০ পাউণ্ড। ১৯৩৮ সালের তুলনায় এই সংখ্যা আড়াই গুণ অধিক। ১৯৪৭ সালের প্রথম ছয় মাসে বৃটেনের রপ্তানীর পরিমাণ যুদ্ধপূর্ব পর্য্যায়ের বেশী উপরে উঠিতে পারে নাই। কিন্তু গত সেপ্টেম্বর মাসের মধ্যে উহা ১৯৩৮ সালের তুলনায় শতকরা ১১৪ ভাগ ও ডিসেম্বরের মধ্যে শতকরা ১১৭ ভাগ উপরে উঠে। অধিকন্তু ডিসেম্বর মাসে রপ্তানীর পরিমাণ যুদ্ধোত্তর যুগের তুলনায় শতকরা ২০ ভাগ বৃদ্ধি পায়।

গত বৎসর রপ্তানীকৃত যন্ত্রপাতির মূল্য দাঁড়ায় ১৭,৭০০,০০০ পাউণ্ড, বৈদ্যুতিক দ্রব্যাদির মূল্য দাঁড়ায় ৪,০০০,০০০ পাউণ্ড। যন্ত্রপাতি পমপী দ্রব্য এবং লৌহ ও ইস্পাতজাত দ্রব্যাদির মূল্য যথাক্রমে ৮,৬০০,০০০ ও ৮,০০০,০০০ পাউণ্ডে উঠে। ১৯৩৮ সালে বৃটেন ৩১,২৩১,১৭৪ পাউণ্ড মূল্যের ১,৩৩৩,২৩১,০০০ গজ সুতীবস্ত্র রপ্তানী করিয়াছিল। ১৯৪৭ সালে এই সংখ্যা যথাক্রমে ৪৪,৪০০,০৪১ ও ৪৩১,১৪১,০০০-তে দাঁড়ায়।

বৃটেনের ১৯৪৭ সালের রপ্তানী বাণিজ্য বিশ্লেষণ করিলে দেখা যায় যে, রপ্তানী তালিকার পরবর্তী দুইটি দ্রব্য প্রধান ৭টি অধিকার করে, যন্ত্রপাতি, যানবাহন, লৌহ ও ইস্পাত, তুলা, রাসায়নিক দ্রব্য ও পরিধেয় বিলুপ্তরের তালিকা করে। ১৯৩৮ সালে বৃটেনের সমগ্র রপ্তানীর শতকরা ৬০ ভাগ ছিল এই দ্রব্যাদি। ১৯৩৮ ও ১৯৪৭ সালের সমগ্র রপ্তানীর মধ্যে এই দ্রব্যের পরিমাণ ছিল যথাক্রমে শতকরা ৫৭ ও ৬৪ ভাগ।

যদিও ১৯৪৭ সালে বৃটেনের রপ্তানী বাণিজ্যের বিপুল বিস্তৃতি ঘটে, তবুও রপ্তানী আমেরিকা অত্যন্তই পরিমাণ অধিক বাকিয়া যায়। ১৯৪৭ সালের মোট রপ্তানীর মূল্য যেখানে ছিল ১,১৩৭,০০০,০০০ পাউণ্ড, সেখানে মোট আমদানীর মূল্য দাঁড়ায় ১,৮৭১,০০০,০০০ পাউণ্ড। এই ভাবে দেখা যায় যে বৃটেনের বাণিজ্যিক পরিধি আরও বর্ধিত করিতে হইবে।

এই সমস্যার মূলে কারণ এই যে, বৃটেন আজ তাহার রপ্তানী বাণিজ্য প্রধানতঃ ডলার দেশগুলির জন্য সীমাবদ্ধ রাখিতে উৎসুক। রাজনৈতিক কারণে বৃটেন তাহার আর্থিক নীতি মার্কিন অর্থনীতির অধীনে করিতে চাহিতেছে। তাহার ফলেই সমগ্র বাণিজ্য প্রধানতঃ ডলার দেশগুলির সহিত সীমাবদ্ধ রাখিতে বৃটেন রাজনৈতিক কারণে বৃটেন তাহার আর্থিক নীতি মার্কিন অর্থনীতির অধীনে করিতে চাহিতেছে। তাহার ফলেই সমগ্র বাণিজ্য প্রধানতঃ ডলার দেশগুলির সহিত সীমাবদ্ধ রাখিতে বৃটেনের পক্ষে সম্ভব হইতেছে না, কিন্তু তাহাতে প্রতি অতিরিক্ত আমদানির ফলে বৃটেনে বিভিন্ন উৎপাদক দ্রব্যগুলি পর্যাপ্ত পরিমাণে যোগান দেওয়া সম্ভব হইতেছে না। সুতরাং যে সকল দেশ হইতে অত্যাবশ্যক আমদানী করিতে হইবে, এখন বিদেশের সেখানে তাহা উৎপন্ন হয় বলিয়া বৃটেনের উপর আর তাহাদের বিক্রয় করিতে হয় না। এই ভাবে এই সকল দেশে বৃটেনের রপ্তানী বাজার বন্ধনমুক্ত হইয়া পড়িয়াছে।

তাহার ফলেই যুদ্ধের পরে বৃটেন সমগ্র বাণিজ্য মূলত ডলারের বিনিময়ে যে নীতি গ্রহণ করিয়াছে, তাহার আর একটি উল্লেখযোগ্য পরিণতি হইয়াছে এই যে বৃটেনের রপ্তানী দ্রব্যের মূল্য ক্রমে বৃদ্ধি পাইতে চলিয়াছে। বর্তমান পৃথিবীতে একমাত্র মার্কিন যুক্তরাষ্ট্রই সমগ্র অর্থনৈতিক পৃথিবীর চাহিদা মিটাইতে সক্ষম। আমেরিকার উৎপাদক দ্রব্যের মূল্য অন্যান্য দেশের তুলনায় উঁচুই। ফলে অধিকাংশ দেশই আমেরিকার সহিত বাণিজ্যসম্পর্ক স্থাপন করিতে চাহুক। এই ভাবে ডলার দেশগুলিতে সকল প্রকার দ্রব্যের সরবরাহ বৃদ্ধি পাওয়ায় বৃটেনের সহিত তাহাদের ব্যবসা হ্রাস পাইবে। ইতিমধ্যেই বৃটেনে মালের অর্ডার হ্রাস করিয়া দেওয়া হইয়াছে। স্বয়ং ইংলণ্ডের কিলার সমিতি সম্প্রতি প্রকাশ করিয়াছেন যে গত কয়েক মাসের মধ্যে রপ্তানীর পরিমাণ অনেক হ্রাসপ্রাপ্ত হইয়াছে এবং বিদেশে মাল বিক্রয়ের অবস্থা কঠিন হইয়া দাঁড়াইতেছে। তিনি আরও বলিয়াছেন যে, যদি পণ্যের মূল্য কমানো হয় না, তবে ইহাই আশঙ্কা করা যায়, তাহা হইলে শীঘ্রই বৃটেনের রপ্তানী বাজার বন্ধ হইয়া যাইবে। অতি প্রয়োজনীয় রপ্তানি আমদানীর জন্য ডলার যোগাড় করিয়া পাওয়া যাইবে না। এখন তাহা প্রয়োজন যে বৃটেনের বাণিজ্য আরও বিস্তৃতি লাভ করিয়াছে এবং অর্থসঙ্কটের পরিমাণও হ্রাস পাইয়াছে। এই সকল কারণেই আজ শ্রমিক সরকার নতুন করে ট্রেড ইউনিয়নের বিরুদ্ধে নির্দেশ অস্ত্রোপচার করিতেছেন।

বৃটেনের এই সঙ্কট ভয়াবহ। বৃটেন যদি আর্থিক পুনরুত্থানের রাজনৈতিক অস্ত্রের ভূমিকা হাল করিয়া স্বাধীনভাবে তাহার বাণিজ্য পরিচালনা করিতে পারে ও বিদেশে বিক্রয় হ্রাস করিয়া আমদানী খরচ উৎপাদ বৃদ্ধির কাজে নিযুক্ত হইতে পারে, তাহা হইলে এ সঙ্কটের সমাধান কঠিন নহে। কিন্তু বর্তমান পরিস্থিতিতে বৃটেন তাহা করিতে কতদূর সক্ষম হইবে সে বিষয়ে সন্দেহ আছে।

ক্যালকাটা কমার্শিয়াল ব্যাঙ্ক লিঃ

(রিজার্ভড ও লিমিটেড)

"কমার্শিয়াল হাউস"—১৩, নেতাজী সুভাষ রোড, কলিকাতা।

— ডিরেক্টর বোর্ড —

এস, সি, চক্রবর্তী, ডিরেক্টর, ক্যালকাটা টিল কারখানেশন লিঃ, বেঙ্গল কটন মিলস্ লিঃ, বেঙ্গল কটন ফিনিশিং লিঃ প্রভৃতি।

ডেঃ সি মুখার্জ্জী, ফুলপুর এগ্রিকালচারিষ্ট অফিসার, কলিকাতা করপোরেশন, ডিরেক্টর-ক্যালকাটা ফেডারেল সিমেন্ট কোং লিঃ প্রভৃতি।

রায়বাহাদুর জি, জি, মোরাইকা, প্রোপ্রাইটর—মোরাইকা এণ্ড মিলস্ : ডিরেক্টর—দি বেঙ্গল ইনসিওরেন্স এণ্ড-রিয়েল এষ্টেট কোং লিঃ, বায়মেটিক ডিরেক্টর—মোরাইকা ব্রাদার্স লিঃ, মোরাইকা এষ্টেটস্ এণ্ড ইন্সেট লিঃ, মোরাইকা ষ্টাফ বেনিফিট এণ্ড প্রভিডেণ্ট ফোং লিঃ।

জি, এল, বসু, পাটনার, এ্যাবাস কটন এণ্ড কোং।

বি, সি, মোহ, এম-এল-এ, ডিরেক্টর, ক্যালকাটা ইনসিওরেন্স কোম্পানী লিঃ।

এল, বসু, (ম্যানেজিং ডিরেক্টর)

(শুভাঙ্কের টাকার অঙ্ক)

অনুমোদিত মূলধন	...	...	৫০,০০,০০০৲
বিক্রীত মূলধন	...	...	১২,৭৫,০০০৲
আদায়ীকৃত মূলধন	...	...	১২,৩৭,৫০০৲
সঞ্চয়	...	...	৭,০০,০০০৲

কে, এল, সেন

দিগন্ত

গাহীরিক অসুস্থতার জন্য গত সংখ্যার "আমিক ও শিক্ষক" লিখিতে পারি নাই বলিয়া যথা ছিলাম করিয়াছেন। তাঁহারা বলিলেন, ঃ বোধহয়ের অভাবও ঃ লিখিতে পারিলে" তাঁহাদের মনে, একবার যখন একটা বিষয়ের ঘটকাইয়া দেছ, তখন কিছুতেই তাহা হইতে ত অব্যাহতি দেওয়া হইবে না। মুক্তকণ্ঠে ও আন্তরিকতার আমার সম্বন্ধে প্রীতি বহ হইয়াছে, সংশয় নাই। কিন্তু আমি বঞ্চিত ছ। এই শুধু কথার কথা নয়। প্রকৃতই বঞ্চিত ছ' বন্ধুর এমনতর ধারণাটি নিছকভাবেই ঠা আমি মোটেই ঠিক বুঝি না। এতদিনের চেষ্টার কাজ করিবার অধিকারই যদি বন্ধুদের ক. তবে হইল কৈশোরবেলার সাহচর্য্যের অনুযায়ী ত উচিত ছিল। "শিক্ষক" হয়ে কিংবা "কিন্তু শিক্ষক" লিখিতে প্রকৃতি একটা শিক্ষাই কাজের কথা নয় ছন্দের ঐশ্বর্য্যসন্ধানে বিচলিত হইয়াছি এবং একটা ইঙ্গিতকে আর একরূপ বিশ্লেষ করিবার সম্ভাবনার কথা ভাবিতেছি।

• • • •

[illegible] বন্ধুর মনের অন্তর হইতে তাহা সাধে বিষয় ছাড়া অতিরিক্ত কিছুর প্রতি তাহার অন্তরঙ্গতার বিশেষ উপাদান করিবার মত সময় খুব বেশী ঘটে না। তাই একান্তের ঘটা অন্তরটির জন্য মনে মনে খুশী হইয়া সময় ভিন্ন বাঁধিয়া রাখে প্রচুর অবসর। তা নাই। বাঁধন কাটার খেয়া বাজিবার নাই। তাহার নিজেই অবসরবিহীন বাস্তবী শিক্ষক" লিখিবার অবসর নাই। সময় ভিন ন্য করিতে পারার জন্য সে কি আক্ষে ন আকাঙ্ক্ষার শেষ সীমায় পৌঁছিয়া গেছি। বাস্তব অতিরিক্ত আকাঙ্ক্ষা নয়। যদিও আমি াই, একেবারে "উদাসীন" নই, তবু উপকরণের কথা—"স্বাধীন" দেশের দুঃখ-দা বিধাতার মনে রহিয়াছে। দেশবাসের কথা, কথা, সাংবাদিকদের কথা, লেখকদের কথা ামের। অধিকের কথা, সব কিছুই আমার । ভিন্ন পরিচয়ে বিধাতার স্মরণ করিয়াছে। লেখাই আমাদের জন্য অযোগ্য জানিয়া া হইলেন—অসংখ্যজনের জন্য তাঁহাদের অসংখ্যজনের জন্যই তাঁহাদের আয়োজন। বিধাতে সজ্ঞানবিচারে কোথাও তাঁহাদের নাই, এমনই তাঁহারা আত্মবিস্মৃতিপূর্ণ, যারা দেখিয়াছেন। তাঁহারা আমাদের করিয়া তাঁহারা বলিয়াছি, আমি আমার ক ভিন্ন [illegible]

ভুলিবেন, যদি সবাই একসঙ্গে তর্ক করিতে আসিয়া দুয়ার করে আসিয়া বসিবেন, তাহা হইলে এই দুর্ভাগা দেশের নীতিবীর, কর্মবীর, সমাজহিতৈষীর বে-আব্রুগুলির সঙ্গে তাঁহাকে তুলাইতে পারিতাম, তাহাদের যে অল্প আয়তনটুকু তাহাতে তাহা সজ্ঞানবিচার সম্বন্ধেও অন্যান্য খুব বেশী সজ্ঞ করিতে পারেন নাই। ভুলিতে ভুলিতে পরিচয়ের রোমাঞ্চ হইত। কিন্তু তাঁহাকে কাছের কাছে পাইবার উপায় নাই, তাঁহাকে শুধু কেবল তাঁহার কাছে মনে মনে প্রার্থনা করিতে পারি, তাঁহার কাছে অভিযোগ করিতে পারি এবং সর্বশেষে উচ্চ চীৎকারে তাঁহার অবধান জাগাইতে পারি "হে ঈশ্বর, আমাদের দেশে অপূর্ণ এবং বিচিত্র যাহা কিছু ঘটিতেছে, তাহারই প্রধান হইতেছে তোমার করুণা অন্ধ এবং তুমিই বন্ধ!"

• • • •

কিন্তু ইহা তো জানিতেছি, ঈশ্বর তোমার ও আমার অবধা হইতে পারিবেন। তাঁহা হইলে কি করিবেন। ইহার কিছুই করিবার নাই। "বিধাতার ও অসোমাহীন সংসারের কথা উচ্চকণ্ঠে ঘোষণা করিয়া নাকে দইল তৈল প্রদান করিয়া নিদ্রা যাইতে পারি। আমার বিরুদ্ধে সংসার, কেন সংসার একান্তভাবে ইহার পরিচয় হইত না। কিন্তু অসাধ্য প্রতিপন্ন যে করিতে থাকিবার তাহাতে সংশয় নাই—আমাই হউক, অথবা যখন সবাই আরও খারাপ হয় নাই, তখন তখন নিন্দা নিশ্চয়ই। অন্তরে বর্ষাকালের অন্ধকারাচ্ছন্ন বিভাবরীর জন্যই তখনকার বিকট কৃষ্ণতা জাগন করিতেছি। তাঁহাকে বলিতেছি এই বিভাবরীকে যে তুমি আরও অন্ধকার করিয়া তোল নাই ইহাতেই তোমার করুণা প্রকাশ পাইয়াছে। হে ঈশ্বর, তুমিই ধন্য।

• • • •

ইহার পূর্বে আমি বলিয়াছিলাম, আমাদের দেশে জীবনের সর্বস্তরে খাঁটি মানুষের অভাব নাই। সেকথা সত্য। সংখ্যায় তাঁহারা হয়ত খুব বেশী নয়, কিন্তু তাঁহারা হইলেও প্রবল করিবার ক্ষমতা তাই বলিয়া তাঁহাদের কম নয়। নেতাদের মধ্যে, মধ্যে, সাংবাদিকদের মধ্যে, লেখকদের মধ্যে সর্বত্রই তাঁহারা ছড়াইয়া আছেন। দুঃখ তাঁহারা পাইতেছেন, কিন্তু তাঁহাদের মর্যাদাও তাঁহারা করিতেছেন। তাহা যদি না হইত তাহা হইলে বঞ্চনার অন্ধকারিমাকে বাস করিতে এত কল্পনাপ্রবণতা শুধু প্রকাশের জন্য কিছুতেই মেলিতে

• • • •

[illegible] দুয়ারে দুয়ারে তাহাদের একজন বি পুরুষের বিরোধের ঘটিল। মৃত্যুকালে তাঁহার ব হইয়াছিল মাত্র ৭৮ বৎসর। "মাত্র" শব্দটি আ ইচ্ছা করিয়াই ব্যবহার করিয়াছি। তাঁর মৃত্যুতে শিল্পে "শিল্পকলা বেঙ্গল সার্বিক বিজ্ঞান" প্রতি করিয়া যে দূরদর্শিতায় ও সৌন্দর্যবুদ্ধির পরি দিয়াছিলেন, তাহাদিগকে সার্বিক শিক্ষার বি করিয়া তোলার জন্য জীবনব্যাপী যে অক্লান্ত পরি করিয়াছিলেন, সকল দেশে সকল কালের প্রতি জীবন দেশবিদেশ পরাস্ত তাঁহার যে আদর ছিল, তাহা ব করিয়াই মাত্র ৭৮ বৎসর বয়সে তাঁহার মৃত্যু দেশবাসী দেখিবারের করিবে। তাঁর মৃত্যুর তার সঙ্গেই এত বিশাল সার্বিক আবিষ্কার পরি ভার প্রাথমিক ও মাসিকের সার্বিক শিক্ষা প্রতিষ্ঠার ভার সকল হইয়াছিল। কিন্তু তাঁহার মেধির আত্মশক্তির গৌরবে বিশ্বের দরবারে প্রতিষ্ঠা হইবে, রাজদরবারে গৌরবীয় আসনে পরিচয়ের জন্য বাঙ্গের মেধির আমার প্রতি শ্রদ্ধা ও সম্মান প্রদর্শনে সীমা থাকিবে না, তাঁর মৃত্যু তাঁহার জীবনের ও চিরকাঙ্ক্ষার মিলটি দেখিতে পাইতেছেন। ইহাই দুঃখ। কিন্তু সেই অসাধারণ গৌরবের বিষয়টি তাঁহারই যে ভক্তি ও শ্রদ্ধাভরে এই বাস্তবটি সম্ভব করিবে, তাহাতে সংশয় নাই।

• • • •

সংশোধনের সকল শ্রীযুক্ত দেবীপ্রসাদ খৈত শুধু যে কৃতী আইনজীবী ছিলেন তাহাই নয় তাঁহার প্রতিভা বহুমুখী ও কর্মের পরিধি বিস্তৃত ছিল। তাঁহারই মূলত পালনের প্রবর্তনে তাঁর সমবেদনার মূলা দেশবাসী তরুণ ইতিমধ্যে বহু পরিচয় হইয়াছে। ব্যবসায় থেকে শ্রীযুক্ত খৈত প্রচুর পরিমাণে ধনার্জন করিয়াছিলেন এবং সঙ্গেই প্রচুর সঞ্চয়ও লাভ করিয়াছিলেন দেবীপ্রসাদ বাংলাদেশে অবস্থান করিয়াছিলেন এ কলিকাতায় নিজস্বাস্ত করিয়াছিলেন। তিনি কোনদিন নিজেকে স্বদেশপরিচয়ের লোক বলি মনে করেন নাই। বাংলাদেশের সর্বাঙ্গীণ প্রতিষ্ঠার সাধন তাঁহার যোগ ছিল ও এই প্রচেষ্টার অন্যান্য সকল প্রচেষ্টার তাঁহার সমানুভূতি ছিল। ইহার জন্য দেবীপ্রসাদের মৃত্যুতে বাঙ্গালীমাত্রেই-

ভারত-পাকিস্থান শুল্ক সমস্যা

উভয় ডোমিনিয়নের মধ্যে বাণিজ্য চলাচল সম্পর্কে ভারত ও পাকিস্থান গবর্ণমেণ্ট যে সমস্ত ব্যবস্থাদির আরোপ করিয়াছেন, সেই সম্পর্কে পূর্ব্ব ও পশ্চিমবঙ্গের প্রধানমন্ত্রী গত রবি বার এক সভায় বিস্তৃত আলোচনা করেন। বিষয়টি লেখা পর্য্যন্ত উভয় ডোমিনিয়নের কেন্দ্রীয় গবর্ণমেণ্টের সিদ্ধান্তের উপর নির্ভর করিবে বিবেচনা করিয়া উভয় প্রধানমন্ত্রী স্ব-স্ব গবর্ণমেণ্টের নিকট কতকগুলি চুক্তি সম্পাদনের জন্য অনুরোধ করিতে স্বীকৃত হইয়াছেন। কারণ, তাঁহারা মনে করেন যে, অন্যান্য প্রদেশ হইতে এই দুই প্রদেশের সমস্যা সম্পূর্ণ স্বতন্ত্র। তাঁরা সিদ্ধান্ত করেন যে, উভয় প্রদেশে ব্যবসায়িদের আর্থিক ক্ষতির যে পরিস্থিতির উদ্ভব হইয়াছে, সেই সম্পর্কে সভায় আলোচনা করা হয় এবং বাণিজ্য চলাচল সম্পর্কে একটি মীমাংসায় উপনীত হওয়ার প্রয়োজনীয়তা সম্পর্কে স্ব স্ব গবর্ণমেণ্টের নিকট বক্তব্য পেশ করা হইবে বলিয়া সিদ্ধান্ত গৃহীত হয়। প্রথম বাণিজ্যের একটি তালিকা প্রস্তুত করা হইবে এবং উহা পাঁচভাগে ভাগ করা হইবে। যথা—(১) যে সমস্ত দ্রব্য এক প্রদেশ হইতে অন্য প্রদেশে যাতায়াত করা উচিত নয়, (২) যাহা প্রয়োজনীয় অনুমতি ও শুল্কের সাহায্যে যাতায়াত করা যায় (৩) যে সমস্ত দ্রব্য শুল্ক বিনা শুধু অনুমতির সাহায্যেই যাতায়াত করা যায় (৪) যাহা অনুমতি বা শুল্কের সাহায্য ব্যতীত যাতায়াত করা যায় এবং (৫) যে সমস্ত দ্রব্য লোকজন যাতায়াত স্বাধীন সমুদ্রে লইয়া যাওয়া হয়।

কোন্ কোন্ ক্ষেত্রে শুল্ক হইতে রেহাই পাওয়া যাইবে

কলিকাতার কেন্দ্রীয় শুল্ক বিভাগের কালেক্টরের তরফ হইতে এই মর্ম্মে বিজ্ঞপ্তি প্রচার করা হইয়াছে যে, পাকিস্থানের শুল্ক আদায় সীমানায় অবস্থিত শুল্ক সংগ্রহ কেন্দ্রে পাকিস্থান হইতে যাত্রীদের সহিত আমীত যে সব স্বকীয় ব্যবহার্য্য দ্রব্যাদি শুল্ক হইতে অব্যাহতি পাইবে, সে সম্পর্কে শুল্ক বিভাগের প্রধান কর্ম্মকর্ত্তা নিম্নোক্ত বিবরণী প্রদান করিয়াছেন :—

যাত্রীদের সহিত আমীত স্বকীয় ব্যবহার্য্য দ্রব্যাদি শুল্ক হইতে রেহাই দেওয়া হইবে। পরিবারের অন্যান্য ও অন্যান্য ব্যক্তিদের ব্যবহারের উপযোগী দ্রব্য এবং দুরন্তালীর নাবদরজায় স্বকীয় ব্যবহার্য্য দ্রব্যাদি বলিয়া গণ্য হইবে, তবে ঐরূপ ডিক্লিয়রেশন দাখিল যাত্রীর নিজের ব্যবহারের উপযোগী হইতে হইবে অথবা তাহার সহিত জনৈকারী তাহার পরিবারভুক্ত অন্য লোকজনের হইতে হইবে এবং উহা বিক্রয় বা দান যাতায়াত অন্যের নিকট হস্তান্তর যোগ্য হইবে না। দুই বা দুই দুটা অথবা যেরূপ পরিবারের পক্ষ ভারতীয় ডোমিনিয়নে আগমন করিবার দুই মাস পূর্ব্বে পাকিস্থানে ক্রীত হয় নাই, তাহা স্বকীয় ব্যবহার্য্য দ্রব্যাদি বলিয়া স্বীকৃত হইবে না। যেরূপ যাত্রী শুল্ক ফাঁকি দিবার চেষ্টা করিবে, তাহাদের 'স্বকীয় ব্যবহার্য' বলিয়া গণ্য করা হইবে না। যাত্রীদের প্রত্যাবর্ত্তনকালে অথবা তাহাদের আগমনের অব্যবহিত পর তাহাদের উপযুক্ত সাক্ষ্য ভিন্নিকল্পে যাহাতে শুল্ক হইতে রেহাই পাইতে পারে, সে সম্পর্কে অর্থবিভাগ হইতে উপদেশ 'প্রোফর্মের বিক্রয় ব্যবস্থা' আলাদা সহজ করিয়া দেওয়া হইয়াছে।

নিম্নোক্ত প্রধানতঃ স্বকীয় ব্যবহার্য্য আলাদার পর্য্যায়ে পড়িবে না। যথা :—

(ক) ১৯৩৪ সালের ভারতীয় শুল্ক আইনের অন্তর্ভুক্ত প্রথম তপশীলের ৪, ১৭, ১৮ ও ২১ নম্বরে উল্লিখিত দ্রব্যের দ্রব্য উহার উপর শুল্ক ধার্য্য করা চলে এবং সাধুরিক শুল্ক আইনের ২৬ ধারা অনুযায়ী শুল্ক হইতে উহাদের রেহাই দেওয়া হয় নাই, (খ) আর পাউণ্ডের অতিরিক্ত বিলেতী মদ, যেমন: যা এক গ্যালনে দুই আউন্স ওজনের অধিক দুর্বল নিষ্যাস, কোলা বাদ দিয়া আরক ৪০% অধিক নিষ্যাস ও নিষ্যাসের ২ অংশের বেশী বিয়ার, চার আউন্স ওজনের অতিরিক্ত চকোলেট অথবা কোকো মিশ্রিত অতিরিক্ত দ্রব্য, (গ) পিয়ানো, সিয়ানোলা, গ্রামোফোন ও রেডিও রাইফেল, (ঘ) সোনার তৈয়ারীর উপযোগী অথবা আঙ্গুলবন্ধ বিদেশে ব্যবহার হইতে পারে এমন কাপড়-চোপড় (প্রতি বৎসরে ১০ পাউণ্ড মূল্য পর্য্যন্ত) এবং সূতা (প্রতি বৎসরে তিন পাউণ্ড সূতা পর্য্যন্ত) (ঙ) ক্যামেরা, অন্যান্য, টাইপ রাইটার, গ্রামোফোন রেকর্ড, ঘড়ি, মূল্যবান্ধন এবং অনধিক ছয় মাস পূর্ব্বে পাকিস্থান ক্রীত জন্য।

কোন যাত্রীর শুল্ক সংগ্রহ কেন্দ্রে পৌঁছিবার একমাস পূর্ব্বে বা পরে তাহার 'ব্যবহার্য' মালপত্র শুল্ক কেন্দ্রে উপস্থিত করা হইলে শুল্ক-বিভাগীয় কর্ত্তৃপক্ষের বিবেচনা অনুযায়ী শুল্ক হইতে রেহাই দেওয়া হইবে।

১৯৩৪ সালের ভারতীয় শুল্ক আইনের অন্তর্ভুক্ত প্রথম তপশীলের ৭৭নং বিষয়ের (ক) সংখ্যক ১৭ ধারা অনুযায়ী কোন ব্যক্তির ব্যবসার বা ব্যক্তিগত ব্যবহৃত কোন যন্ত্রপাতি ও বৈজ্ঞানিক যন্ত্র আমদানি করা হইলে শুল্ক আদায় করা হইবে না। দৃষ্টান্তস্বরূপ—ডাক্তিদের ডাক্তার, চিকিৎসক বা শল্যচিকিৎসকদিগের যন্ত্রপাতির উল্লেখ করা যাইতে পারে।

কোন যাত্রীর বাণিজ্য পরীক্ষা করিয়া কোন শুল্ক আদায় করা হইবার পর, অযৌক্তিক তাহাকে ক্ষতিপূরণ প্রদান দিতে হইবে।

পূর্ব্বে একবার ভারত হইতে পাকিস্থানে প্রেরিত দ্রব্যাদি পুনরায় ভারতে আমদানি করা হইলেছে বলিয়া প্রমাণিত হইলে শুল্ক হইতে রেহাই দেওয়া হইবে। এরূপ আমদানি কোন যাত্রী আইনতঃ অধিকারী এমন সব অস্ত্র ও গুলীগোলাদ্রব্যাদি পাকিস্থানে চালান দিলে এবং যাহা পুনরায় তাহার আমদানি করিতে হইলে সে শুল্ক দিতে বাধ্য এবং ঐ সমস্ত পাকিস্থানে গমনের পূর্ব্বে উপযুক্ত প্রমাণাদি তাহাকে আমদানী করা হইবে বলিয়া যেসব ব্যক্তি পাকিস্থানে শুল্ক সংগ্রহ সীমানায় কর্ত্তব্যরত শুল্ক বিভাগীয় কর্ম্মচারী তাহাকে এজেন্সীকে বিশেষ বিবরণসহ চালানী ফরম দিবেন। ইতিপূর্ব্বে উপযুক্ত প্রমাণাদি পুনরায় আমদানি করার সময় শুল্ক বিভাগীয় কর্ম্মচারীর নিকট উক্ত ফরম দাখিল দেখাইতে এবং সংশ্লিষ্ট কর্ম্মচারী নিকটে হইলে ফিরা যাওয়া বাতায় স্বাক্ষর দিবেন।

ভারতে অস্থায়ীভাবে বাসকারের জন্য অস্ত্রাদি গুলীগোলার আমদানি করা হইলে এবং আমদানির দুই বৎসরের মধ্যে পুনরায় ঐসব দ্রব্য পাকিস্থানে চালান দেওয়া হইলে সংশ্লিষ্ট শুল্ক প্রত্যর্পণ করা হইবে।

কোন সরকারী কর্ম্মচারী কর্ত্তব্যরত অবস্থায় পাকিস্থান শুল্ক সংগ্রহ সীমানা অতিক্রম করিয়া ট্রেণে প্রবেশকালে অথবা ট্রেণ হইতে বাহির হইবার সময় নিজ বিভাগীয় কর্ত্তব্য পালনরত সার্টিফিকেট অথবা অন্য বিভাগীয় কর্ত্তা হইলে প্রাদেশিক সরকারের সেক্রেটারীর সার্টিফিকেট উপস্থিত করিলে তাহা মালপত্র শুল্ক আদায় না করিয়া ছাড়িয়া দেওয়া হইবে।

শুল্ক আদায়ের পদ্ধতি

পশ্চিমবঙ্গের বৈদেশিক পণ্য-শুল্ক কর্ত্তৃপক্ষ এক আদেশ জারী করিয়াছেন যে, ১৯৪ সালের ১লা আগষ্টের পূর্ব্বে যে সব মাল ভেসেলে উঠিবার অথবা যে সব মাল পশ্চিমবঙ্গ হইতে ভারতীয় ইউনিয়নে চালান দেওয়া হইবে সেগুলিকে ভিন্ন ভাষায় উদ্ধারের ও শুল্ক সংগ্রহে পৌঁছাইতে দেওয়া হইবে।

ভারত গবর্ণমেণ্ট আরও বিবেচনা সাপেক্ষে আরও কয়েক, ফল, সব্জী, ফুল ও তিন অন্যান্য দ্রব্যাদি নিষ্ক্রমণ করিয়াছেন।

পাকিস্থান হইতে আমদানী টাট্কা ও সদ্য পচা দ্রব্যের শুল্ক বিলিব্যবস্থার জন্য বিমানবন্দর ট্রেণে বৈদেশিক শুল্ক তত্ত্বাবধায়কের সংখ্যা বৃদ্ধি করা হইয়াছে।

ভারতের ও পাকিস্থানের মধ্যে যাতায়াত বৈদেশিক পণ্য-শুল্ক প্রবর্ত্তন করায় বিমানবন্দর, অন্যান্য রেল এবং নৌপথে যাত্রী ও মালপত্রাদির যে অসুবিধার সৃষ্টি হইয়াছে তাহার জন্য বিমানবন্দরে শুল্ক যাত্রীর শুল্ক কর্ত্তৃপক্ষ বিশেষ চেষ্টা করিতেছেন এবং আশা করা যায়, কয়েকদিনের মধ্যে বিষয়টি সরল হইয়া আসিবে।

শুল্ক কর্ত্তৃপক্ষ সাধারণভাবে ইহাও স্থির করিয়াছেন যে, পাকিস্থানের যেসব বিমান, যা ভারতীয় ইউনিয়নে মাল প্রেরণ করিতে চাহিবেন

(বাকীটুকু ৩১৩ পৃষ্ঠায়)

সংবাদলিপি

ইউনিয়ন ও মজুরী হ্রাসের প্রস্তাব বৃদ্ধিই মুদ্রাস্ফীতির কারণ—ফ্রটেমের ভবিষ্যৎ—দ্বি-পাক্ষিক চুক্তির ঢাকোর্ড।

(বিশেষ সংবাদদাতা প্রেরিত)

৩রা জানুয়ারী—ট্রেড ইউনিয়ন কাউন্সিল যে প্রস্তাব গ্রহণ করিয়াছে এবং তাহাতে ইউনিয়ন গুলিকে এই মজুরী হ্রাসের দাবী হইতে বিরত রাখিয়াছে, কিন্তু ইউনিয়নের নেতা এই মজুরী হ্রাসের প্রস্তাব সম্বন্ধে যে মনোভাব ব্যক্ত করিয়াছেন তাহার ফলে এই প্রস্তাব আপনা হইতেই পক্ষে বাধা সৃষ্টি করিবে। ইউনিয়ন নেতা সঙ্গে সঙ্গে জোর দিয়া বলিয়াছেন যে, যে মূল্য ও ব্যবসায়ীদের মুনাফার হ্রাস করা হয়। অনেকগুলি শিল্পসংস্থা ও ব্যবসা প্রতিষ্ঠানের মুনাফার হার আলোচনা করিলে দেখা যাইবে যে, যে পরিমাণ হ্রাস করিবার প্রস্তাব করা হইয়াছে তাহার তিনগুণ অধিক পরিমাণে হ্রাস করা হইয়াছে। কাজেই এই ব্যবসায়ের লভ্যাংশ অপেক্ষা শ্রমিকের যে পরিমাণে কম তাহা সহজেই

[illegible] দ্বি-পাক্ষিক চুক্তির [illegible] করিয়া তাহার বিরুদ্ধে এক সাংবাদিক সম্মেলনে বলেন যে, [illegible] না হইলে ফ্রটেম দ্বি-পাক্ষিক চুক্তির বাতিল করিবে। তাহারা সুস্পষ্টভাবে বলিয়াছে যে বহুপাক্ষিক বাণিজ্য চুক্তির সাফল্য সেই বিশ্বব্যাপী অবস্থার মধ্যে নির্ভরশীল নহে। যে ফ্রটেম অবশ্য দ্বি-পাক্ষিক চুক্তির দ্বারা বিভিন্ন দেশের বাণিজ্যের পৃথকভাবে আলোচনার চেষ্টা করিতেছে। তিনি বলেন যে, বিভিন্ন দেশকে ট্রাফিক ব্যবসার বিনিময়ে ফ্রটেম বহুপাক্ষিক ব্যবসার সুযোগ [illegible]। অনেক দেশই সুবিধা বুঝিয়া ইতিমধ্যে এই ব্যবস্থা অবলম্বন করিতেছে। তার ঢাকোর্ড [illegible], যদি ইহার ফলে ফ্রটেমের সঞ্চিত স্বর্ণ [illegible] কোন ক্ষতি না হয় তবে ফ্রটেম ইহাতে আপত্তি করিবে না।

[illegible] সম্বন্ধে আলোচনা করিয়া বলেন যে, ফ্রটেম [illegible] উপর তাহাকে সন্তুষ্ট রাখিতে বিশেষ [illegible] তাহার জন্য সরকার ব্যবসায়ীদের ক্ষেপাইয়া তুলিতে [illegible] এবং এই উদ্দেশ্যে ইহাদের, মুনাফাবৃদ্ধিকারী [illegible] সঙ্গে সঙ্গে সরোষবন্ধক চুক্তির সম্পাদিত ঘোষণা করেন। এই উদ্দেশ্যে বেলজিয়াম, লোলাণ্ড, ফিনল্যাণ্ড, লুক্সেমবার্গ ও স্কেনরাজ্যের সঙ্গে পাক্ষিক চুক্তির কথাবার্তা সন্তোষজনকভাবে অগ্রসর হইয়াছে বলিয়া তিনি জানান। তাহার ও পার্শ্ববর্তী দেশের সঙ্গে বাণিজ্য চুক্তির আলোচনা প্রায় শেষ হইয়া আসিয়াছে, ইহাও তার ঢাকোর্ড বলেন। তিনি সর্বশেষে বলেন যে "ফ্রট চুক্তির" দ্বারা অন্য দেশের এইসব বাণিজ্য চুক্তিতে বাধা দিতে পারিবে কিন্তু ফ্রটেমই এই সব চুক্তিতে কোন আপত্তি জানাতে যাবে।

ওয়াশিংটন

চেকোশ্লোভাকিয়ার রাজনৈতিক পরিবর্তনের প্রতিক্রিয়া—রপ্তানী নিয়ন্ত্রণের বিরোধিতা—লন্ডনের মধ্যেও লৌহ ও ইস্পাতের মূল্য বৃদ্ধি।

(বিশেষ সংবাদদাতা প্রেরিত)

ওয়াশিংটন, ৩রা জানুয়ারী—চেকোশ্লোভাকিয়ার রাজনৈতিক পরিবর্তনের ফলে যুক্তরাষ্ট্রের ব্যবসায়িগণ প্রতিক্রিয়া বোধ করিতেছে, চেকোশ্লোভাকিয়ার সোভিয়েট প্রভাব বৃদ্ধির সঙ্গে সঙ্গেই প্রশাসন পরিবর্তনের সঙ্গে সঙ্গেই ব্যবসায়ীরা এবং ষ্টীল ও লৌহের ব্যবসায়ীরা অধিকতর প্রয়োজনীয়তার বৃদ্ধি পাইয়াছে। ষ্টীল ব্যবসায়ীরা অধিকতর আগ্রহ প্রকাশ করিয়াছেন এবং ইহারা এতদিন নানাপ্রকার আপত্তি জানাইতেছিলেন এখন তাহাদের সুরও বদলাইয়াছে। সর্বোপরি যুক্তরাষ্ট্রের সঙ্গে যে সব বিদেশী রাষ্ট্রগুলি ব্যবসায়ে লিপ্ত তাহাদের ঘোরতর বিরোধিতা সত্ত্বেও যুক্তরাষ্ট্র রপ্তানী নিয়ন্ত্রণের কঠোরতা অবলম্বন করিয়াছে বলিয়া উল্লেখ করিয়াছে।

যুক্তরাষ্ট্রের বাণিজ্য বিভাগের রপ্তানী নিয়ন্ত্রণ নীতির তীব্র সমালোচনা করিয়া কংগ্রেসে বিভিন্ন স্থানে বক্তৃতা করিয়াছেন। তাহাদের বক্তব্য এই ছিল যে, পূর্বে লাইসেন্স দেওয়ার ব্যাপারে ব্যবসায়ী প্রতিনিধিগুলির 'ইতিহাস' বিবেচনা করিয়া যাহারা পুরাতন ব্যবসায়ী তাহাদের প্রায়ই অনুমতি দেওয়া হইত। ৩রা জানুয়ারী হইতে সরকার সেই নীতি পরিবর্তন করিয়া এক নূতন আইন প্রবর্তন করেন, যাহার ফলে স্থির হয়, যেই ব্যবসায়ীরা যত কম মূল্যে জিনিষ রপ্তানী করিতে পারিবেন সেই ব্যবসায়ীরাই লাইসেন্স পাইবেন। ইহার বিরুদ্ধে এখন পুরাতন ব্যবসায়ীরা ও রপ্তানী ব্যবসায়ীরা তুমুল আন্দোলন সৃষ্টি করিয়াছেন। তাহারা, তাহাদের মতে এই নূতন আইনের ফলে উৎপাদনকারী মিল মালিকেরা নিজেরা রপ্তানী ব্যবসা শুরু করিবেন, ফলে রপ্তানী ব্যবসায়ীরা ও পুরাতন ব্যবসায়ীদের ব্যবসা বন্ধ হইবে এবং ক্ষুদ্র ক্ষুদ্র রপ্তানীকারীদের সর্বনাশ হইবে।

যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষাবিভাগের ব্যবসায় প্রতিষ্ঠানের পক্ষ হইতে এই নূতন লাইসেন্স নীতির বিরোধিতা করিয়া বলা হইয়াছে যে, ইহাতে রপ্তানী ব্যবসায়ে অযথা বিলম্ব ঘটিবে। বিভিন্ন ব্যবসায়ী এই প্রস্তাবে তীব্র বিরোধিতা করিতেছেন। তার প্রমাণ পাওয়া যায় কংগ্রেসের ৩৫ জন কমিটির সভ্য যে সব বৈদেশিক ব্যবসায়ীর তীব্র বিরোধিতা করিয়াছেন, তাহাদের মনোভাবে।

[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]

শেষ প্রতিবেদন

প্রতিষ্ঠানের নাম	অনুমোদিত মূলধন (লাখ টাকায়)	লগ্নি ও অন্যান্য হোল্ডিং	প্রতি শেয়ারের অনুমোদিত মূল্য	মূল্য পরিশোধ	লভ্যাংশ	বাজার দর				
						১৯৯৯	২০০০	২০০১	২০০২	২০০৩
বস্ত্র-বয়ন										
ইস্টার্নমোহর	৫,০০,০০০	৯,৩৮,১৩৯	১০০	৭৯% (ঘ)	১৯৯১	—	—	—	—	—
কুমারী ও পার্বতীয়	৯,৩০,০০০	৪,৯০,১৪৯	১০০	৩৯% (ঘ)	১৯৯১	—	—	—	—	—
ক্রিস্টি সুতা	১,৩০,০০০	৪,৩৬,১৩৯	১০	১% (ঘ)	১৯৯১	—	—	—	—	—
গাজীপুরমল	১২,৩০,০০০	৯৯,১১,৫৫৯	১০০	৩৯% (ঘ)	১৯৯৯	—	—	—	—	—
জুটমিল	৬,৩০,০০০	৬,৩৩,৩১৯	১০	৩৩% (ঘ)	১৯৯৩	—	—	—	—	—
ডায়াবাড়ী	৩,৩০,০০০	১১,৩০,০০০	১০০	১৭% (ঘ)	১৯৯১	—	—	—	—	—
তিমিরা	১২,৩০,০০০	৯,১০,০০০	১০	৩৯% (ঘ)	১৯৯৯	—	—	—	—	—
দেশবাসী	১,১৩,০০০	৫,১০,১৩৯	১০	১% (ঘ)	১৯৯১	—	—	—	—	—
ধানমন্ডি	৯,৩০,০০০	৬,৩৯,১৩৯	১০	১৩% (ঘ)	১৯৯৯	—	—	—	—	—
নেপচুন সমবায়	৯০,০০,০০০	৫,৩৩,১৩৯	১০০	১৯৯% (ঘ)	১৯৯১	—	—	—	—	—
পলাশ	৩,৩৩,০০০	৩,৩৯,৩১৯	১০	৩৩% (ঘ)	১৯৯১	—	—	—	—	—
বেলাবী বিলাস	৫,৩০,০০০	৯,৩৯,১৩৯	১০	৯৩% (ঘ)	১৯৯১	—	—	—	—	—
বাজালাড়া	৫,৩৩,০০০	১১,১৫,১৩৯	১০০	৩৯% (ঘ)	১৯৯৯	—	—	—	—	—
বাসিন্দা	১৩,৩৩,০০০	১১,১১,১১১	১০	১৩% (ঘ)	১৯৯৯	—	—	—	—	—
চিনির কল										
ইউ-পি	১৩,৩০,০০০	১৯,১৩,১৩৯	১০	৯%	১৯৯১	—	—	—	—	—
ওমর	৩৩,৩৩,০০০	১১,১৯,৩৩৯	১০	...	১৯৯১	—	৩৯%	—	—	৯৩
কুমারখোলা	১০,৩৩,৩৩০	৩৩,৩১,৩৩৯	১০	১৩৩% (ঘ)	১৯৯১	...	—	—	—	—
কেরোয়া সিমেন্ট	৯,১০,৩১৩	১১,১১,১৩৩	৯	৯৯% (ঘ)	১৯৯১	...	—	—	—	—
কোম্পানীগঞ্জ	৯,৩৩,০০০	৯,১৯,৫৫৯	১০	...	১৯৯১	—	—	—	...	...
খালসা	১৩,৩৩,০০০	৯,৩৩,০০০	১০	১% (ঘ)	১৯৯১	—	—	...	—	—
চালনা	১৩,৩৩,৫৩০	৫,১৩,০০০	১০	১% (ঘ)	১৯৯১	—	—	—	৩৯%	—
চালান	৫,৩৩,০০০	১০,৩৩,৩৩০	১০	১৩% (ঘ)	১৯৯১	—	—	...	—	—
শরীফপুর	১১,১৩,০০০	৯,৩১,১৩৩	১০	৯০ (ঘ)	১৯৯১	—	—	...	১৯৯%-১৩%	—
খনিজ										
ইস্টার্নহোম মাল্টিপারপাস	৯,৩৩,৩১,০০০	৩৫,৩৩,০০০	৫০ (ঘ)	১৯৩	১৯৯১	৩%	৩৯,৩০০	৩০০৩	...	৩৯০
কুমিল্লা ইউনিয়ন	১১,৩৩,৩৯০,৫৫ ৩৫,৩৯,৩৩৩	৫১,৩৯,৩০০	১১	১৯০% (ঘ)	১৯৯৯	—	—	—	—	—
কুমিল্লা বার্নিশ	৩৩,৩১,৩০০	৩০,৩৩,০০০	১০	৯% পাই (ঘ)	১৯৯১	—	—	...	—	—
পদ্মজা ডায়মন্ড	৩১,৩৯,৩১১	১,৩৩,৩৩,০০০	১০০	...	১৯৯১	—	৩৩%	...	—	—
বিলাস ব্যাগ	৯,৩৩,৩৩,০০০	৯,৩৩,৩৩,৩০০	১০০	৯% (ঘ)	১৯৯৯	১১১%-১১১%	১১৯%	১১১%-১১৯%	১১১%-১১৯%	১১৯%
যোদ্ধা পেট্রোল ব্যাগ	১৫,৩৩,৩৩১	১৯,৩৩,০০০	১০০	৯৯% (ঘ)	১৯৯১	৯৯%-১০৯%	১০৯%-১০৯%	১০৯%-১০৯%	—	১০৯%
রূপায় খাদ ইউনিট	৯,৩৩,৩৩,০০০	৯,১৩,৩৩,০০০	১০% (ঘ)	৩%	১৯৯৯	—	—	১৯%	১৯০%	১৯০%
স্টার খাদ ডায়মন্ড	১,৩৩,৩৩,০০০	১,১৩,৩৯,০০০	১০% (ঘ)	৯% (ঘ)	১৯৯১	—	—	...	—	—
হিল ব্যাগ	৫১,৩৩,০০০	১১,৩৩,০০০	১০% (ঘ)	—	১৯৯১	—	৩৯%	...	—	—
হিমালয় মাল্টিপারপাস	১,১৩,৩৩,০০০	১,৩৩,০০০	১৩%	...	১৯৯১	—	—	...	—	—
হেমন্তিকা খাদ খনি ইউনিট	৯,১৩,১১,৩৩০	৯,৩৯,৩৩,৩১%	১০%	১৯০	১৯৯৩	—	—	১৯%	১৯৯৩	৩৯৩
বিদ্যুৎ-সরবরাহ										
ইমামি	৩৯,৩৩,০০০	৫৯,৩৩,৩৩০	১০০%	৯%	১৯৯১	১৯৯%	—	...	—	১৯%

অগ্নি, নৌ, ভূমিকম্প, মোটরগাড়ী ও জীবন সম্পর্কিত
শ্রেষ্ঠ জাতীয় বীমা প্রতিষ্ঠান
হাওড়া ইন্‌সিওরেন্স
কোং লিমিটেড
৩০নং ষ্ট্রাণ্ড রোড, কলিকাতা

আর্থিক ভারত

যে কোন প্রকার বীমার জন্য—
'জীবন', 'অগ্নি', 'সামুদ্রিক'
'ভূমিকম্প', 'মোটরগাড়ী' ইত্যাদি
হাওড়া ইন্‌সিওরেন্স
কোং লিমিটেড
৩০নং ষ্ট্রাণ্ড রোড, কলিকাতা।
ফোন—কলিঃ ৬৭৭

[৭ম বর্ষ ৪৩ সংখ্যা] কলিকাতা, বুধবার ৩রা আশ্বিন, ১৩৫৫ ; ১৮ই সেপ্টেম্বর, ১৯৪৮ মূল্য ৵৹

সূচী

বিষয়	পৃষ্ঠা	বিষয়	পৃষ্ঠা
সাময়িকী		অর্থলোক	
বাংলা দেশের ব্যাঙ্ক	৮৯৯	মুদ্রাস্ফীতিনিরোধে পরিকল্পনার বিলম্বিত আয়ু ...	৯১১
সমাজিক		পণ্যদ্রব্যের বাজার	
জোরের আত্মসমর্পণ, নিখিলে ভারত-বিরোধী আইন, কংগ্রেসকর্মীদের কর্তব্য, হরিজন তহবিল, কাউন্সিল মিশনের বোম্বাই যাত্রা, বন্দীদের খোঁজ, ...	৯০৩	বাজারদরের মূল্য নিয়ন্ত্রণ অনিশ্চিত	৯১১
চারলিপি		বাজারের কথা	
লণ্ডন, দিল্লী, বাগদাদ, করাচী ...	৯০৫	অনিয়ন্ত্রিত অবস্থা	৯১৩
জল	৯০৭	বৈষয়িক	
		কাপড়ের, সেলিমেট ও ক্যালিকোর্নিয়ার ফটকাবাজারের বিবরণ	৯১৪

বাংলাদেশের ব্যাঙ্ক

"আর্থিক ভারত"এর গত সংখ্যার 'অর্থলোক' হইতে নিম্নবর্ণিত অংশ উদ্ধৃত করিয়াছিলাম।

"সহস্র দুঃখের সহিত আমরা বর্তমান সপ্তাহের 'অর্থলোক' লিখিতেছি। গত কয়েক দিনের মধ্যে বাংলাদেশের আরও দুইটি তফশীলভুক্ত ব্যাঙ্ক তাহাদের কাজ-কারবার বন্ধ করিতে (সাময়িকভাবে ?) বাধ্য হইয়াছে এবং আমরা যেরূপ সংবাদ পাইতেছি ও পরিস্থিতির অবস্থা দেখিয়া যতটুকু বুঝিতে পারিতেছি তাহাতে অদূর ভবিষ্যতে আরও দুইএকটি ব্যাঙ্কের পক্ষেও দ্বার বন্ধ করার প্রয়োজন হইতে পারে।"

—"আর্থিক ভারত"এর উক্ত মন্তব্যের পর কলিকাতার আরও দুইটি তফশীলভুক্ত ব্যাঙ্ক আমানতকারীদের টাকা দেওয়া বন্ধ করিয়াছে।—অতএব সাত দিনের মধ্যে চারিটি তফশীলভুক্ত ব্যাঙ্ক তাহাদের কাজ-কারবার এযাবৎকার মত বন্ধ রাখিতে বাধ্য হইল, দেখা যাইতেছে। ইহারা ভবিষ্যতে পুনরায় দ্বারোদ্‌ঘাটন (একক ভাবে অথবা অন্য কোন ব্যাঙ্কের সহিত মিলিত হইয়া) করিতে পারিবে কিনা সে-বিষয়ে আমাদের বর্তমান প্রবন্ধের বিষয়ীভূত নহে।

এই কয়টি ব্যাঙ্কের অসাফল্যের ফলে কলিকাতার বাঙ্গালী-পরিচালিত ব্যাঙ্কসমূহ হইতে টাকা তুলিবার যে হিড়িক পড়িয়া যায়, তাহার [illegible] (সোমবার, ১৩ই সেপ্টেম্বর) চরমে উঠে।—বস্তুতঃ যত টাকা তুলিয়া লইবার যে-দৃশ্য একদিন দেখা গিয়াছে, তাহাতে বাঙ্গালী হিসাবে আমাদের লজ্জিত ও চিন্তিত হইবার কারণ আছে।

ব্যাঙ্ক কাহাকে বলে, কি তাহার কাজ, কি তাহার দায়িত্ব এই সকল অত্যন্ত প্রাথমিক আলোচনা লইয়া এখানে কালক্ষেপ করিবার প্রয়োজন নাই।—কিন্তু একথা বলিবার প্রয়োজন আছে যে, সকলেই জানেন, কোন ব্যাঙ্ক আমানতকারীদের সমস্ত টাকাটাই কিছু আর সিন্দুকজাত করিয়া দিবারাত্র বসিয়া থাকে না!—ক্ষুদ্র হউক, বৃহৎ হউক, সে-টাকাটার একটা অংশ তাহারা লগ্নী করিয়া থাকে,—বাঙ্কেরা ইহা বুঝিতে খুব উচ্চ ধরণের মস্তিষ্কের প্রয়োজন হয় না যে, সকল আমানতকারী যদি একই সময়ে ব্যাঙ্কে উপস্থিত হইয়া তাঁহাদের গচ্ছিত অর্থ উঠাইয়া লইতে চান, তাহা হইলে পৃথিবীর বৃহত্তম ও সর্বশ্রেষ্ঠ ব্যাঙ্কেরও সাধ্য নাই যে সঙ্গে সঙ্গে সে-টাকা পরিশোধ করে—কাজেই সেরূপ অসম্ভব আকস্মিক চাপের পরিমাণে উৎসাহী ব্যাঙ্কেরও দ্বার বন্ধ করিতে হয় এবং তাহার ফলে বিশেষভাবে আমানতকারীদের এবং সাধারণভাবে জাতীয় অর্থনৈতিক জীবনে অসামান্য অনিষ্ট ঘটে।—কাজেই বাঙ্গালী আমানতকারীদের সাম্প্রতিক এই বিস্ময়কর দৃঢ়তা দেখিয়া লজ্জিত হওয়া ছাড়া উপায় নাই। কারণ তাঁহারা অতিরিক্ত চাপ দিয়া এমন সব সুপরিচালিত ও সুপ্রতিষ্ঠিত প্রতিষ্ঠানের অবলুপ্তি আহ্বান করিতেছেন, যাহারা দরজা বন্ধ [illegible]

—এই প্রসঙ্গে একশ্রেণীর অবাঙালী বণিক সম্প্রদায়ের নাম খুব বেশী না নিয়াছে।—অভিযোগ উত্থাপিত হইয়াছে যে, বাঙালী-পরিচালিত ব্যাঙ্কসমূহের বিরুদ্ধে নাকি একটি সুপরিকল্পিত অভিযান চলিতেছে পূর্বোক্ত অবাঙালী বণিক সম্প্রদায়ের তরফ হইতে। আমরা জানি এই অভিযোগ সর্বতোভাবে মিথ্যা নয়। কিন্তু এই প্রসঙ্গে একটা কথা মনে রাখা দরকার—বাঙালী-পরিচালিত ব্যাঙ্কে ওই শ্রেণীর অবাঙালী বণিকদের কোনদিনই বিশেষ খাতির থাকে না। বাংলাদেশে কারবারের দ্বারা আর্থিক ও মৌখিক সুনাম অর্জন করিলেও বাঙালী-পরিচালিত ব্যাঙ্কের পরিচালকমণ্ডলীর মত "অন্ধবুদ্ধি" তাঁহারা নন; বাঙালী-পরিচালিত ব্যাঙ্কের কিছু ডাইরেক্টর তাঁহাদের কেবল ব্যাঙ্ক আসেই (এমন কি কোন কোন ক্ষেত্রে ডাইরেক্টরই) যে বাঙালী আমানতকারীদের, একথা জোর করিয়াই বলা চলে। অতএব বাঙালীর পরিচালনাধীন ব্যাঙ্কের বাঙালী আমানতকারীদের টাকা সম্পর্কে অবাঙালী সম্প্রদায় যদি কোন অভিসন্ধিমূলক মতলব প্রকাশ করেন, তাহা কোনোমতেই আমরা আমাদের জাতীয় প্রতিষ্ঠানের অস্তিত্ব বিপন্ন করার উদ্দেশ্যে (এবং তাহার ফলে আমাদের নিজেদেরও সর্বনাশ সৃষ্টির জন্য) পাশুলের মত ছুটাছুটি করিতে থাকিব, তা কিরকম নিজেদের সম্পর্কে এরূপ নির্বুদ্ধিতার কথা মনে করিতেও লজ্জাবোধ হয়!

তুর্ধ্বনচিত্ত যে সকল আমানতকারী পূর্ণ বিশ্বাসে কোন বাঙালী-পরিচালিত ব্যাঙ্কে তাঁহাদের টাকা রাখিতে পারেন তাঁহাদের উচিত প্রথমেই কোন বিদেশী ব্যাঙ্কে অথবা অবাঙালী-পরিচালিত ব্যাঙ্কে টাকা রাখা, যেখানে তাঁহাদের অর্থ নিরাপদ থাকিবে বলিয়া তাঁহারা মনে করেন; কারণ, সেক্ষেত্রে বাঙালী-পরিচালিত ব্যাঙ্কে টাকা রাখিয়া তাঁহাদের "ভয়ে ভয়ে" শাসন করিতে হইবে না এবং যে কোন অলীক ও অতিরঞ্জিত, দ্বেষবিদ্বেষে অভিসন্ধিমূলক, গুজব শুনিয়া টাকা উঠানোর লজ্জাকর প্রকাশের দ্বারা যে-বাঙালী পরিচালিত ব্যাঙ্কে তাঁহারা গ্রহ করিয়া একদিন টাকা জমা রাখিয়াছিলেন, তাহাদের বিপদ ডাকিয়া আনিবেন না!

কারণ, ইহা ঠিক যে, কোন ব্যাঙ্কের কয়েকজন আমানতকারী যদি শঙ্কিত হইয়া ব্যাঙ্ক হইতে টাকা তুলিবার জন্য হুটোহুটি বাধাইতে থাকেন এবং জনসাধারণের মধ্যে উচ্চ-চীৎকারে এ সংবাদ পরিবেশন করিতে থাকেন, তাহা হইলে সে-ভীতি ও ত্রাস বিশ্বাসী ও বুদ্ধিমান আমানতকারীদের মধ্যেও সংক্রামিত হইতে পারে। অতএব বাঙালী-পরিচালিত ব্যাঙ্কসমূহের উপর, অথবা নির্দিষ্ট কোন বাঙালী ব্যাঙ্কের উপর যাঁহাদের ষোল-আনা আস্থা নাই, তাঁহারা বাঙালী অথবা অবাঙালী যাহাই হউন না কেন) প্রথম হইতেই সতর্ক, যেখানে তাঁহাদের পূর্ণ বিশ্বাস আছে সেরূপ স্থলে, তাঁহাদের টাকা রাখিবার ব্যবস্থা করেন।—কারণ এই সকল "অতিরিক্ত-সতর্ক" তাঁহাদের "অতিসতর্ক" থাকিতে পারিলে, বাঙালী ব্যাঙ্কের পক্ষে এই ধরণের ভবিষ্যৎ বিপদের সম্ভাবনা বহুল পরিমাণে হ্রাস পাইবে।

কিন্তু এই বিষয়ে আমাদের একটি প্রধান চিন্তার বিষয় এই যে, বাঙালী ব্যাঙ্কের মূলধন এরূপ স্বল্প কেন, যাহার ফলে সামান্য পরিমাণ গুজবেই ক্ষুদ্রায়তন যে কোন প্রতিষ্ঠান সম্পর্কে আমরা অবলীলাক্রমে যে কোন উক্তিতে আস্থা স্থাপন করিতে প্রস্তুত আছি!—অর্থাৎ আমাদের প্রশ্ন এই যে, বাংলাদেশের ব্যাঙ্ক আজ পর্যন্ত এতবড় অঙ্কের মূলধন কেন গড়িয়া তুলিতে পারিল না, যে-মূলধনের ভরাডুবিতে অবস্থান করিয়া নিম্নুকের রসনা সকলের, প্রতিপক্ষের খলকৌশল, শ্রেণীবিদ্বেষের অভিসন্ধিমূলক প্রচারকার্য—সবকিছু অগ্রাহ্য করিয়া সর্বশ্রেণীর আমানতকারী নিশ্চিন্ত বিশ্বাসে তাহাতিপাত্র করিতে পারিবে!—স্বীকার না করিয়া উপায় নাই যে, বাংলাদেশের ব্যাঙ্ক আজও সে-অবস্থায় পৌঁছায় নাই।—কেন পৌঁছায় নাই, কোথায় তাহার ত্রুটি, কি তাহার প্রতিকার, সেকথা আমরা ইতিপূর্বে "আর্থিক ভারতে"র "ভাবিবার কথা" শীর্ষক সম্পাদকীয় প্রবন্ধে (২৬ সংখ্যা, ৪ই জৈষ্ঠ' ৪৫—৫২৫ পৃষ্ঠা) আলোচনা করিয়াছি। এস্থলে তাহার পুনরাবৃত্তি অনাবশ্যক।

বর্তমানে এই কথা বলিলেই যথেষ্ট হইবে যে, বাঙালী পরিচালিত ব্যাঙ্কের যেসব ভাগ্য আমানতকারী বহুলসংখ্যক শ্রেণীর অন্তর্ভুক্ত। ইহাদের আর্থিক সঙ্গতি অধিক নহে।—সেইজন্যই নিজেদের চিরজীবনের সঞ্চয়সংস্থান সম্পর্কে এই মানুষগুলির দুশ্চিন্তা স্বাভাবিক।—অথচ বাঙালী

ইণ্ডিয়্যান
ব্যাঙ্কিং
জার্ন্যাল

ব্যাঙ্কিং সংক্রান্ত
একমাত্র
ত্রৈমাসিক পত্রিকা

৩নং কমার্শিয়্যাল বিলডিংস্
কলিকাতা ১

প্রতিষ্ঠানকে ইহারা সবাই ভালবাসেন—তবে বিভিন্নরূপ। বন্ধুস্বজন মানুষদের চেয়ে অধিকতর পরিমাণেই ভালবাসেন। সেইজন্য পুরাদস্তুর ব্যক্তিগত সম্পর্ক সত্ত্বেও, অনেকক্ষেত্রে সমস্তপ্রকার পুঙ্খানুপুঙ্খ বিচার-বিবেচনা করিয়াও তাঁহারা বাঙ্গালী প্রতিষ্ঠানের বিরুদ্ধেই রায় দিয়া আসেন। অতএব এই দিক দিয়া বিচার করিলে তাঁহারা আমাদের অবিমিশ্র প্রশংসার যোগ্য। কিন্তু বাঙ্গালী প্রতিষ্ঠানের প্রতি এবম্প্রকার প্রীতির জন্য তাঁহাদের প্রতি শ্রদ্ধা প্রকাশ করিয়াও আমরা বর্তমানে এই কথাই বলিতেছি যে, টাকা তাঁহারা রাখেন বটে, কিন্তু তাই বলিয়া পদে পদে অবিশ্বাসও তাঁহাদের কম নয়। আমাদের আপত্তি এইখানেই। বিশ্বাস যদি তাঁহারা করেন তাহা হইলে পুরাপুরি করিবেন, নচেৎ তাহার প্রয়োজন নাই।—কারণ এই ধরণের অব্যবস্থিতচিত্ততার ফলে বাঙ্গালীর জাতীয় প্রতিষ্ঠানের দুঃখ ঘুচিতেছে বই কমিতেছে না। এই প্রসঙ্গে একটা কথা আমরা জোর করিয়াই বলিতে চাই,—বাঙ্গালী-পরিচালিত ব্যাঙ্কসমূহের মধ্যে এমনতর একাধিক ব্যাঙ্ক আছে যাহাদের আর্থিক স্থিতি এমন সুদৃঢ় এবং প্রতিষ্ঠানীয়তা এমন উচ্চস্তরের যে, যে-কোন প্রথম শ্রেণীর বৈদেশিক ব্যাঙ্কের সহিত (এক কর্মাকর্তা মূলধনের পরিমাণ ছাড়া) তাহাদের একাসনে স্থান নির্দেশ করা যাইতে পারে।

—বাংলাদেশের বর্তমান ব্যাঙ্কবিপর্যয়ের মূলসূত্র অনুসন্ধান করিতে হইলে ১৯৬৬ সালের নভেম্বর মাসের কথা স্মরণ রাখা প্রয়োজন। ইহার সহিত দ্বিতীয় মহাযুদ্ধের "হঠাৎ-নবাব"দের কথাও বিস্মৃত হইলে চলিবে না। কানাইলালের নিধু, নাটুকাটার ঠিকাদার, নাকিপী সৈন্যদের শাকসব্জি, ডিম ইত্যাদির সরবরাহকর্তৃদলকে যুদ্ধের হৌলতে আমরা ব্যাঙ্ক পরিচালকরূপে "বিকশিত" হইতে দেখিয়াছি।—যুদ্ধের সময় তাঁহাদের হস্তে প্রচুর পরিমাণে "কাঁচা টাকার" সংস্থান ছিল (মুনাফাখোরি ও রক্তকৌশল ?), ব্যাঙ্কপ্রতিষ্ঠায় ফলেও যে "কাঁচা টাকার" সাক্ষাৎ মিলিবে তদ্বিষয়ে তাঁহাদের সন্দেহ ছিল না—অতএব ঠিকাদারী অন্তে তাঁহাদের মধ্যে যাঁহারা একটু বেশী উদ্যোগী তাঁহারা ব্যাঙ্কপ্রতিষ্ঠাতা ও পরিচালক হইলেন।—ব্যাঙ্ক পরিচালনা করা অপেক্ষা সহজ কাজ আর সংসারে কিছু আছে বলিয়া তাঁহাদের মনে হইল না।—এই সকল মানুষের উৎপত্তির ইতিহাস আমাদের জাতীয় জীবনের লজ্জার ইতিহাস, বাংলার দুর্ভাগ্যের ইতিহাস।—ইহাদের পরিচালনাধীন ব্যাঙ্কগুলির মধ্যে অধিকাংশ ক্ষেত্রেই প্রকৃত "ব্যাঙ্কিং"এর সাক্ষাৎ অল্পই পাওয়া যাইত,—সে-ধরণের শিক্ষা ও অভিজ্ঞতার অভাব ত ছিলই, সেই সঙ্গে সাধুতার অভাবও বড় কম ছিল না।

—এমনই সময়ে দেখা দিল ১৯৬৬ সালের নভেম্বর মাসের সাম্প্রদায়িক-দাঙ্গাপরবর্তী সেয়ারবাজারের বিপর্যয়। তাহার পর হইতে বাংলাদেশের বাজার বাণিজ্যের ক্ষেত্রে অনিশ্চয়তার আর অন্ত রহিল না। স্বাধীনতার ভারতব্যাপী উৎসবও বাংলাদেশের জন্য অবিমিশ্র আনন্দ বহন করিয়া আনিল না। অর্থবিভাগের দুঃসহ স্ফীতিতে বাঙ্গালীর সকল চেতনা যেন আচ্ছন্ন হইয়া গেল।—ফলা বাহুল্য অর্থবিভাগের ফলে পশ্চিম বঙ্গের শিল্পবাণিজ্যের ক্ষেত্রেও অপরিমেয় ক্ষতি সাধিত হইল। এই ক্ষতির ধাক্কা বাংলাদেশের সুপ্রতিষ্ঠিত ব্যাঙ্কগুলির আঘাত করিয়া থাকিবে বলিয়া আমরা আশঙ্কা করিতেছি। তবের বিষয়, পূর্বে হইতে এ সম্পর্কে আমরা সতর্ক হই নাই এবং যথাযোগ্য ব্যবস্থা অবলম্বন করি নাই,—তাহা হইলে আজ আমাদের বৃহৎ ও সুপরিচালিত ব্যাঙ্কগুলিকেও এমন করিয়া অনুবিধায় পড়িতে হইত না।

কিন্তু পূর্বে যাহা করি নাই সেকথা বার বিয়া, আমাদের বর্তমানে করণীয় কি আজ তাহাই বিবেচ্য। আমাদের মনে হয় অবিলম্বে দুইটি পন্থা গ্রহণ করা আবশ্যক। সুদৃঢ় ও সৎ প্রতিষ্ঠানগুলিকে সর্বপ্রকারে সাহায্য প্রদান করিতে হইবে এবং অসাধু ও দুর্বল প্রতিষ্ঠানগুলিকে কাজ-কারবার গুটাইতে বাধ্য করিয়া তাহাদের পরিচালকদের আদর্শ শাস্তি-প্রদানের বন্দোবস্ত করিতে হইবে।

নূতন ব্যাঙ্কিং আইন বিধিবদ্ধ হইতে যে এখনও কিছুদিন বিলম্ব আছে, ইহা দুঃখের বিষয়। ভারতরক্ষার ব্যাঙ্কের ক্ষেত্রে যত শীঘ্র এই আইনের প্রয়োগ সম্ভব হয়, ততই মঙ্গল।—এই সম্পর্কিত যে কোন আইনের প্রধান উদ্দেশ্য হওয়া উচিত ভারতীয় ব্যাঙ্কসমূহের গঠনবিন্যাসের সংস্কারসাধন। বর্তমানে ভারতবর্ষস্থিত ব্যাঙ্কসমূহের সমস্ত আদায়ীকৃত শতকরা ৬০ ভাগ আদায়ীকৃত বিদেশী ব্যাঙ্ক ও বৃহত্তম ব্যাঙ্কে গচ্ছিত আছে এবং এই সকল বৃহৎ ব্যাঙ্কের সহিত মাঝারি ও ছোট ব্যাঙ্কগুলির অসম প্রতিযোগিতার দৃষ্টান্তেরও অভাব নাই। কেন্দ্রীয় সরকারকেই ব্যাঙ্কপ্রতিষ্ঠার অযৌক্তিক আগ্রহ এবং একই ধরণের ব্যবসায় সম্পর্কে পরস্পরের মধ্যে অসঙ্গত রেষারেষিও সাম্প্রতিক ব্যাঙ্কবিপর্যয়ের জন্য কম দায়ী নহে।

যুদ্ধোত্তর কালে—বিশেষ করিয়া স্বাধীন ভারতবর্ষে—ব্যাঙ্ক এবং বীমা প্রতিষ্ঠানগুলির বিশেষ প্রয়োজনীয়তা আছে। এই প্রয়োজনীয়তা কেবলমাত্র দেশের কল্যাণকে আশ্রয় করিয়াই সার্থক হইয়া উঠিতে পারে।—যুদ্ধকালীন কলুষকালীর বাংলাদেশের এবং ভারতবর্ষের ব্যাঙ্ক ও বীমা ব্যবসায় কাতর হয় নাই,—কিন্তু দূরদর্শিতার পরিচয় প্রদান করিতে বর্তমান সময়েও তাহাদের কার্পণ্য হওয়ার কথা নহে।—জনসাধারণের মধ্যে ব্যাঙ্কে টাকা রাখিবার এবং ব্যাঙ্কের কাজকারবারের সুবিধা গ্রহণের অভ্যাস ব্যাপকতর হওয়া প্রয়োজন—ব্যাঙ্কসমূহের কার্যকরী মূলধন যাহাতে আরও বৃদ্ধি পায় তাহার জন্যও তৎপর হওয়া আবশ্যক।—রিজার্ভ ব্যাঙ্কের হাতে যথেষ্ট ক্ষমতা অর্পণ করিলে এবং রিজার্ভ ব্যাঙ্কের পরিদর্শনের ফলে সর্বপ্রকার অনাচার দূরীভূত হইলে, দেশীয় ব্যাঙ্ক-সম্পর্কে জনসাধারণের আস্থা এমন পরিমাণে বর্ধিত হইবে যে, লক্ষ্যস্থলে পৌঁছিতে আমাদের বিলম্ব হইবে না।

বর্তমান পরিস্থিতিতে প্রাদেশিক সরকারের বিশাল দায়িত্ব আছে। সৌভাগ্যের বিষয় ইতিমধ্যেই পশ্চিম বঙ্গের বর্তমান মন্ত্রিসভা সে-দায়িত্ব সম্পর্কে তাঁহাদের পূর্ণ সচেতনতার প্রমাণ দিয়াছেন। পশ্চিম বঙ্গের প্রধান মন্ত্রী গতকল্য সাংবাদিক সম্মেলনে এসম্পর্কে যে বিবৃতি দিয়াছেন এবং তিনি নিজে আজ (মঙ্গলবার) রিজার্ভ ব্যাঙ্কের ডেপুটি গভর্নর মিঃ নেভূরি ও রিজার্ভ ব্যাঙ্কের কলিকাতা শাখার ব্যবস্থাপক

ঋণ করিয়াছেন ও আত্মহত্যা আমানতকারীদের অবস্থা করিয়াছেন, ত তাঁহার সুনাম বৃদ্ধি পাইয়াছে। ডাঃ রায়ের এইরূপ সতর্কতার ' প্রকার পক্ষে সঙ্গেই পাওয়া গিয়াছে। আজ আর কোন ব্যাঙ্ক টাকা তোলার আতিশয্যের সংবাদ আমরা পাই নাই,—সকলেই ভাবে কাজ কারবার চালিয়াছে। ডাঃ রায় তাঁহার এই ফলে বাংলাদেশকে যে এক গুরুতর অর্থনৈতিক সঙ্কটের হাত করিয়াছেন, তাহাতে সন্দেহ নাই।

কলিকাতার সাংবাদিক সম্মেলনে ডাঃ রায় বলিয়াছেন যে, ভারত ব্যাঙ্ক নিয়ন্ত্রণ আর্ডিন্যান্স জারী করার ফলে রিজার্ভ ব্যাঙ্কের তাহাদের অনুসৃত সর্বপ্রকার জালিয়াতি তফসীলভুক্ত ও তফসীলবহির্ভূত ব্যাঙ্কসমূহকে সাহায্য প্রদান করা সম্ভব হইবে। ন আরও বলিয়াছেন যে, রিজার্ভ ব্যাঙ্ক যাহাতে তাঁহাদের এই জনতা উদারভাবে ও দ্রুতগতিতে প্রয়োগ করেন তাহার প্রতি রাখিবেন অথবা আত্মহত্যা হইয়া এই সকল জাতীয়-নয় যাহাতে তাঁহারা ক্ষতি না করেন, ডাঃ রায় এই মর্মে জনসাধা-তেও আবেদন করিয়াছেন। তিনি সাংবাদিকদের জানাইয়াছেন যে ব্যাঙ্কব্যবসায়ের গতি-প্রকৃতির প্রতি তিনি পূর্ণমাত্রায় দৃষ্টি ন এবং বর্তমানেও ওই বিষয় তাঁহার সতর্ক মনোযোগ আছে।

রিজার্ভ ব্যাঙ্কের তরফ হইতেও জনসাধারণকে আশ্বাস করা হইয়াছে যে, রিজার্ভ ব্যাঙ্ক আমানতকারীদের স্বার্থের ' রাখিয়াছেন এবং যোগ্য বুঝিলেই নব-প্রবর্তিত অডিন্যান্সবলে ত্তে বিপন্ন ব্যাঙ্কসমূহকে অর্থসাহায্য করিতেছেন। রিজার্ভ তীত কালের অনেক আচরণ সম্পর্কেই "আর্থিক ভারত" টীত-ক সমালোচনা করিয়াছে।—কিন্তু রিজার্ভ ব্যাঙ্কের সাম্প্রতিক দ্বারা তাহার অতীতকালের সকল দোষত্রুটি ক্ষালিত হইয়া লিয়া আমরা মনে করি। রিজার্ভ ব্যাঙ্কের এবারকার আচরণ ই "ব্যাঙ্কসমূহের ব্যাঙ্ক"এর উপযুক্ত হইয়াছে, তাহাতে সন্দেহ আমরা রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃপক্ষকে আমাদের আন্তরিক ন জানাইতেছি।

ই হউক, রিজার্ভ ব্যাঙ্ক ও প্রাদেশিক সরকারের দ্রুত ন ফলে আমানতকারীদের আতঙ্ক আজ অনেকটা হ্রাস পাইয়াছে সে হয়।—এই আতঙ্ক সর্বাংশে বিলুপ্ত হওয়ার পর সংশ্লিষ্ট কর্তৃ-থমিক কর্তব্য হইবে বাংলাদেশের সবক'টি ক্ষুদ্র ও মাঝারি র্যপদ্ধতি পুঙ্খানুপুঙ্খরূপে অনুসন্ধান করা। সেই অনুসন্ধানের যেখানে পাওয়া যাইবে, সে ত্রুটি সংশোধনযোগ্য হইলে তাহা করিতে হইবে এবং অবস্থা বেগতিক বলিয়া যেখানে প্রতিষ্ঠানের সমাপ্তি সংঘটিত করিতে হইবে।—

অধিবেশের পক্ষে বিপজ্জনক, দেশের অর্থনৈতিক উন্নতির তাহারা দুর্ঘটনা স্বরূপ। ইহাদের জন্য সুপরিচালিত গুলিকেও দুর্নামের ভাগী হইতে হয়।—'কখন কি হয়' এই ব হাতে বিপুল পরিমাণে টাকা লইয়া সর্বদা বসিয়া থাকিতে বলিয়া, ওই সকল কুপরিচালিত ব্যাঙ্ক তাহাদের হস্তস্থিত ব অক্ষুণ্ণভাবে রক্ষা করিয়া দেশের শিল্পবাণিজ্যের সম্প্রসারণে হয় সহায়তা করিতে পারে না।

অতএব ব্যাঙ্কিং ভগবতের আমূলসংশোধন আবশ্যক। যের অপকীর্তির ফলেই সাধারণের মনে অনাস্থার সৃষ্টি হয়।—এই ব্যাঙ্ক প্রতিষ্ঠানের পক্ষে যত ক্ষতিকর, অন্য কোন প্রতিষ্ঠানের পক্ষে সেরূপ নহে। প্রকৃত পক্ষে সুনামই ব্যাঙ্কের প্রধান মূলধন।—এই গড়িয়া তুলিতে প্রতিষ্ঠানবিশেষের বহু বর্ষ অতীত হইয়া। অমায়িক সততা, সৌজন্যপূর্ণ ব্যবহার, সহায়তাপ্রবণ মনোভাব সর্বোপরি ব্যাঙ্কব্যবসায় সম্পর্কে সন্দিগ্ধমুখী অভিজ্ঞতার ফলে সুনাম অর্জন সম্ভব। দীর্ঘকালের আয়াসলব্ধ এই সুনাম নষ্ট যাইতে খুব বেশী সময় লাগে না এবং কোন কারণে একবার নষ্ট গেলে ওই নষ্ট-সুনাম পুনরুদ্ধার করাও কঠিন।—ব্যাঙ্ক প্রতিষ্ঠান আমরা সকলেই যদি এই সাধারণ কথাটা মনে রাখি, তাহা হইলে রটানোর সময়েই হউক অথবা সংস্কার সাধনের সময়েই হউক, কি কারণে ইহা আমাদের প্রকৃত উপকার আসিবে!

বেকার লিমিটেড্
(BAKER LIMITED)
পানিহাটি, ২৪ পরগণা
বৈদ্যুতিক মোটর, ডায়নামো, পাম্প, এ-সি, ডি-সি জেনারেটার, ওয়েলডিং জেনারেটার, ওয়েলডিং ট্র্যানস্ফর্মার, স্পট ওয়েলডার এবং সর্বপ্রকার ইলেক্ট্রোড সরবরাহকারক।
অর্ডার দিলে আমরা ইলেকট্রিক

প্রাসঙ্গিক

বিক্রমের আত্মসমর্পণ

অবশেষে বিক্রম আত্মসমর্পণ করিয়াছেন ও বিক্রমী সৈন্যবাহিনীকে ভূতপূর্বকর্তৃক নির্দেশ দিয়াছেন। লাখের আলী রহিমকে গ্রেপ্তার করিবার এবং রাজাকার দল ভাঙিয়া দেওয়া হইয়াছে। রাজ্যের বাকির বিক্রম 'বন্দুক' গ্রহণ করিয়াছেন এবং কতিপয় ব্যক্তিকে লইয়া একটি 'মুক্তি বাহিনী' গঠন করিয়াছেন। অপরদিকে ভারত সরকারের শান্তি ও শৃঙ্খলা রক্ষণের যে উদ্দেশ্য লইয়া হায়দ্রাবাদে সৈন্য প্রেরণ করিয়াছিলেন, সেই পরিকল্পনা অনুযায়ী তাঁহারা কাজে অগ্রসর হইতেছেন। দেশের জেনারেল চৌধুরী হায়দ্রাবাদের সামরিক শাসনকর্তা নিযুক্ত হইয়াছেন এবং বিভিন্ন জেলায় ভারত সরকারের কালেক্টর নিযুক্ত করিয়াছেন। এতদ্ব্যতীত হায়দ্রাবাদের বে-সামরিক বাহিনী গঠনের জন্য ভারত সরকারের বাবস্থা প্রায় সম্পূর্ণ হইয়া আসিয়াছে। রাজাকার অত্যাচারে সৈন্য কাশিম রাজভীকে বিক্রমী সৈন্যবাহিনীর অধিনায়ক এল এডরুস সেখর জেনারেল চৌধুরীর হস্তে সমর্পণ করিয়াছেন। অতএব হায়দ্রাবাদের বিক্রমের কি হইবে এবং কাশিম রাজভীকে কিরূপে শাস্তি প্রদান করা হইবে, বর্তমানে এই দুইটিই জনসাধারণের প্রধান আলোচ্য বিষয়।

পরাজয় নিশ্চিত জানিয়া বিক্রম যেরূপ যে সকল শর্তে আত্মসমর্পণ করিয়াছিলেন বলিয়া সেই সকল 'শর্ত' বা প্রস্তাব ভারত সরকারের বিবেচনাধীন রহিয়াছে। তবে ভারতের সহকারী প্রধানমন্ত্রী সর্দার বল্লভভাই প্যাটেলের যে সর্বশেষ বিবৃতি প্রকাশিত হইয়াছে, তাহাতে বেশ বুঝা যায় আশাতঃ হায়দ্রাবাদে বর্তমান শাসনব্যবস্থাই চলিতে থাকিবে এবং দৃঢ়তার বাবস্থা করিবে হায়দ্রাবাদের জনগণই, মন্ত্রোটের দ্বারা। সুতরাং প্রস্তাবিত মূলন রহিমতা কাউন্সেলে বিক্রম কোন মূল্য বাখে বা থাকিবে না এবং থাকা উচিতও নহে। সম্ভবতঃ এই মূতন রহিমতা গঠন যে বিক্রমের একটি চালমাত্র তাহাতে হায়দ্রাবাদ হৈট কাউন্সেলের নেতৃত্ব লইবার উদ্দেশ্যে উদ্ভাবন করিয়াছেন।

বিক্রম তাঁহার জেনারেল হায়দ্রাবাদ রাজ্যের ওসমানিয়া বিশ্ববিদ্যালয়ের অন্তত হাজার দেড়েক ছাত্র লোকজন অথবা লায়েক আলী রহিমতার ঘাড়ে চাপাইয়া নিজে অব্যাহতি লাভ করিতে চেষ্টা করিয়াছিলেন। তবে তাঁহার দুরভিসন্ধি সবকে ধরিয়া ফেলায় তাঁহার দুরাশা যায়। বৈশাখের ও জেনারেলারিয়ার যে সকল অধিবাসী হায়দ্রাবাদকে অবলম্বিত করিয়াছে মূলতঃ তাহার সকল বাহিনী বিক্রমের। আমরা আশা করি ভারত সরকারের উদার ও অমায়িকতায় হায়দ্রাবাদ অচিরাৎ মুসলমান বিক্রমী রাজত্বের চির-অবসান হইয়াছে

সিংহলে ভারত-বিরোধী আইন

সিংহল ভারতের প্রতিবেশী রাষ্ট্রগুলির অন্যতম। সুপ্রতিবেশী বলে, বিক্রমে, সাধুতায়ে, সাম্যবিকতায় ও বাণিজ্যিক আদান প্রদানে ভারত ও সিংহলের মধ্যে দুরদীর্ঘকালব্যাপী যে ঘনিষ্ঠতা বিরাজ করিয়াছে ভারতে সিংহলকে ভারতীয় যুক্তরাষ্ট্রেরই একটি অবিচ্ছেদ্য অংশরূপে গণ্য করা হইত। সিংহলের রাষ্ট্রনৈতিক বিকাশ, লৌহবর্ত্মাদায়ী আর্থনৈতিক উন্নতি ও অনুরূপ অর্থনৈতিক বিকাশ সম্ভবতঃ ভারতীয় আদর্শ, ভারতীয় ভাবধারা ও ভারতীয় বাণিজ্য-নীতির প্রভাবে পরিপুষ্ট ও সমৃদ্ধ। সিংহলের প্রধান শিল্প চা ও তাহা প্রধানতঃ ভারতীয় শ্রমিকের কঠোর শ্রমের দ্বারা উৎপাদিত, সিংহলের অন্যান্য শস্যোৎপাদনে সহায়তাকারী হইতেছে ভারতের শিল্প ব্যবসায়।

উক্ত কারণে এইরূপ সাংস্কৃতিক নিকটবর্তীতা ও ঘনিষ্ঠতা সত্ত্বেও সম্প্রতি সিংহল গভর্নমেন্ট বাণিজ্যিক আইনের বলে সিংহল প্রবাসী ৯ লক্ষ ভারতবাসীর ভোট ও ভবনের অধিকার হরণের যে ব্যবস্থা করিয়াছেন, তাহাতে ভারতবাসীমাত্রেই বিস্মিত ও ক্ষুব্ধ হইয়াছেন। মাত্র কয়েক মাস পূর্বে সিংহলের প্রধানমন্ত্রী মিঃ বেন্দারনায়ক বিলাতে উপস্থিত হইয়া ভারতীয় যুক্তরাষ্ট্রের কর্ণধারগণের সহিত সিংহল-ভারত সমস্যা সম্পর্কে আলাপ আলোচনা করিয়াছিলেন।

এই আলোচনার ফলে একটি সন্তোষজনক মীমাংসা হইয়াছিল বলিয়া আমরা অবগত আছি। আলোচনা ও তাহার ফলাফল সম্বন্ধে বিস্তারিত বিবরণ সাধারণে প্রকাশিত না হইলেও সকলেই এইরূপ ধারণা করিয়া লইয়াছিলেন এবং মিঃ বেন্দারনায়কের অনেক ভালো ভালো কথায় এই ধারণা আরও দৃঢ় হইয়াছিল যে সিংহলের ভারতীয়গণকে নাগরিকের সকল সুযোগ-সুবিধাদান সিংহলে বসবাস করিতে দেওয়া হইবে। অতএব এখন কি গভীর রহস্যের সিংহল গভর্নমেন্ট অযোক্তিক ভয়ের সহিত 'ভারতীয় বাণিজ্যিক আইন'-এর অবিলম্বে সিংহলের ভারতীয়গণের বিরুদ্ধের কৌশল উদ্ভাবনের প্রয়োজন বোধ করিলেন, তাহা আমরা জানি না। এই বিরাট ব্যবস্থায় সিংহলী প্রায় সকল রাজনৈতিক দলগুলি ভোটদানে বিরত হইয়াছেন এবং বলা বাহুল্য, সরকারী দল ইহাদের ভোট করিয়াছেন। নাগরিকতা সম্পর্কিত তাহাদের মধ্যে ভোটের জোরে ইতিমধ্যেই 'Ceylon Citizenship Bill' এবং 'Immigrants and Emigrants Bill' প্রতিনিধি পরিষদের (House of Representatives) এর দ্বারা পাশ করানো হইয়াছে।

আরও অগ্রসর হইয়াছেন না ভারত যাহাতে বসবাস করিতে ইচ্ছুক এইরূপ নাগরিকগণকে ভারতীয় যুক্তরাষ্ট্রের নাগরিক অধিকার প্রদানের ব্যবস্থা করা হইয়াছে। কিন্তু গভর্নমেন্টের আইনের নির্দেশ এই যে, যে ব্যক্তির পিতা, পিতামহ বা বৃদ্ধ প্রপিতামহ সিংহলে জন্মগ্রহণ করিয়াছেন কেবলমাত্র এইরূপ ব্যক্তিরাই সিংহলের নাগরিক অধিকার প্রদান করা হইবে। উক্ত নির্ধারিত দিন বা তাহার পরে সিংহলের বাহিরে জন্মগ্রহণ করিয়া থাকিলেও তাহার পিতা, পিতামহ বা প্রপিতামহ সিংহলে জন্মগ্রহণ করিয়াছেন, এইরূপ ব্যক্তি সিংহলের নাগরিকত্বলাভে বঞ্চিত হইবেন। পৃথিবীর গণতান্ত্রিক ও সভ্য রাষ্ট্রগুলির জন্ম ও আকস্মিক সময়ের ভিত্তিতে নাগরিক অধিকার প্রদানের যে বিধান করিয়াছে সিংহলের আলোচ্য আইন সেইরূপ তাহার বিরোধী সিংহলের অন্যত্র একটি নির্দেশ হইতেছে বেতেটিনেন সম্পর্কে। নাগরিক হিসাবে নাম রেজেস্ট্রী করিবে ইচ্ছুক এরূপ আবেদনকারীকে প্রমাণ করিতে হইবে যে, আবেদন পত্র দাখিলের পূর্বে বৎসরের অন্যূন দিনে নির্ধারিত বিবরণের পূর্বে বৎসরের তিনি সিংহলে বসবাস করিয়াছেন। অধিকন্তু যাহারা দিন হইতে এখন একটি সন্তোষ প্রদর্শন করিবে হইবে যাহাতে রাষ্ট্রভুক্তির সিংহলে যাবতীয়ভাবিক বসবাসে প্রমাণ পাওয়া যায়।

বর্তমান আকারে প্রস্তাবিত আইন কার্যকরী হইলে ভারতের ও বর্মাদেশে উহার ভয়াবহ প্রতিক্রিয়ার ফল হইবে। সিংহলের নাগরিক আইন ও অনুরূপ আরও কতিপয় আইনে সাম্রাজ্যের অন্যত্র বর্ণ-বিদ্বেষের পরিচয় কিছু থাকিলেও তেমন, সিংহলের সেখানকার বাসিন্দা ভারতীয়দের উপর অতোটা নিষ্ঠুর নহে। এক বিষয় সিংহলের আইন অধিকতর মারাত্মক সম্পর্কে আফ্রিকার ভারতীয়দের সংখ্যা ৯ লক্ষ ৮২ হাজার পক্ষান্তরে সিংহলে ভারতীয়ের সংখ্যা অন্যূন ৯ লক্ষ সুতরাং সিংহলের দুরভিসন্ধিমূলক আইন বহু ভারতীয়ের সর্বনাশ সাধন করিবে। দক্ষিণ আফ্রিকা ভারতীয়দের ন্যায় সিংহলের ভারতীয়দের মধ্যে আর্থিক শিক্ষার বিভিন্ন ও রাজনৈতিক জাগরণের বেতুবাদী বাহিনী গঠন করিয়াছে। সিংহলের ৯ লক্ষ ভারতীয় অধিকাংশই অশিক্ষিত। সুতরাং তাহাদের ন্যায় ভোটাধিকার ও অন্যান্য অধিকারকে অক্ষুণ্ণ করিয়া সিংহল গভর্নমেন্ট অবলীলাক্রমে নূতন আইন রচনা করিতে পারিয়াছেন।

একথা ভারত গভর্নমেন্টের কাহারও স্মরণ করাইয়া দিবার প্রয়োজন নাই যে ভারত সিংহল গভর্নমেন্টকে তাঁহাদের অন্যায় প্রস্তাব গ্রহণে বিরত করা যাইবে বলিয়া মনে হয় না। দুর্ভাগ্যের বিষয় ভারত সিংহল বাণিজ্য সম্পর্কে একটি নূতন বাধার সম্মুখীন হইতেছে। বর্তমান বৎসরে প্রথমার্ধের হিসাবে দেখা যায়, এই সময়ের মধ্যে সিংহলে ভারতীয় রপ্তানি বাণিজ্যের মূল্য দাঁড়াইয়াছে ৯ কোটি টাকা এবং সিংহল হইতে ভারতে আমদানি বাণিজ্যের মূল্য ১৮ কোটি টাকা। সুতরাং বর্তমান আচরণের পরিবর্তন না করিলে অচিরকালে যে সিংহল গভর্নমেন্টকে ভয়ঙ্কর অর্থনৈতিক সঙ্কটের সম্মুখীন হইতে হইবে, এই কথাটি তাঁহাদের বুঝাইয়া দেওয়া দরকার। আমরা আশা করি ভারত গভর্নমেন্ট এই বিষয়ে অবহিত হইবেন এবং অন্যান্য ব্যবস্থার দ্বারা সিংহলবাসী ৯ লক্ষ ভারতীয়ের ভাগ্য

দীদের কর্ত্তব্য

ে লোকের আত্মহত্যার কথা বিবৃত করিয়াছে। প্রায় অর্দ্ধশতাব্দী-সংগ্রাম পরিচালনা করিয়া পরলোকগত মহাত্মা গান্ধীজীর নেতৃত্বে অন্ধ, সমগ্র প্রধান কংগ্রেস তথা ী জনসাধারণের। তাদের ধনবান্ বলিয়া কংগ্রেসকর্ম্মিগণ অনুষ্ঠীন সংগ্রামের মূলে তাঁহাদের ধনসম্পদ ছেন ও অশেষ লাঞ্ছনা বরণ করিয়াছেন। এই বিষয়ের ইতিহাসের পরিপ্রেক্ষিতে দিলে আমিকরা দিন কংগ্রেসে যে ীর সঙ্গে ও অসহায়দের জন্য মানবতায় । উঠিয়াছে, তাহাকে কত দুর্বাণী দ্বারা লা যাইতে পারে?

ত্যাগস্বীকারে জনসাধারণের অন্তরে প্রভাব ন লাভ করিয়াছেন আজ মুক্তসার্থ, সর্ব্বত্র ধর্মীর কণ্ঠস্বর—এক, কথায় ভোটের দ্বন্দ্ব ন্দিগকে তথা কংগ্রেস প্রতিষ্ঠানকে ক্রত করিয়া তুলিতেছে। সকল কর্ম্মীর সম্বন্ধেই াহা নহে, তবে একথা অস্বীকার করিবার যে, কংগ্রেস কর্ম্মীদের এক দুরংশে তাঁহাদের ইতিমধ্যে উপরেতা করাইয়া ফেলিয়াছেন। ে ভোটের কংগ্রেসের জেলায়ে সেক্রেটারী দলের সহযোগের ইচ্ছে যাহাতে তথন কংগ্রেসকর্মী সাধারণ এ তথন প্রদেশ ে তাহাদের ইচ্ছে মতীর কেন্দ্রের সঙ্গে এই ই উদ্যম করিয়াছেন। স্বাধীনতা লাভের প্রায় হইতে দুরুহ সংগঠন তথা বিরা দুরুহকার্য্যে অগ্রসর হইতে হইতেছে। পূর্ব তথা ও দুরুহার এই সময়ে সর্ব্বাধিক প্রয়োজন । দেশীয় কংগ্রেসকর্ম্মীর মনে এমন একটা ল হইয়া দাঁড়িয়াছে বলিয়া মনে হয় যে, তাই র আর তাঁহাদের করিবার কিছু নাই—এত াদের ধারণা দেশ স্বাধীন হইয়াছে, গান্ধে-প্রভাব করিত ব ব্যবস্থা করা ও দলীয় স্বার্থ উদ্ধার করা ত্রীসরদার দেও এই মারাত্মক অবোধ্যতির ফলে কর্ম্মিগণের দৃষ্টি আকর্ষণ করিয়া বলেন যথা বিটিশ শাসনের অবসান হইয়াছে, ার অর্থ ইহাই নয় যে, যে স্বাধীনতার জন্য এতদিন সংগ্রাম করিয়া আসিয়াছে তাহা হইয়াছে। স্বাধীনতা যে স্বাধীনতার কথা বলেন তাহা আজিও লাভ হয় নাই। বিদেশী অপসারণ হইয়াছে সত্য, কিন্তু স্বাধীনতা-সংগ্রামের প্রতিজ্ঞার বিরাট কর্ত্তব্য আজিও । অনেক কংগ্রেসকর্ম্মী এই কর্ত্তব্য বিষয়ে অবগত অজ্ঞতাবশে বলিয়া শ্রীসরদার পটেল দুঃখ-করেন।

ং বর্ত্তমানে ঘর, বস্ত্র, শিক্ষা ও স্বাস্থ্য হয়ে যে অভাব দুর্নীতি চলিতেছে, তাহাতে-কারের ভোগ উচিত ও আন্তরিক আহ্বান দেখা যাইতেছে না। কেরলায় স্বর্ণমুদ্রাই সব কিছু করিবেন, ভোগাকাঙ্ক্ষা, দুর্নীতি, উৎকোচ প্রভৃতি ধ্বংসের জন্য আইন রচনা ও তাহার প্রয়োগই একমাত্র পথ এইরূপ ভাব ধারণা হইতে মুক্ত হইবার জন্য শ্রীসরদার দেও কংগ্রেসকর্ম্মীদের অনুরোধ জানান।

শ্রীসরদার দেওর উক্তির যথার্থতা কেহ অস্বীকার করিতে পারিবেন না আজ কংগ্রেসকর্ম্মীরা স্বরাজের পরিষদ, মন্ত্রীপরিষদ, বিটীশ-নিয়ন্ত্রিত ও অন্যান্য সরকারী ও আধা-সরকারী এবং বেসরকারী বহু প্রতিষ্ঠানের সঙ্গে প্রত্যক্ষভাবে জড়িত আছেন। ইউনিয়ন বোর্ড, জেলা বোর্ড প্রভৃতির প্রধানরূপে তাঁহাদের পরিচালনাধীনে। জনসাধারণের সঙ্গে তাঁহাদের ঘনিষ্ঠ যোগাযোগের সুযোগ রহিয়াছে এবং জনসাধারণের সুখ সুবিধা বিধানের দায়িত্বও ও প্রধানতঃ তাঁহাদেরই উপর ন্যস্ত। এবিষয়ে কংগ্রেস সরকারের অপেক্ষা কংগ্রেসকর্ম্মীদের দায়িত্বই অধিক বলিয়া আমরা মনে করি। কিন্তু বড় দুঃখী এই দায়িত্ব কিরূপভাবে পরিচালিত হইতেছে, দলীয় রাজনীতির উদ্দেশ্যমূলক কার্য্যকলাপ ও প্রচারে জনসাধারণ বিপন্ন হইয়া পড়িবে এবং দ্রব্য ও প্রতিকারে এক বিরাট অংশ কালোবাজারী বিরোধী রাজনৈতিক দল বিশেষের প্রভোকেশন পড়িতেছে। কালোবাজারী অজ্ঞাত হইলেও জনসাধারণের মনে স্বাধীন দেশের নাগরিকের দায়িত্ব ও কর্ত্তব্যবোধ কিছুমাত্র জাগ্রত হয় নাই। কংগ্রেস-কর্ম্মিগণকে সৎ ও নিষ্ঠাবান কর্ম্মিসঙ্ঘের নাগরিক গঠনের গুরুদায়িত্ব গ্রহণ করিতে হইবে। তাহা হইলে সকল অবস্থায় কেবলই আইনের বা সরকারী বিধিব্যবস্থার মুখাপেক্ষী হইয়া থাকার প্রয়োজন হইবে না। মহাত্মাজী এইরূপ আত্ম-সমাহারেই স্বয় দেখিয়াছিলেন এবং তজ্জন্য আজীবন সাধনা করিয়া প্রাণ বিসর্জ্জন দিয়াছেন। আমরা কি তাহা ভুলিয়া ফেলাম?

প্রকৃতির লীলা

দেশের বিভিন্ন স্থান হইতে বন্যার ভয়াবহ দুঃসংবাদের কথাই আসিয়া পৌঁছিতেছে। এই সময় কিছিৎ বিলম্বে বর্ষার সমাগম হয় এবং অকস্মাৎ বিরাট বন্যাতে প্রবল জলোচ্ছ্বাসের সৃষ্টি হয়। ইতিপূর্ব্বে সিন্ধুর এক বিরাট অঞ্চল বন্যার স্রোতে বিধ্বস্ত হইয়াছে, আসামের বিভিন্ন অংশ জলপ্লাবিত হওয়ায় ঘর, পশু ও ফসলাদি সমূহ বিনাশ করিয়াছে। প্রাণহানির সংখ্যাও নেহাৎ অল্প নয়: এই বিনাশের সৃষ্টি সম্পূর্ণ হইবার পূর্ব্বেই যুক্তপ্রদেশ ও বিহার হইতে প্রবল জলপ্লাবনের সংবাদ আসিয়াছে। বিহারে অকাল জলোচ্ছ্বাসের মধ্যে ডুবাইয়া দিয়াছে এবং প্রকৃতিদেবী জললীলার এক অত্যন্তপূর্ব্ব ভীষণতার সৃষ্টি করিয়াছেন। আরও কত ক্ষতি ও সর্ব্বনাশ ঐ সকল অঞ্চলের অধিবাসীদের অদৃষ্টে আছে তাহা

মধ্যে এবার বন্যার প্রবল আর ঘটনাই বলিয়া প্রকাশ। পাঁচ শত দুই বিজ্ঞপ্ত হইয়াছে, এবং কত পশু পাখী প্রাণ হারাইয়াছে তাহারও আর ইয়ত্তা নাই।

বন্যার স্রোত ক্রত কানপুরে পৌঁছায় এবং শহরকে ক্ষতি করে। শহরের একটি অঞ্চল প্লাবনে ডুবিয়া যায়। গত ৬৭ বৎসরকালের মধ্যে কখনও সহরে এমন জলস্ফীতি দেখা যায় নাই। ওদিকে জেলার ২০০টি গ্রাম ক্ষতিগ্রস্ত হইয়াছে বলিয়া প্রকাশ। অত্যন্ত অধিক ক্ষতি এলাহাবাদ, বারাণসী, বালিয়া ও গাজীপুরে বন্যা বিস্তার লাভ করে। কানপুর এবং ওদিকে ৪০০০ গ্রাম জলে ডুবিয়াছে এবং দুরবীন আরো সরকারীর সংখ্যা প্রায় কুড়ি হাজার। বারাণসীর অবস্থা বর্ণনাতীত, অন্যূন ১০ হাজার গ্রামবাসী তথায় দুরবস্থা ও দুর্দ্দশাগ্রস্ত হইয়া পড়িয়াছে। বারাণসী সহরের জলনিষ্কাশন হওয়ায় জনসাধারণের দুঃখদুর্দ্দশার আর অন্ত নাই।

বিহার জলপ্লাবনের যে সকল চিত্র বৈদিক সংবাদপত্রে প্রকাশিত হইয়াছে, তাহাতে মনে হয় ঐ সকল স্থানে বাসভূমি ছিল বলিয়া কল্পনাও করা যায় না: মজঃফরপুর, চম্পারণ ও দারভাঙ্গা জেলার অবস্থা ভয়াবহ এবং এই তিনটি অঞ্চলে লোকসংখ্যা আর্দ্ধেক হ্রাস করা হইয়াছে। বন্যার জলে সস্যক্ষেত্রের সর্ব্বনাশ এবং এক সঙ্গে ভাসমান মৃতদেহ ও জীবন্তের দুর্দ্দশাগ্রস্থ মানুষের এক মর্ম্মন্তুদ দৃশ্যের অবতারণা করিয়াছে। বিহারের সংবাদে দেখা যায়, সাহারসা, মুঙ্গের ও পাটনার ব্যাপক অঞ্চলে বন্যার তাণ্ডবলীলা সাধিত হইয়াছে। সাহারসা জেলায় ২০০টি, মুঙ্গেরের দেওঘরাই মহকুমায় ৮০টি এবং পশ্চিম পাটনার ৮০টি গ্রাম বন্যার জলে নিমজ্জিত হইয়াছে: অন্যান্য বিপন্ন সহস্র নরনারী দুরবীন অবস্থায় পতিত হইয়া পড়িয়াছে। অধিক ও তাহার পশুর কেহ অবশিষ্ট নাই বলিলেই হয়, তাহাতে অন্ন ও বস্ত্রহীনতা ভয়াবহ দুর্দ্দিক আত্মপ্রকাশ করিবার সম্ভাবনা করিয়াছে। বলা বাহুল্য সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের সেবা ব্যবস্থাদির পাইতেছেন; তথাপি সঙ্কটের তুলনায় সাহায্য পর্য্যাপ্ত পরিমাণে পৌঁছাইতেছে না বলিয়া আমরা সংবাদ পাইয়াছি। সত্য হইলে ইহা দুঃখের পরিতাপ ও উদ্বেগের বিষয়। প্রকৃতি যে সকল মানুষের উপর এমন নিষ্ঠুর আঘাত হানিয়াছেন, মানুষকেই তাহাদের প্রাণের ব্যবস্থা করিতে হইবে। আমরা আশা করি সরকারী কর্ম্মচারী ও সেবা প্রতিষ্ঠানগুলির সমস্ত সেবা সাহায্য বন্যাদুর্গতদের সেবায় নিযুক্ত প্রদান করিতে পারিবে। ইহাদের পুনর্ব্বাসনের ব্যবস্থাও যাহাতে অবিলম্বে সম্ভব হয় তৎপ্রতিও দৃষ্টি দিতে হইবে।

কাউন্সিল কার্য্যালয়ের শোচনীয় দুর্দ্দশা

কাউন্সিল প্রতিষ্ঠানের নিরাপত্তা পরিষদ কক্ষ সাহেবদের বিদায় সাধিবার কাউন্সিল কার্য্যালয়ের অবস্থাটার মতো আকস্মিক ঘটনা সাম্প্রতিক ইতি

সংবাদলিপি

লণ্ডন

ব্রিটেনের মুদ্রাস্ফীতি হ্রাস সমস্যা—নূতন বাণিজ্য-নীতির সাফল্য—শ্রমিকের উৎপাদন হ্রাস—শিল্পে বিজ্ঞানের অধিক প্রয়োগের প্রয়োজন।

(নিজস্ব সংবাদদাতা প্রেরিত)

লণ্ডন, ৯ই সেপ্টেম্বর—বর্তমান মুদ্রাস্ফীতি ও মূল্যের বিষয়ে গত ফেব্রুয়ারী মাসে সরকার যেসব প্রকাশ করিয়াছিলেন, সেই ঘোষণা অনুযায়ী কাজ না করার জন্য সরকারকে সংসদে আলোচনার প্রতিনিধি ও ট্রেড ইউনিয়নের প্রতিনিধিরা কঠোর সমালোচনা করিয়াছেন। সংসদে প্রতিশ্রুতিগুলি মূল্য হ্রাসের প্রয়াসে কিছুটা সাফল্য অর্জন করিয়াছে, কিন্তু ট্রেড ইউনিয়ন নেতারা সরকারের কাজের প্রতি কিছু মৌখিক সহানুভূতি দেখাইয়াই তাহাদের কর্তব্য সম্পাদন করিয়াছেন। তবে ট্রেড ইউনিয়নের নেতারা বিশেষই স্বীকার করিয়াছেন যে, সংগ্রিষ্ট ইউনিয়নগুলির উপর তাঁহাদের কোন ক্ষমতা বা প্রভাব নাই। সরকারও তাঁহাদের নিজেদের যোগ্যতার বিষয়ে কাজ করিয়াছেন—১০,০০০ সরকারী ইঞ্জিনিয়ারের সপ্তাহে ১১ শিলিং বেতন বৃদ্ধি করিয়াছেন। ইহার ফলে ইঞ্জিনিয়ারিং শ্রমিকদের বেতন সম্পর্কে যে সালিশী বিচার চলিতেছে তাহার উপর প্রভাব বিস্তার করিবে। শ্রমিকদের সপ্তাহে ৩ শিলিং করিয়া মজুরি বৃদ্ধি হইলেও শ্রমিকরা যে সন্তুষ্ট হইবে তাহা মনে হয় না, অথচ ঐ ৩ শিলিং মজুরি বৃদ্ধির জন্য সরকারের বাৎসরিক ব্যয় বৃদ্ধি পাইবে ২ কোটি পাউণ্ড। ইহার উপরে আরও ৮৩০,০০০ বেসরকারি শ্রমিক সপ্তাহে ১১। শিলিং মজুরি বৃদ্ধির জন্য দাবী জানাইতেছে। তাহাদের সেই দাবী পূরণ করিতে গেলে সরকারের ব্যয় বৃদ্ধি পাইবে আরও ২ কোটি পাউণ্ড বেশী, অথচ এই শ্রমিকদাবী মূল্য হ্রাসের জন্য বিভাগীয় সরকারের কাছে আবেদন করিতেছে। কিন্তু তাহাদের এই মজুরি বৃদ্ধির ফলেই যে উৎপাদনের ব্যয় বৃদ্ধি পাইয়া বিনিময়ের মূল্য বৃদ্ধি ঘটিয়াছে তাহারা সেই সম্পর্কে অজ্ঞতার ভান করিতেছে।

ব্রিটেনের বহির্বাণিজ্যনীতির পরিবর্তন হইবার ফলে ব্রিটেনের বিনিময় সমস্যার অনেকটা উন্নতি হইয়াছে। ১৯৪৮ সালের ৩০এ জুন তারিখে যে ১২ মাস শেষ হইয়াছে তাহাতে দেখা যায় যে, রপ্তানি বৃদ্ধির চেষ্টা ও আমদানি নিয়ন্ত্রণের ফল ব্রিটেনের পক্ষে শুভই হইয়াছে।

১৯৪৮ সালের জুন মাসের ৩০ তারিখের পূর্ববর্তী ১৮ মাসের আমদানি-রপ্তানির হিসাব লইলে দেখা যাইবে যে, পশ্চিম ইয়োরোপ হইতে ১৯৪৭ সালের প্রথম ছয় মাসে আমদানিকৃত মালের পরিমাণ ছিল ৩০১০ লক্ষ পাউণ্ড এবং ঐ বৎসরের দ্বিতীয়ার্ধে আমদানিকৃত মালের মূল্য হইবে ৪৪০০ লক্ষ পাউণ্ড কিন্তু ১৯৪৮ সালের প্রথম ছয় মাসে আমদানির মূল্য ধরিয়া লইয়াছে ৩৪০০ লক্ষ পাউণ্ড হইতে হয়তো দেখা যায় যে ঐ অঞ্চলে ব্রিটেন হইতে রপ্তানিকৃত মালের পরিমাণ ব্রিটেনের মোট রপ্তানির শতকরা ১২.৪৫ ভাগ মাত্র।

ব্রিটেনের নিকেল বিলাস পরিদর্শন কমিটির এবং ব্রিটেনের বৈজ্ঞানিক সভার সভাপতি এই বৎসরের সভাপতি স্যার হেনরী টিজার্ড বলেন যে ব্রিটেন শিল্পে বিজ্ঞানের অধিকতর প্রয়োগের দ্বারাই তাহার শিল্পোন্নতি অব্যাহত রাখিতে পারে। তিনি বলেন যে ব্রিটেনের শ্রমিকের গড়পড়তা উৎপাদন ক্ষমতা মোটেই আশাপ্রদ নহে, এমন কি পূর্বেকার তুলনায়ও কয়েকটি শিল্পে শ্রমিকের উৎপাদন ক্ষমতা হ্রাস পাইয়াছে। উদাহরণস্বরূপ তিনি বলেন যে ৩০ বৎসর পূর্বে কয়লা-শ্রমিকের মাথাপিছু যে উৎপাদন ক্ষমতা ছিল বর্তমানে তাহার তুলনায়ও কয়লা-শ্রমিকের উৎপাদন ক্ষমতা হ্রাস পাইয়াছে।

দিল্লী

হায়দরাবাদ আক্রমণের প্রস্তুতি—কৃষি মন্ত্রী সম্মেলন—খাদ্য উৎপাদন বৃদ্ধির জন্য গ্রামবাসীর সহযোগিতার প্রয়োজনীয়তা—পূর্ব পাঞ্জাবে শিখ সম্প্রদায়ের সমস্যা।

(নিজস্ব সংবাদদাতা প্রেরিত)

দিল্লী, ১৪ই সেপ্টেম্বর,—ভারত সরকার হায়দরাবাদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিলে তাহাতে বন্ধের বন্যা বহিয়ে বলিয়া পাকিস্তানের বৈদেশিক মন্ত্রী যে মন্তব্য করিয়াছেন, তাহার উত্তরে ভারত সরকার নাকি পাকিস্তানের প্রধান মন্ত্রীকে এক তারযোগে এই সংবাদটি জ্ঞাপন করিয়াছেন যে তাহার যুদ্ধ-জাহাজের যাহাতে করিয়ে প্রস্তুত আছে। হায়দরাবাদ সম্পর্কে ভারত সরকারের মনোভাব পণ্ডিত নেহরু স্পষ্ট ভাষায় জানাইয়া দিয়াছেন। এখন যে কোন মুহূর্তে ভারতীয় বাহিনী সেকেন্দ্রাবাদে প্রবেশ করিতে পারে এবং তাহার প্রস্তুতি সম্পূর্ণ হইয়াছে বলে হয়। নিজাম, রাজাকার ও পাকিস্তান সকলেরই এবার বুঝিতে আর বিলম্ব হইবে না যে, ভারত সরকার প্রয়োজন হইলে কঠোরতম ব্যবস্থা অবলম্বন করিতে দ্বিধা করিবেন না। নিজামকে যে সুযোগ দুইবার দেওয়া হইয়াছিল, তাহার মূল্য তিনি নিজাম বুঝিতে পারেন নাই। এইবার তাহার ফল তাঁহাকে ভোগ করিতে হইবে।

গত সপ্তাহে এখানে ভারতের কৃষি মন্ত্রীদের যে সম্মেলন হইয়া গিয়াছে, তাহার ফল বিশেষ কিছু হইয়াছে বলিয়া মনে হয় না। ঐসম্মেলনে কৃষ্ণমাচারী বিশেষই সম্পর্কে আলোচনা হইয়াছে। কিন্তু ঐ বিশেষটি কবে সরবে মূল্য হ্রাসের জন্য মূল্য নিয়ন্ত্রণ, রেশনিং ইত্যাদি তুলিয়া দেওয়ার জন্য যে সুপারিশ করা হইয়াছে, সেই সম্পর্কে সম্মেলনে কোন স্থির সিদ্ধান্তে উপনীত হইতে পারে নাই।

ঐ সম্মেলনে সভাপতিত্ব করিয়া কৃষিমন্ত্রী জয়রামদাস দৌলতরাম খাদ্য উৎপাদন বৃদ্ধির সমস্যা সম্পর্কে সকল প্রাদেশিক সরকারের মনোযোগ বিশেষ অনুরোধ করেন,—কিন্তু আগামী কয়েক দিনের মধ্যে রাষ্ট্রের খাদ্যমন্ত্রীদের সম্মেলন অনুষ্ঠিত হইবে বলিয়া এই সম্মেলনে সেই সম্পর্কে কোন প্রস্তাব গ্রহণ করা হয় নাই বলা যায়। শ্রীযুক্ত জয়রামদাসের বক্তৃতার আর একটি উল্লেখযোগ্য বিষয় ছিল যে 'খাদ্য-উৎপাদন বৃদ্ধির জন্য গ্রামবাসীদের সহযোগিতা কি ভাবে পাওয়া যায় তাহার চেষ্টা করা। তিনি সেই উদ্দেশ্যে গ্রামবাসীদের মধ্যে সরকার আন্দোলনের প্রসারের জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করা যায়, সেই সম্পর্কেও বিস্তৃতভাবে আলোচনা করেন এবং উহার কার্যকরী ব্যবস্থার জন্য প্রত্যেকের উচ্চতরদের তরফের শিক্ষা বিস্তার জন্য শিক্ষক নিযুক্ত করার কথা বলেন। তাঁহার সঙ্গে ঐসব বিষয়ে সম্মেলন একমত হইলেও বাস্তবক্ষেত্রে ঐসব পরিকল্পনা কতখানি কার্যকরী হয় তাহাই ভাবিবার বিষয়। কারণ বর্তমানে যেসব প্রস্তাব উত্থাপন করা হইয়াছে, সেইরূপ বহু প্রস্তাব পূর্বেও গৃহীত হইয়াছে, কিন্তু অধিকাংশ ক্ষেত্রেই কাজে কিছু হয় নাই।

পূর্ব পাঞ্জাবে শিখ বাস্তিদের পুনরুজ্জীবনের সম্পর্কে ঐ প্রদেশের প্রধান মন্ত্রী ডাঃ গোপীচাঁদ ভার্গব সিমলায় ভারতীয় গণিক সমিতির এক সভায় এক বক্তৃতা করেন। কিন্তু যিনি পূর্বে পূর্ব পাঞ্জাবে শিখ প্রতিষ্ঠা করিবার জন্য স্থান নির্ধারণের জন্য যে কমিটি নিযুক্ত হইয়াছিল, তাঁহারা তাঁহাদের রিপোর্ট দাখিল করিয়াছেন : ঐ রিপোর্ট সম্পর্কে ডাঃ ভার্গব বলেন অধিকাংশ পাঞ্জাবের ঘনবসতি অধ্যুষিত স্থানের অবে পশ্চিম পাঞ্জাবে বর্তমানে যাহা ৫টি তহশিলভুক্ত স্থান ও ১২ টি অন্যান্য স্থান বাছাই করিয়াছে,—সরকার ১৯৪৮-৪৯ সালের জন্য স্থানগুলিকে ১০৭ লক্ষ টাকা দান করিয়াছেন। তিনি আরও বলেন যে, পাঞ্জাবে পক্ষে ক্ষতিগ্রস্থ সম্প্রদায়ের চেষ্টায় সকল দিকে উপযোগী তিনি উপসংহারে বলেন যে পাঞ্জাবে অধিবাসীদের সঙ্গে ঐ প্রদেশে পানি ও পুনর্বাসন সমস্যা দ্রুত সমাধানের প্রয়োজন। কারণ তাহা না হইলে কোন ধনবিনিয়োগকারীই পাঞ্জাবে ধনবিনিয়োগ করিতে সাহসী হইবে না।

পুনর্বাসনে প্রত্যেকটি শিখ প্রতিষ্ঠানে ওয়াকিফহাল কর্মী নিয়োগ করা হইবে বলিয়া ডাঃ গোপীচাঁদ ভার্গব ঐ সভায় বক্তৃতা করেন। প্রত্যেকটি কমিটিতে বাস্তিদের প্রতিনিধিরা সংখ্যাধিক্য প্রতিনিধি থাকিবেন বলিয়াও তিনি ঘোষণা করেন। তাহাড়া প্রতিটি শিখ-ক্ষেত্রে উৎপাদন কমিটি নিযুক্ত করিবার সিদ্ধান্তও গ্রহণ করা হইয়াছে বলিয়া তিনি জানান।

...লবার ডিক্রিতে প্রবেশ পাস সম্পর্কে সমস্যা—...য়ের সহিত সাধুজ রেখেলা আলোচনার ...ব—তাঁহার ডিক্রিতে মাদ্রাজ মিউনিসিপ্যাল নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা—'কমল বাড়াও' ...লনের বার্তা।

(নিজস্ব সংবাদদাতা প্রেরিত)

...ঘাই, ১২ই সেপ্টেম্বর—বিলাত কর্তৃক ভারত হতে কাপড় প্রত্যাখানে বাজারে বিশেষ ...তের সৃষ্টি হইয়াছে, কারণ এখন সকলেই ...ছেন যে, ভারতের পক্ষে এখন ব্যবসাবাণিজ্যে ...ন্তা ছাড়া আর কোন পথ উন্মুক্ত রহিল না। ...সরকার নানাপ্রকারে আলোচনা-আলোচনার দ্বারা ...তের সমস্যা সমাধানের যে চেষ্টা করিয়াছিলেন ...হার ফলে বিলাত যে অবস্থা সহ্য করিতেছিলেন ...বেই সহ্য করিতে পারেন নাই। তাহার ...না-আলোচনার প্রয়োগে বিলাত তাহার নৈত্য ...ইে শক্তি বৃদ্ধির চেষ্টা করিতেছিলেন এবং ...পাদিত রাজাকার 'রাজিনীতি অন্যায়ের ...ব্যবসাবাণিজ্যের অনুসরনে সরকারী সমর্থন ...তাদের শীর্ষস্থানীয় ভারতীয় প্রজাদের ...বিপন্ন হইয়া উঠিয়াছিল: সেই হিসাবে ...কার অসহযোগের 'বিলাতের সঙ্গে আরও ...তর আপোষ মীমাংসার সমর্থনকারী ধরেন, ...বিলাত ও তাঁহার সহচর প্রজাতন্ত্রের আরও ...ছু দূর নীচে নামিয়া বিনা শর্তে আত্মসমর্পণ ...রিবেন না তাহাই দেখা যাইবেন। তাহারা ভারতীয় ...নিসী কখন ব্যবসাবাণিজ্যে প্রবেশ করিবে তাহার ...ন্য একেবারে সকলেই দিন গণিতেছেন।

...ারের ডিক্রিতে প্রবেশ পাস সম্পর্কে এইখানে ...উত্তেজনার সৃষ্টি হইয়াছে। কমিশন কর্তৃক ...রেকমণ্ডি প্রচার করা হইয়াছে, তাহা হইতেই উত্তেজনা শুরু হয় এবং সাধ্য প্রত্যাখ্যানকারীদের ...বিশেষ ব্যবহার দেখা যায়। যেমন সাধুজ ...া প্রবেশ পাস সম্পর্কে ডিক্রাজ সরকার যে ...ব করিয়াছেন যে, ঐ সাধুজ প্রবেশে ডিক্রাজ্য ...ম করিবে না, মাদ্রাজ মিউনিসিপাল ...চনেও তাহার ডিক্রিতে প্রতিদ্বন্দ্বিতা হইবে, ...ত ব্যবসায়ীরা যাহাতে অন্যদের সংখ্যাধিক্য ...করিতে না পারে তাহার জন্য আপ্রাণ চেষ্টা করিতেছে।

কমিশনের রিপোর্ট বাহির হইবার পরিবর্তে কুল ডিক্রিতের সৃষ্টি ...ছে এবং বহু সংশোধনী প্রস্তাব উত্থাপিত ...ছে। সার্বজনিক অভিযোগ করিয়াছেন যে ...ারতের কমিশনার দিবার জন্য প্রায় ১০২ কোটি ...র প্রয়োজন হইবে,—কিন্তু কি উপায়ে ঐ অর্থ ...হ করা হইবে তাহা তিনি ব্যক্ত করেন নাই। ...ত প্রকাশ করিয়াছেন যে ঐ দিনে অনেক ...ষ্টি হইয়াছে এবং কংগ্রেসের উদ্যোগ কর্তৃপক্ষকে ...ত করিবার উদ্দেশ্যেই বর্তমান কিস্তীর দাবী প্রত্যাহার করা হইয়াছে। তিনি এই প্রসঙ্গে কংগ্রেসের ...তন কর্তৃপক্ষের দায়িত্বের ব্যাপারে অবশ্য হস্তক্ষেপ ...করিবার আগে কমিশনের রিপোর্ট বেরুবার সম্ভাবনা ...থাকার কথা বলিয়া মত প্রকাশ করেন।

ব্রিটিশ যে কি কুবাবেছে তাহার সাম্প্রতিক মারাত্মক পরিবর্তন কালে প্রত্যেক প্রদেশকে স্বাধীনতা দইবার জন্য "বহু উৎসাহ" সরবরাহ করিবার ব্যবস্থা করিয়া দুনিয়ার প্রয়োজনীয়তার উপর জোর দেন। তিনি ভারতের বাস্তব পরিস্থিতি সম্পর্কে আলোচনা প্রসঙ্গে বলেন যে, বর্তমানে যাহাতে অন্য অপেক্ষা অধিকতর উৎপাদনের দিকে মন দেওয়াই সকলের পক্ষে উচিত। উহার জন্যেই এবং যুক্তপ্রদেশ ও বিহার ইত্যাদি প্রদেশে যে ব্যাপক বন্যা হইয়াছে তাহাতে ভারতের খাদ্যশস্য উৎপাদনের ক্ষতির ইহাতে। সেই হিসাবে ব্রিটিশ কুবাবাজার উদ্যোগের গুরুত্ব বৃদ্ধি পাইয়াছে। এই প্রসঙ্গে অনেকেই এখন মনে করেন যে, ১৯৩৬ হইতে ১৯৪১ সাল পর্যন্ত ভারত সরকার খাদ্য বৃদ্ধি করিবার জন্য যে আন্দোলন করিয়াছেন, তাহা মোটেই সাফল্য-মণ্ডিত হয় নাই এবং প্রচুর অর্থ অপব্যয় করিয়াছে।

করাচী

হিজার মুহূর্তে শোকদল পাকিস্থান—ভারত-পাকিস্থান সঙ্কটে পাকিস্থানের বিপদ—বিদেশী বণিকদের পাকিস্থান-পুষ্টনের চেষ্টা—পাকিস্থানের আত্মরক্ষার সোদরোগ।

(নিজস্ব সংবাদদাতা প্রেরিত)

করাচী, ১২ই সেপ্টেম্বর,—ভি জিলার মুহূর্তে পাকিস্থানে শোকদল। তাহারা ভারতীয় কমিশনের মুক্তি-বিবৃতি প্রত্যাখ্যান, কারণ সরকারের ব্যবস্থাবাদ আন্দোলনের সিদ্ধান্ত ইত্যাদিতে এখানে বিশেষ উদ্বেগের সৃষ্টি হইয়াছে। যে সকল মুসলমান দেশ বিভাগ চাহিলেই এবং পাকিস্থান লাভ করিলেই তাদের সুখ ও শান্তির সাক্ষাৎ পাইবে বলিয়া ভাবিয়াছিল, তাহারা এখন এক বৎসরের ঘটনার অনেকটা বিভ্রান্তে হইয়া পড়িয়াছে।

তাহাড়া কাশ্মীর প্রশ্ন লইয়া যদি ভারত-পাকিস্থান বিরোধ চরমে উঠে, দুই কমিশনের মধ্যে যদি দুষ্টনৈতিক সম্পর্কে বিচ্ছিন্ন হইয়া যায়, তবে পাকিস্থানের পক্ষে অস্ত্রবিধে না হইলেও অর্থনৈতিক দিকে যে প্রবল ধাক্কাটা সামলাইতে হইবে ইহা পাকিস্থানের ব্যবসায়ীদের আর বুঝিতে বাকী নাই। —পাকিস্থানের বার্ষিক আমদানী চারিশ ৭ শত টন। তাহার মধ্যে ভারত সরকার ভাবে আসেদুই তৃতীয়াংশ। উপরন্তু পাকিস্থান শুধু চিনি, লৌহ, ইস্পাত, কয়লা ইত্যাদির জন্য ভারতের উপর একান্ত নির্ভরশীল। তাহাড়া পাকিস্থান হইতে ভারত যাহাতে পাইতে পারে বলিয়া যারা আশা করা গিয়াছিল, তাহাও অনেকটা মিথ্যা প্রমাণিত হইয়াছে। পাকিস্থানে এখন বিদেশ যাতায়াত, ভারতের যাতায়ত সরকার আমার অবস্থা তাহার নাই। কাজেই পাকিস্থানের সঙ্গে সম্পর্কচ্ছেদ করিবার ফলে ভারত সরকারের যে-পরিমাণ ক্ষতি হইবে তাহার তুলনায় পাকিস্থানের ক্ষতি হইবে অনেক বেশী।

বিদেশী বণিক ও মুসলমান দ্বারা পাকিস্থানের শিল্প সম্প্রসারণের যে স্বপ্ন-পাকিস্থানীরা দেখিয়াছিল তাহা অনেক সুবিধাজনক সর্তে বিদেশী ব্যবসায়ীদের পাকিস্থানে আমার করিয়াছিল, কিন্তু তাহাতে উপযুক্ত সাড়া পাওয়া যায় নাই। সম্প্রতি মিষ্টার ইস্পের রাজধানে করেন ট্রেড কমিশনার যে বিবৃতি প্রকাশ করিয়াছেন তাহাতে বলা হইয়াছে, "বিদেশী ব্যবসায়ীদের সাহায্যের জন্য ভারতের তুলনায় পাকিস্থানের আগ্রহ বেশী।"

কিন্তু তাহা সত্ত্বেও পাকিস্থানে মূলধন বিনিয়োগ করিতে মুসলমান ব্যবসায়ীদের মধ্যে কোন উৎসাহ দেখা যাইতেছে না। মোট কথা পাকিস্থান যতই আমদানী করুক না কেন, বিদেশী ব্যবসায়ীরা যদি অবাধভাবে বিনা সর্তে পাকিস্থানে ব্যবসা করিতে না পারে, তবে তাহারা পাকিস্থানে ব্যবসা করিতে সহজ হইবে না। কিন্তু যাবতীয় পাকিস্থান কি তাহার ঠাঁচা মাল ও মূলধন সমেত ভবিষ্যৎ নিয়ন্ত্রণে বিদেশীদের হাতে তুলিয়া দিতে পারে? তাহাই আজ পাকিস্থানের পক্ষে সমস্যা। যদি ভারতের সঙ্গে প্রতিযোগিতা করিয়া উহাকে পাকিস্থানের প্রাকৃতিক সম্পদ বিদেশীদের হাতে তুলিয়া যায় তবে পাকিস্থানের অর্থনীতিকে কি তাহা রক্ষা করিতে পারিবে? দুই বছর বৎসরের পরাধীনতার পর পাকিস্থান কি আবার বিদেশী বণিকদের অর্থনৈতিক দাসত্ব বরণ করিয়া লইবে? পাকিস্থানের কর্তারা কিভাবে এই সমস্যা সমাধান করেন, তাহা বিশেষভাবে লক্ষ্য করিবার বিষয়।

পূর্ব বঙ্গের প্রধান মন্ত্রী খাজা নাজিমুদ্দীন পাকিস্থানের গভর্ণর জেনারেল হইয়াছেন বলিয়া বাঙালী মুসলমানদের মনে পূর্বের সম্মান হইয়াছে মনে হয়। কারণ তাহারা এতদিন তাঁহাকে পাঞ্জাব পাকিস্থানের প্রস্তাবে নিজেদের বড়ই হীন মনে করিয়া আসিতেছিল। জিন্নার মৃত্যুতে নাজিমুদ্দীন সাহেবকে গভর্ণর জেনারেল করিবার মূলেও পূর্ববঙ্গকে আঘাত করিবার চেষ্টা রহিয়াছে বলিয়া অনেকে মনে করেন: তাহাড়া পূর্ব বঙ্গের বাঙালী মুসলমানদের পশ্চিম পাকিস্থানের শরিক "অধস্তন" হইয়া উঠিতে পারিতেছিলেন না এবং যে কোন সূত্র ধরিয়া পূর্ব বঙ্গে ব্যাপক বিক্ষোভ দেখা গিয়াছে,—এই বিক্ষোভ ভবিষ্যতে ব্যাপকভাবে দেখা দিবার আশঙ্কা রহিয়াছে বলিয়া পাকিস্থানের কর্তারা (অধিকাংশই পশ্চিম পাকিস্থানের মনে করেন)।

পূর্বঙ্গ ছাড়াও উত্তর পশ্চিম সীমান্ত প্রদেশে খান ভাইদের যে প্রতিপত্তি ও প্রভাব রহিয়াছে এবং পাঠানিস্থানের জন্য পাঠানদের দাবী যেভাবে প্রবলভর হইয়া উঠিতেছে, তাহাতে পাকিস্থানের সমস্যা আরও জটিল হইয়া পড়িতেছে। যিঃ জিন্না যখন বাঁচিয়াছিলেন, তখন ঐসব সমস্যার সমাধান করিতে না পারিয়া নিজের ব্যক্তিত্বের জোরে ঐসব আঞ্চলিকতার সাধারণ তিনি সমস্যা সমাধানের চেষ্টা করিয়াছিলেন। কিন্তু সেই শক্তি যদি কি জিন্নার অনুবর্তীরা বর্তমানে প্রবল করিতে উদ্যত হন, তবে পাকিস্থানের বিদেশের বেড়াই ঠেকাইয়া রাখিতে পারিবে না। দেখা যাক পাকিস্থানের নেতারা অবস্থানুযায়ী কাজ করিতে সমর্থ হন কিনা। এ ব্যাপারে তাঁহাদের সাফল্য অসাফল্যের উপরেই পাকিস্থানের ভাগ্য নির্ভর করিতেছে।

সঙ্কলন

কৃষিমন্ত্রী সম্মেলনে উৎপাদন বৃদ্ধির বিবিধ সুপারিশ

ভারতের কৃষিমন্ত্রী শ্রীকৃষ্ণবল্লভ দৌলতরামের সভাপতিত্বে দোমবার কৃষিমন্ত্রী সম্মেলনের প্রথম অধিবেশন হয়। অধিবেশনে খাদ্য উৎপাদন বৃদ্ধি, সমবায় ঋণদান, নিয়ন্ত্রিত বেচাকেনা এবং কৃষিজাত দ্রব্যের নীতি সম্পর্কে বিভিন্ন রাষ্ট্রীয় কমিটির রিপোর্টের আলোচনা হয়। অধিবেশনে যে গুরুত্বপূর্ণ প্রস্তাব গৃহীত হয়: তাহা: (১) উৎপাদনের সর্বোচ্চ হার নির্দ্ধারণ এবং প্রাপ্তব্য খাজনার ও মহাজনের সহিত সামঞ্জস্য বিধান, অনেকটি প্রদেশে ও দেশীয় রাজ্যে অধিকতর উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদনের সর্বোচ্চ হার সংশোধন প্রভৃতির ভার কেন্দ্রীয় সরকারের গ্রহণ করিবার এবং ১৯৪৯ সালের মধ্যে কাজ শেষ করিবার সুপারিশ করা হয়। (২) কৃষিজমি খুব ক্ষুদ্র খণ্ডে বিভক্ত থাকায় উন্নত প্রণালীতে কৃষিকার্য্য এবং বৈজ্ঞানিক ব্যবস্থাদির পক্ষে সম্যক প্রয়োগের বিশেষ অসুবিধা হয় বলিয়া, অধিকতর যুক্তিসঙ্গত কৃষিকার্য্য অথবা খুব অধিকসংখ্যক লোকের যাহাতে কৃষিকার্য্য করিতে পারে তাহার ব্যবস্থা করিতে অনুরোধ করা হয়। (৩) খাদ্যসমস্যা বিভিন্ন ভারতের সমস্যা বলিয়া দেশীয়রাজ্য এবং রাজ্যসমূহের বিশেষ অনুসন্ধানের জন্য কেন্দ্রীয় সরকারকে বিশেষভাবে কর্ম্মচারী নিয়োগের জন্য অনুরোধ করা হয়। (৪) খাদ্য উৎপাদন পরিকল্পনার সাহায্যের জন্য বেসরকারী প্রতিষ্ঠান যথা—সমবায় সমিতি, পঞ্চায়েৎ এবং অন্যান্য গ্রাম উন্নয়ন প্রতিষ্ঠান স্থাপনের সুপারিশ করা হয়। (৫) কৃষি সংক্রান্ত তথ্যাদি সংগ্রহের ব্যবস্থার উন্নতি বিধানের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করা হয়। (৬) বিদেশী বীজ এবং মহাজনি সমবায়ের সুবিধার জন্য দেশীয় সম্পদসমূহের সম্যক ব্যবহারের সুপারিশ করা হয়। (৭) খাদ্য উৎপাদন পরিকল্পনার সমস্যা প্রথা প্রবর্ত্তনের অনুরোধ জানান হয়। (৮) খাদ্য উৎপাদনের মহাজনির বিশেষ অভাব থাকায়, প্রান্তর বাঁধ এবং মহাজনি প্রয়োজনানুসারে কৃষকের জন্য বিশেষ পরিকল্পনার সুপারিশ করা হয়। (৯) খাদ্য উৎপাদন বৃদ্ধি পরিকল্পনার ব্যয়ের অনুপাতে সর্ব্বাধিক ফলপ্রাপ্তির জন্য অনেকগুলি সুপারিশ করা হয়।

খাদ্যশস্য নিয়ন্ত্রণ সম্পর্কে সিদ্ধান্ত গৃহীত

বর্ত্তমান মাসের মধ্যভাগে দুই দিবসব্যাপী বিভিন্ন ভারত খাদ্য সম্মেলনের অধিবেশন শেষ হইয়াছে। খাদ্যশস্যের উপর পুনরায় বিধিনিষেধ তুলিয়া লওয়া, বেসরকারী অভ্যন্তরে খাদ্যশস্য সংগ্রহের মূল্য নির্দ্ধারণ এবং বেসরকারী এলাকায় সমবায়ের সম্পর্কে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে বলিয়া জানা গিয়াছে। ভারতের প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহরু সম্মেলনে সভাপতিত্ব করিবেন।

ভারতের বস্ত্র পরিস্থিতি

বেসরকারী বস্ত্রবণ্টন ব্যবস্থা সম্পর্কে আলোচনা এবং বস্ত্র উৎপাদন বিষয়ক আরও কার্য্যকরী করা সম্পর্কে পরিকল্পনা গ্রহণের জন্য বোম্বাইয়ে ২৭এ সেপ্টেম্বর ভারত সরকারের প্রাদেশিক শিল্প ও সরবরাহ পরিচালকের একটি সম্মেলন আহ্বান করিয়াছেন বলিয়া জানা গিয়াছে। উক্ত আদেশ অনুসারে বস্ত্র উৎপাদনের পরিমিত বিধান উদ্দেশ্যে ভারতবর্ষকে কয়টি অঞ্চলে বিভক্ত করা হইয়াছে:

ভারত সরকারের শিল্প ও সরবরাহসচিব ডাঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় সম্মেলনে সভাপতিত্ব করিবেন।

ভারতের পাট উৎপাদন

গত ১৫ই সেপ্টেম্বর ভারতের হটকলগুলির উহা লাভের জন্য পাকিস্তানের মুখাপেক্ষী হইয়া থাকিতে না চাহিলে ভারতেই পাট চাষ বাড়াইতে হইবে।—ইহাইলিভা ছুট এক বেসিয়ান এম্বেসের বার্ষিক সভায় সভাপতি এইচ, পি, খাবারিয়া সভাপতির অভিভাষণে এই কথা বলিয়াছেন।

বর্ত্তমানে পূর্ণ মূল্যের উপর আটআনার জন্য বিক্রয় করিতে হয় বলিয়া তাহারা ইহাদের চড়া মূল্য ধার্য্য করিতেছে। কুইন আগে যেখানে প্রতি বেল পাটের দাম ছিল পঁয়ত্রিশ টাকা সেখানে এখন প্রতি বেল পাটের দাম কিনে হয় ছাব্বিশ টাকা। তাছাড়া ছাইয়ার করিয়া শুল্ক দিতে হয় বলিয়া বিদেশীরা তাহার হইতে না কিনিয়া পূর্ব্ব পাকিস্তান হইতেই পাট কিনিতেছে। ইহাতে কলিকাতার পাটের বেল বাঁধার কাজ শীঘ্রই বন্ধ হইয়া যাওয়ার সম্ভাবনা আছে।

ভারতীয় পার্লিমেণ্ট অধিবেশন অনির্দ্দিষ্ট কালের জন্য মুলতবী

৭ই সেপ্টেম্বর অর্থসচিব শ্রীযুক্ত কে, সি, নিয়োগীর সাধারণতঃ আইন বিল গৃহীত হইবার পর ভারতীয় পার্লিমেণ্টের অধিবেশন অনির্দ্দিষ্টকালের জন্য স্থগিত রাখা হয়। অর্থসচিব কর্তৃক উত্থাপিত আমদানী ব্যবস্থার প্রত্যাবর্ত্ত ও খনি রেকর্ড বিল বিলেষ কমিটিতে পাঠান হয়।

স্বাধীন ভারতের প্রথম সাধারণ নির্ব্বাচন

স্বাধীন ভারতের প্রথম সাধারণ নির্ব্বাচনে প্রাথমিক ভোটার তালিকা প্রণয়নের উদ্দেশ্যে কলিকাতার ১৭ই সেপ্টেম্বর হইতে খসড়া তালিকা হওয়ার সম্ভাবনা আছে।

নয়াদিল্লীতে বৃহৎ ব্যবসায়ী সম্মেলন

ভারত শ্রেণী বিভাগ ও উহার উন্নয়ন পরিকল্পনা সম্পর্কে আলোচনা করিবার জন্য আগামী ২৪এ সেপ্টেম্বর তারিখে নয়াদিল্লীতে প্রাদেশিক ও দেশীয়রাজ্য সমূহের এবং বৃহৎ ব্যবসায়ীদের প্রতিনিধিদের এক সম্মেলন হইবে। কেন্দ্রীয় কৃষিসচিব ব্যবসায় শ্রীজয়রামদাস দৌলতরাম ঐ সম্মেলন উদ্বোধন করিবেন।

ভারত সরকারের কৃষিজাত দ্রব্যের রপ্তানি-বিক্রয় উপলক্ষে ঐ পরিকল্পনা প্রস্তুত করেন। উহা বর্ত্তমান ১৯৪৯ সাল হইতে চালু হয়। ঐ পরিকল্পনা অনুসারে খুব পরীক্ষা করিয়া উহার দোষ্টী বিচার করা হয়। প্রতি বৎসর আনুমানিক ৫ কোটি টাকা মূল্যের প্রায় আড়াই লক্ষ মণ খুব বিভিন্ন শ্রেণীতে ভাগ করা হয় তুলার শ্রেণী বিভাগ ও বিক্রয়ের জন্য ৩৫-উৎপাদক ব্যবসায়ীদের সমবায় সমিতি গঠন, তুলার তেজ বৃদ্ধির সহজ উপায় প্রভৃতি আরও কয়েকটি বিষয় ঐ সম্মেলনে আলোচনা করা হইবে। যে সব অঞ্চলে অধিক পরিমাণে তুলা উৎপাদিত হয় সেই সব অঞ্চলে ঐ পরিকল্পনার প্রচলন এবং যে সব অঞ্চলে ঐ পরিকল্পনা চালু করা হইয়াছে সেই সব অঞ্চলে তুলার শ্রেণী বিভাগ ব্যবস্থার প্রসার প্রভৃতি বিষয়েও ঐ সম্মেলনে আলোচনা হইবে।

ভারতে স্বাস্থ্যবীমা কর্পোরেশন গঠনের কথা

ইংল্যাণ্ডের বেভান ইণ্ডিয়ানদের বিরোধীতা যেন রোধ করিয়া বলেন যে, স্বাস্থ্যবীমা পরিকল্পনা পরিচালনার জন্য শীঘ্রই একটি কর্পোরেশন গঠন হইবে।

ডাঃ কাটিয়াল বলেন, ভারতের স্বাস্থ্যবীমাসূত্রে ২০ লক্ষ শ্রমিক এই পরিকল্পনার উপকৃত হইবে। পার্লামেণ্টে আইন এসম্বন্ধীয় পাশ হইয়াছে। বেসের প্রত্যেক মালিকের উপকারের জন্য শেষ পর্য্যন্ত আইনের সুযোগসুবিধা প্রসারিত করা যাইবে।

শ্রমিক ও মূলধন বিরোধই অংশ

"শ্রমিক ও মূলধন এই দুইটিকে আমরা পিতৃ অধিকের অংশ বলিয়া মনে করি। তাঁহারা যদি নিজেদের সমস্যা নিজেরা মিটাইয়া না লইতে পারে তাহা হইলে রাষ্ট্র হইয়া সরকারকে হস্তক্ষেপ করিতে হইবে এবং নিজেদের সিদ্ধান্ত চাপাইয়া দিতে হইবে।

সম্প্রতি ভারতসমূহের অধিবেশনে এক সভা বক্তৃতা প্রসঙ্গে ভারত সরকারের শ্রমমন্ত্রী শ্রীজগজীবন রাম উপরিউক্ত মন্তব্য করেন। তিনি ওয়ারকাস ইউনিয়নের প্রেসিডেন্ট মিঃ বাইকে অনতিকাল সভাপতিত্ব করেন। শ্রমিকদের উদ্দেশ করিয়া শ্রমমন্ত্রী বলেন যে, দেশের অর্থনৈতিক উন্নতির জন্য তাহাদের যে বাধিক রহিয়াছে সে সম্পর্কে তাহাদের সচেতন থাকিতে হইবে। বর্ত্তমানে ধর্মঘটকারীদের বেতনের মেয়াদে মেলে যাওয়া ছাড়া তাহাদের অন্যান্য অভিযোগ পঞ্চায়েৎ উঠিয়া এবং তাহারা তাহার উদ্দেশ্যে শ্রমিকদের বিশ্বাস করি

আদায়ের দুর্গতি বাড়াইয়া তুলিয়াছে এবং রফতানি সরঞ্জামকে বেশ কড়ার চোট করিতেছে। যদি সাধারণ আইনে ধরচালান করা হয়, তাহা হইলে প্রতিকারে সর্বাপেক্ষা অধিকসময় লইয়া থাকে। তিনি প্রতিনিধিদের জানাইয়া দেন যে, সন্ত্রাসবাদ দমন সম্পর্কে সাধারণ ব্যবস্থা করার জন্য একটি স্থায়ী পরিকল্পনার কথা সরকার বিশেষভাবে চিন্তা করিতেছেন। প্রতিনিধিদের মনে রাখা উচিত যে, দেশের স্বার্থকে যাহা বিপন্ন করিতে চাহে, তাহা সরকারের কাম নহে, কারণ দেশের প্রত্যেকটি শিল্প সন্ত্রাসবাদের প্রতি বিদ্বেষপরায়ণ।

কেন্দ্রে ও প্রদেশের আয় বিলিবণ্টন ব্যবস্থা

ভারতের স্বয়ত্ত শাসনতন্ত্রে কেন্দ্র ও প্রদেশগুলির মধ্যে আয়ব্যয়ের বিলিবণ্টনের যে পরিকল্পনা আছে, কয়েকটি ব্যাপারে তাহার সংশোধনের অনুরোধ জানাইয়া গত শুক্রবার ১৭ই সেপ্টেম্বর পশ্চিম বঙ্গ ব্যবস্থা পরিষদের অধিবেশনে একটি প্রস্তাব গৃহীত হয়।

পশ্চিম বঙ্গের মন্ত্রিসচিব শ্রীযুক্ত নলিনীরঞ্জন সরকার প্রস্তাবটি পরিষদে উত্থাপন করেন। উক্ত প্রস্তাবে পরিষদ এই অভিমত ব্যক্ত করেন যে, কেন্দ্র হইতে রাজ্য বিভিন্ন করের আদায়কৃত প্রদেশসমূহের মধ্যে বণ্টন করিবার পদ্ধতি তাহাদের ইউনিয়নের প্রেসিডেন্টই যেন কয়েকটি সুনির্দিষ্ট নীতির ভিত্তিতে স্থির করেন। প্রস্তাবে আরও বলা হয় যে, প্রদেশগুলির আর্থিক ভার নির্ধারণ ব্যবস্থা ভারতীয় পার্লামেন্টের হাতের উপর নিরঙ্কুশভাবে অর্পিত হইতে মুক্ত করিতে হইবে এবং আয়কর হইতে প্রদেশগুলির অংশ প্রতি বৎসর কেন্দ্রের সর্বশেষ বাজেটের উপর নির্ভরশীল না করিয়া যাহাতে সুনিশ্চিতভাবে নির্ধারণ করিয়া দিতে হইবে।

প্রস্তাবে কেন্দ্র ও প্রদেশগুলির মধ্যে আয় বণ্টন পরিকল্পনার কয়েকটি পরিবর্তনের সুপারিশ করা হয়। তন্মধ্যে কর্পোরেশন কর ও কেরোসিন আয়করের নীট আয়করের অনূন ৫০ ভাগ এবং তামাকের উপর শুল্ক হইতে প্রাপ্ত নীট আয়ের অন্যূন পঞ্চাশ ৫০ ভাগ প্রদেশগুলিকে বিতরণ সুপারিশ করার।

